ذٰلِكَ الْكِتٰبُ لَا رَيْبَ فِيْهِ

"এই গ্রন্থে (কোনই) সন্দেহ নাই"

মূল আরবী ও উহার বাংলা উচ্চারণ ও তফছীরসহ

বঙ্গানুবাদ

কোর্‌আন শরীফ

২০শ পারা—আম্মান্ খালাক্বা

মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

কর্ত্তৃক

অনুবাদিত, সঙ্কলিত ও প্রকাশিত

৫নং হাজী লেন, কলিকাতা—১৪।

CC-O. In Public Domain Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

আত্ম-কথা

এছলামের মূলগ্রন্থ কোরআন শরীফের তেলায়ৎ ও উহার মর্ম্ম অবগত হওয়া প্রত্যেক মুছলমান নর-নারীর প্রতি এজন্য ফরজ যে, উহার শিক্ষাগ্রহণ ব্যতিরেকে মানব কখনই মানব-পদবাচ্য এবং খোদার করুণালাভের অধিকারী হইতে পারে না।

বঙ্গীয় মুছলমান জনসাধারণের মধ্যে কোরআনের শিক্ষাপ্রচারের আবশ্যকতা যে কতখানি, জাতি ও ধর্ম্মের নামে বিগলিতপ্রাণ সুধী সজ্জন ছাড়া তাহা বুঝতে চেষ্টা করেন আর কয়জন? দীনাতিদীন আমরা, অতি ক্ষুদ্র শক্তি লইয়া এহেন অসাধ্য-সাধনে অগ্রসর হইয়াছি—একমাত্র আল্লার করুণার প্রতি নির্ভরশীল হইয়া।

ইত্যাগ্রে কোরআনের দু-একখানি পূর্ণ-অপূর্ণ বঙ্গানুবাদ প্রকাশিত হইলেও দরিদ্র দেশ-বাসীর পক্ষে উহার ক্রয় বাস্তবিকই সহজসাধ্য নহে। তাহা ছাড়া বাংলায় আরবী কোরআনের "উচ্চারণ-বৈশিষ্ট্যের পরিচয়" আমাদের অনুবাদিত কোরআন ভিন্ন আর কোনটীতেই নাই;— ইহা আবহমানকালের যে একটী গুরু অভাবের পূরণ, একথা কে অস্বীকার করিবে?

হিন্দুস্থানের গণ্যমান্য মোহাদ্দেছ ও মোফাচ্ছেরগণের, বিশেষতঃ ভারতের সর্ব্বশ্রেষ্ঠ আলেম ও কামেল হজরত মওলানা হাজী হাফেজ ও কারী শাহ্ মোহাম্মদ আশরফ আলী থানবী এবং সামছোল ওলামা হাফেজ ডেপুটী নজীর আহ্মদ ছাহেবের উর্দ্দু তরজমার ভাব, মর্ম্ম ও ধারার এবং কুত্রাপি হজরত মওলানা শাহ রফীউদ্দিন ছাহেবের তরজমার সাহায্য গ্রহণ করা হইয়াছে।

মানুষের ভ্রম, ত্রুটী ও বিচ্যুতি অস্বাভাবিক নহে। অতএব কোন সূক্ষ্মদর্শী হৃদয়বান বিবেচক ভ্রাতার চক্ষে উচ্চারণ, অর্থ বা টীকায় কোনও কিছু ভুল, ত্রুটী বা বিচ্যুতি পরিদৃষ্ট হওয়ার সঙ্গে সঙ্গে অনুগ্রহপূর্ব্বক তাহা আমাদিগকে জানাইলে বিশেষ বাধিত ও সংশোধনের পক্ষে সচেষ্ট হইব। আমরা উচ্চারণ সম্বন্ধে সুহৃদবর্গের মূল্যবান অভিমতের দ্বারা উপকৃত হওয়ার একান্তই অভিলাষী।

মাদপুর,
পোঃ, সরিষা, ২৪-পরগণা

বিনীত—
মোহাম্মদ নকীব উদ্দীন খাঁ

PRINTED BY. ERSONS ART PRESS.
6 TANTI BAGAN LANE, CALCUTTA.

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

اَمَّنْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَاَنْزَلَ لَكُمْ مِّنَ السَّمَآءِ

আম্মান্ খালাক্বাছ্ ছামা-অ-তে অল্ আর্দ্বা অ আন্যালালাকুম্ মেনাছ্ ছামা—এ

অথবা কে আকাশ ও পৃথিবীকে সৃষ্টি করিয়াছেন এবং কে আকাশ হইতে তোমাদের উপর পানী বর্ষণ

مَآءً ۚ فَاَنْۢبَتْنَا بِهٖ حَدَآئِقَ ذَاتَ بَهْجَةٍ ۚ مَا كَانَ لَكُمْ

মা—আন্, ফা আম্বাৎনা- বেহী- হাদা—এক্বা জা-তা বাহ্জ্বাহ্। মা- কা-না লাকুম্

করিয়াছেন যদ্দারা আমি সুশোভিত উদ্যানসমূহ উৎপন্ন করিয়াছি? উহার বৃক্ষগুলি

اَنْ تُنْۢبِتُوْا شَجَرَهَا ۗ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ۗ بَلْ هُمْ قَوْمٌ

আন্ তোম্বেতূ শাজারাহা-। আ এলা-হোম্ মাআল্লাহ্? বাল্ হুম্ ক্বাওমুঁই

উৎপন্ন করিবার ক্ষমতা তোমাদের নাই। আল্লাহ্র সহিত কি অন্য উপাস্য আছে? বরং তাহারা এমন (নির্ব্বোধ) সম্প্রদায় যে,

يَّعْدِلُوْنَ ۞ اَمَّنْ جَعَلَ الْاَرْضَ قَرَارًا وَّجَعَلَ خِلٰلَهَآ اَنْهٰرًا وَّ

য়্যা'দেলূন্। আম্মান্ জ্বায়ালাল্ আর্দ্বা ক্বারারাঙ্ অ জ্বায়ালা খেলা-লাহা— আন্হা-রাঙ্

(অন্যায় ভাবে অন্যকে আল্লাহর) সমকক্ষ জ্ঞান করিতেছে। (১৭) অথবা কে পৃথিবীকে বাসস্থান করিয়াছেন এবং উহার মধ্যে নদীসমূহ প্রবাহিত করিয়াছেন

(১৭) এই আয়াত এবং ইহার পরবর্ত্তী কয়েকটী আয়াত দ্বারা প্রতিমা-পূজক ও অংশীবাদীদের বিরুদ্ধে আল্লাহ্ তায়ালা ইহাই প্রমাণ করিয়া দেখাইতেছেন যে, আমি-ই একমাত্র উপাস্য—আমি ব্যতীত আর কেহ উপাসনার উপযুক্ত নাই। ইহার প্রমাণ দিবার জন্য তিনি বিশ্বসৃষ্টিতে তাঁহার কতিপয় বিশিষ্ট গুণ ও বিরাট শক্তিনীচয়ের স্মরণ করাইয়া তাহাদিগকে জিজ্ঞাসা করিতেছেন—কাহার দ্বারা এগুলি সম্ভব? আরও তিনি মানবের অন্তরকে এমনই উপাদানে গঠিত করিয়াছেন যে, মানুষ যতই বিকৃত মতাবলম্বী হউক না কেন বা যতই প্রতিকূল অবস্থায় পতিত হউক, তাহার বিবেক বিশ্বের প্রকৃত স্রষ্টা আল্লাহ্কে স্বীকার করিতে বাধ্য। এই মর্ম্মে অন্যত্র ও ছুরা 'আন্কাবুতের' অত্র আয়াতে পরিষ্কার ভাষায় বর্ণিত হইয়াছে:—

ولئن سالتهم من خلق السموات والارض وسخر الشمس والقمر
ليقولن الله ولئن اسئلتهم من نزل من السماء ماء فاحيا به الارض
من بعد موتها ليقولن الله

অর্থাৎ তুমি যদি তাহাদিগকে জিজ্ঞাসা কর যে, এই বিরাট আকাশ, পৃথিবী, চন্দ্র ও সূর্য্যকে কে সৃষ্টি করিয়াছে তবে তাহারা নিশ্চয় বলিবে---আল্লাহ্ তায়ালাই করিয়াছেন এবং আরও যদি তুমি তাহাদিগকে জিজ্ঞাসা কর যে, আকাশ হইতে পানী বর্ষণ করিয়া কে এই মৃতবৎ পৃথিবীকে সঞ্জীবিত করিয়াছে তবে তাহারা নিশ্চয় বলিবে আল্লাহ্।' প্রথমতঃ আল্লাহ্ তায়ালা মানব প্রকৃতি একমাত্র তাঁহাকেই মানিতে বাধ্য ইহা বর্ণনা করিয়া বলিতেছেন যে, আকাশ ও পৃথিবী প্রভৃতির বিরাট সৃষ্টির সৃজন করিবার ক্ষমতা একমাত্র তাঁহারই আছে--অন্য কাহারও নাই। প্রমাণ দিবার দ্বারা তিনি এরূপে আনয়ণ করিয়াছেন যে, যিনি এরূপ বিরাট সৃষ্টির স্রষ্টা তিনিই একমাত্র উপাস্য---অন্য কেহ নহে। আল্লাহ্ তায়ালা ব্যতীত কাহারও যখন এরূপ শক্তি নাই কাজেই তিনি একমাত্র উপাস্য। যাহারা তাঁহাকে ছাড়িয়া অন্যের উপাসনা করে তাহারা নির্ব্বোধ ও পথভ্রষ্ট!

CC-O. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

جَعَلَ لَهَا رَوَاسِيَ وَجَعَلَ بَيْنَ الْبَحْرَيْنِ حَاجِزًا ط ءَإِلٰهٌ

অজ্বায়ালা লাহা- রাঅ-ছিয়া অজ্বায়ালা বায়্নাল্ বাহ্রায়নে হা-জেযা। আ এলা-হোম্

এবং উহার (স্থির থাকিবার) জন্য পর্ব্বতমালা সৃষ্টি করিয়াছেন (১৮) ও দুই (মিষ্ট ও লবণাক্ত) সমুদ্রের মধ্যস্থলে (পৃথক রাখিতে) অন্তরাল সৃষ্টি করিয়াছেন? (১৯) আল্লাহ্র সহিত

مَّعَ اللهِ ط بَلْ أَكْثَرُهُمْ لَا يَعْلَمُونَ ۝ أَمَّن يُّجِيبُ الْمُضْطَرَّ

মায়াল্লাহ্? বাল্ আক্সারোহুম্ লা- য়্যালামূন্। আম্মাই ইয়্যোজীবোল্ মোদ্তার্রা

কি অন্য উপাস্য আছে? বরং তাহাদের অধিকাংশের জ্ঞান নাই। অথবা কে দুঃখক্লিষ্টের প্রার্থনা গ্রহণ করে

إِذَا دَعَاهُ وَيَكْشِفُ السُّوٓءَ وَيَجْعَلُكُمْ خُلَفَاءَ الْأَرْضِ ط

এজা- দাআহো অ ইয়্যাক্শেফোছ্ ছূ—আ অ য়্যাজ্আলোকুম্ খোলাফা—আল্ আর্দ্ব।

যখন সে তাঁহাকে ডাকে এবং উহার বিপদ দূরীভূত করেন ও কে তোমাদিগকে পৃথীবীর (স্বীয়) প্রতিনিধি করেন? (২০)

ءَإِلٰهٌ مَّعَ اللهِ ط قَلِيلًا مَّا تَذَكَّرُونَ ۝ أَمَّن يَّهْدِيكُمْ

আ এলা-হোম্ মায়াল্লাহ্? ক্বালীলাম্ মা- তাজাক্কারূন্। আম্মাই য়্যাহ্দীকুম্

আল্লাহ্র সহিত কি অন্য উপাস্য আছে? তোমরা অতি অল্পই উপদেশ গ্রহণ কর! অথবা কে তোমাদিগকে

فِي ظُلُمَاتِ الْبَرِّ وَالْبَحْرِ وَمَن يُّرْسِلُ الرِّيَاحَ بُشْرًا

ফী জোলোমা-তেল্ বার্রে অল্ বাহ্রে অ মাই ইয়্যোর্ছেলোর্ রেয়্যা-হা বোশ্রাম্

স্থল ও সমুদ্রের অন্ধকারে পথ প্রদর্শন করেন এবং কে তাঁহার অনুগ্রহের পুরোভাগে সুসংবাদরূপে বায়ু

بَيْنَ يَدَيْ رَحْمَتِهِ ط ءَإِلٰهٌ مَّعَ اللهِ ط تَعٰلَى اللهُ عَمَّا

বায়্না ইয়্যাদায়্ রাহ্মাতেহ্। আ এলা-হোম্ মায়াল্লাহ্? তায়ালাল্লা-হো আম্মা-

সঞ্চারণ করেন? (২১) আল্লাহ্র সহিত কি অন্য উপাস্য আছে? তাহারা যে অংশী স্থাপন করিতেছে তাহা হইতে

---

(১৮) চতুর্দ্দশ পারা, ছুরা হাজরের দ্বিতীয় রুকু দ্রষ্টব্য।

(১৯) উনবিংশ পারা, ছুরা ফোরক্বানের ত্রয়োদশ টীকা দেখুন।—

(২০) 'খোলাফা' খলিফা শব্দের বহুবচন। উহার দুই প্রকার অর্থ হইতে পারে—প্রতিনিধি স্থলাভিষিক্ত। এখানে الي جاعل فى الارض خليفة এই আয়তের মর্ম্মানুযায়ী প্রতিনিধিও অর্থ গ্রহণ করা হইয়াছে। পবিত্র কোরআনের উক্ত আয়তে প্রতিনিধি অর্থ গ্রহণ করার কারণ সুস্পষ্ট। আর যদি অনুবাদে খলিফা শব্দের অর্থ স্থলাভাষিক্ত গ্রহণ করা হয় তবে আলোচ্য আয়তের অর্থ হইবে—'কে তেমাদিগকে পৃথিবীর স্থলাভিষিক্ত করে?'

(২১) উনবিংশ পারা, ছুরা ফোরক্বানের ত্রয়োদশ টীকা দ্রষ্টব্য।

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يُشْرِكُوْنَ ۝ اَمَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَمَنْ يَّرْزُقُكُمْ

ইয়োশ্‌রেকূন্। আম্মাই য়্যাব্‌দাওল্ খাল্‌কা ছুম্মা ইয়োঈদোহূ অ মাঁই য়্যার্‌যোকোকুম্

আল্লাহ্ বহু উর্দ্ধে! অথবা কে সৃষ্টিকে প্রথমে সৃজন করিয়া আবার উহাকে দ্বিতীয় বার গঠন করিবেন (২২) এবং কে তোমাদিগকে

مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قُلْ هَاتُوْا

মেনাছ্ ছামা—এ অল্ আর্‌দ্ব। আ এলা-হোম্ মায়াল্লাহ্? কোল্ হা-তূ

আকাশ ও পৃথিবী হইতে আহার্য্য দেন? আল্লাহ্‌র সহিত কি অন্য উপাস্য আছে? (হে নবী!) বল—

بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۝ قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِى السَّمٰوٰتِ

বোর্‌হা-নাকুম্ ইন্ কোন্‌তুম্ ছা-দেক্বীন্। কোল্ লা- য়্যালামো মান্ ফিছ্ ছামা-অ-তে

তোমরা যদি সত্যবাদী হও প্রমাণ আনয়ণ কর। বল—আল্লাহ্ ব্যতীত আকাশ ও পৃথিবীর গোপনীয় বস্তু

وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ ؕ وَمَا يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ۝

অল্ আর্‌দ্বেল্ গায়্‌বা ইলাল্লাহ্। অমা- য়্যাশ্‌ওরূনা আইয়্যানা ইয়োব্‌আসূন্।

আর কেহ জনে না। কখন তাহারা পুনরুত্থিত হইবে তাহাও তাহারা অবগত নহে।

بَلِ ادّٰرَكَ عِلْمُهُمْ فِى الْاٰخِرَةِ ۚ بَلْ هُمْ فِىْ شَكٍّ مِّنْهَا ۚ بَلْ هُمْ

বালেদ্দা-রাকা এল্‌মোহুম্ ফিল্ আ-খেরাতে, বাল্ হুম্ ফী শাক্‌কেম্ মেন্‌হা-, বাল্ হুম্

বরং পরকালের ব্যাপারে তাহাদের জ্ঞান নিঃশেষ হইয়াছে অথবা উহাতে তাহারা সন্দিহান অথবা তাহারা উক্ত বিষয়ে (জ্ঞাতসারে) অন্ধ! (২৩)

(২২) এই আয়তে আল্লাহ্ তায়ালা পরকাল অবিশ্বাসীদের শিক্ষার জন্য উদাহরণ স্বরূপ একই জাতীয় বস্তুর বার বার জন্মের উল্লেখ করিয়াছেন। প্রকৃতপক্ষে যেমন ঋতুর পর ঋতু, বৎসরের পর বৎসর আসে; কালের গতিরোধ হয় না তদ্রূপ উদ্ভিদ্ ও প্রাণী জগতে বার বার উহাদের উৎপত্তি বা জন্ম হইয়া থাকে—জন্মের গতিরোধ হয় না। আমরা ইহা পার্থিব জগতে প্রত্যক্ষ করিয়া থাকি। তথাপি আমরা জন্ম-রহস্য উদ্‌ঘাটন করিতে পারি না। এরূপ জন্মদাতা ও স্রষ্টার পক্ষে 'কেয়ামতে' পুনর্জ্জীবিত করা আদৌ অস্বীকার করা যায় না।

আলোচ্য আয়তে আরও বুঝিতে পারা যায় যে, যে মহান্ আল্লাহ্ এই বিরাট সৃষ্টিকে বিনা নমুনায় প্রথমবার সৃষ্টি করিতে আনায়াসে সক্ষম, তিনি আবার এই সৃষ্টিকে পুনর্জ্জীবিত করিতেও সক্ষম।

(২৩) কেয়ামত সম্পর্কে এখানে দুইটি বিষয় প্রণিধানযোগ্য; প্রথম—কেয়ামত সংঘটিত হওয়া, দ্বিতীয় উহার সময়। কখন উহা সংঘটিত হইবে সে বিষয়ে আল্লাহ্ তায়ালা বলেন—কোন্ সময়ে কেয়ামত সংঘটিত হইবে তাহা আমি কোন মানুষ এমন কি আমার নবীগণ বা ফেরেশ্‌তাদেরও জানাই নাই। অর্থাৎ কেয়ামতের সময় অজ্ঞেয়—আল্লাহ্ তায়ালা ব্যতীত উহা অন্য কেহ জানেনা। কারণ উহা অদৃশ্য বস্তুর ন্যায় যাহার সম্বন্ধে আল্লাহ্ ব্যতীত আর কাহারও জ্ঞান নাই।

কেয়ামত সংঘটিত হওয়া অবশ্যম্ভাবী; এসম্বন্ধে পবিত্র কোরআনের বহু স্থানে উল্লেখ হইয়াছে। তথাপি উহা এখনও সংঘটিত হয় নাই বা কোন্ সময় হইবে তাহাও নির্দ্ধারিত হয় নাই; এই কারণে

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مِّنْهَا عَمُوْنَ ۞ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا ءَاِذَا كُنَّا تُرَابًا

মেন্‌হা- আমূন্। ৯ অ ক্বা-লাল্‌লাজীনা কাফারূ— আএজা কোন্না তোরা-বাঙ্

আর (সবিস্ময়ে) ধর্ম্মদ্রোহিগণ বলিল—আমরা ও আমাদের পিতৃপিতামহ (মরিয়া) মৃত্তিকায় পরিণত হইয়া গেলেও কি

৫ ১—৫ রুকু

وَّاٰبَآؤُنَآ اَئِنَّا لَمُخْرَجُوْنَ ۝ لَقَدْ وُعِدْنَا هٰذَا نَحْنُ

অ আ-বা—ওনা— আ এন্না- লামোখ্‌রাজূন্? লাক্বাদ্ ওয়েদ্‌না- হা-জা- নাহ্‌নো

পুনরায় আমাদিগকে (মৃত্তিকা হইতে) বহির্গত করা হইবে? প্রথম হইতেই আমাদের ও আমাদের পিতৃপিতামহের

وَاٰبَآؤُنَا مِنْ قَبْلُ ۙ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ۝

অ আ-বা—ওনা- মেন্ ক্বাব্‌লো, ইন্ হা-জা— ইল্লা— আছাতীরুল্ আও্‌অলীন্।

সহিত অনুরূপ অঙ্গীকার করিয়া আসা হইতেছে, ইহা ত পুরাকালের কাহিনী!

قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ۝ وَلَا

ক্বোল্ ছীরূ ফিল্ আর্‌দ্বে ফান্‌জোরূ কায়্‌ফা কা-না আ-ক্বেবাতুল্ মোজ্‌যেমীন্। অলা-

(অতএব হে নবী!) বল—তোমরা পৃথিবীতে ভ্রমণ করিয়া লক্ষ্য কর যে, পাপীদের পরিণাম ফল কিরূপ হইয়াছিল। (২৪)

تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُنْ فِىْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ ۝ وَيَقُوْلُوْنَ

তাহ্‌যান্ আলায়্‌হিম্ অলা- তাকুন্ ফী দ্বায়্‌ক্বেম্ মেম্মা- য়্যাম্‌কোরূন্। অ য়্যাক্বূলূনা

আর তুমি তাহাদের (অবস্থার) জন্য বিষণ্ণ হইও না বরং তাহাদের ষড়যন্ত্রে মনোক্ষুণ্ণ হইও না। আরও তাহারা বলে—

বহু লোক ইহা অস্বীকার করিয়া থাকে বা অনেকে সন্দেহ করে কেহবা আংশিক স্বীকার ও বিশ্বাস করে যাহারা অস্বীকার করে তাহারা কেয়ামত হওয়া সম্বন্ধে সম্পূর্ণ অবিশ্বাসী। যাহারা সন্দিগ্ধচিত্ত তাহারা মনে করে, হইতেও পারে; কিন্তু এখনও ইহার সঠিক সংবাদ আসে নাই—বোধ হয় আসিবেও না কাজেই উহা সন্দেহের বিষয়। আর যাহারা কেয়ামতে পূর্ণ বিশ্বাসী হইয়াও উহার প্রতি আংশিক অস্বীকার করে তাহারা স্থিরবিশ্বাসী নহে—পূর্ব্বপুরুষদের মত কপটাচারী! আলোচ্য আয়তে এই তিন প্রকার লোকের ইঙ্গিত আছে।

(২৪) হজরত নবী করিম (দঃ) পরকালের ভয়াবহ শাস্তি ব্যতীত তৎকালীন কাফেরগণকে পার্থিব শক্তির ভয়ও প্রদর্শন করিতেন। তিনি বলিতেন, তোমরা যদি অত্যাচারী মুসলমানদের সহিত অযথা যুদ্ধবিগ্রহে অগ্রসর হও তাহা হইলে তোমাদিগকে পরাজয় বরণ করিতে হইবে এবং দুর্ভিক্ষ ইত্যাদি পার্থিব বিপদে পতিত হইতে হইবে। هٰذَا الْوَعْدُ দ্বারা এই কথাই সূচীত হয়। প্রকৃতপক্ষে, তৎকালের অসত্যাচারী কাফেরগণ অনুরূপ পার্থিব বিপদে বিপন্ন হইয়াছিল।

CC-O. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○ قُلْ عَسٰٓى اَنْ يَّكُوْنَ رَدِفَ

মাতা- হাজা-ল্‌ অ'দো ইন্‌ কোন্তুম্‌ ছা-দেক্বীন্‌। ক্বোল্‌ আছা—আঁই য়্যাকূনা রাদেফা

যদি তোমারা সত্যবাদী হও (তবে বল) এই অঙ্গীকার কবে পূর্ণ হইবে ? বল—যাহার জন্য তোমরা

لَكُمْ بَعْضُ الَّذِىْ تَسْتَعْجِلُوْنَ ○ وَاِنَّ رَبَّكَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ

লাকুম্‌ বা'দ্বোল্‌ লাজী তাছ্‌তা'জ্বেলূন্‌। অ ইন্না রাব্বাকা লাজু ফাদ্‌লেন্‌ আলান্না-ছে

ব্যস্ততা প্রকাশ করিতেছ তাহার কিছু অংশ তোমাদের পশ্চাতেই বিদ্যমান রহিয়াছে। আর নিশ্চয় তোমার প্রতিপালক মানবের প্রতি অতি দয়ালু

وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ○ وَاِنَّ رَبَّكَ لَيَعْلَمُ مَا

অলা-কেন্না আক্‌সারাহুম্‌ লা- য়্যাশ্‌কোরূন্‌। অইন্না রাব্বাকা লায়্যালামো মা-

কিন্তু তাহাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না। আর নিশ্চয় তোমার প্রতিপালক অবশ্য জ্ঞাত আছেন

تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ○ وَمَا مِنْ غَآئِبَةٍ فِى السَّمَآءِ

তোকেন্নো ছোদূরোহুম্‌ অমা- ইয়্যোলেনূন্‌। অমা- মেন্‌ গ্বা—এবাতেন্‌ ফিছ্‌ছামা—এ

যাহা তাহাদের অন্তরে গুপ্ত আছে ও যাহা তাহারা প্রকাশ্যে করিয়া থাকে। আকাশ ও পৃথিবীতে এমন কোন গুপ্ত নাই

وَالْاَرْضِ اِلَّا فِىْ كِتٰبٍ مُّبِيْنٍ ○ اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَقُصُّ

অল্‌ আর্‌দ্বে ইল্লা ফী কেতা-বেম্‌ মোবীন্‌। ইন্না হা-জা-ল্‌ কোর্‌আ-না য়্যাকোছ্‌ছো

যাহা স্পষ্ট কেতাবে ('লওহ মাহফুজে') নাই। (২৫-২৬)। নিশ্চয় এই কোরআন বানী ইছ্‌রাইলদের

(২৫-২৬) كتاب مبين শব্দদ্বয়ের একই প্রতি শব্দে এস্থলে উহাদের যথাযথ মর্ম্ম প্রকাশ করা সুকঠিন। সুতরাং বাধ্য হইয়া 'স্পষ্ট কেতাব' অর্থ গ্রহণ করা হইয়াছে। 'স্পষ্ট মোটা অক্ষরে লিখিত' অর্থও হইতে পারে। পবিত্র কোরাআনের বহু স্থানে উক্ত শব্দদ্বয় পরিদৃষ্ট হয়। এবং مبين শব্দ (উহ্য শব্দ) لوح محفوظ -এর বিশেষণ এবং ঐ মর্ম্মই গ্রহণ করা হইয়াছে। অন্যান্য স্থানে শব্দ قرآن শব্দের বিশেষণ।

উপায়ে যে অর্থ গ্রহণ করা হইয়াছে তাহা স্পষ্ট ও সাধারণের বোধগম্য। لوح محفوظ -এর গূঢ় মর্ম্ম এস্থলে 'খোদায়ী এল্‌ম্‌'। আর যদি উহার শাব্দিক অর্থ গ্রহণ করা হয় তবে উহার ব্যাখ্যা হইবে--- لوح محفوظ এমন একটী লিখিবার বোর্ড যাহাতে সমুহ বিষয় সুরক্ষিতভাবে লিখিত আছে এবং যাহাতে কেহ কোন প্রকার পরিবর্ত্তন বা পরিবর্দ্ধন করিতে পারে না---কাহারও অধিকারও নাই।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ اَكْثَرَ الَّذِيْ هُمْ فِيْهِ يَخْتَلِفُوْنَ ○ وَاِنَّهٗ

আলা- বানী— ইছ্‌রা—য়ীলা আক্‌সারাল্ লাজীহুম্ ফীহে- য়্যাখ্‌তালেফুন্। অ ইন্নাহু

অধিকাংশ ঘটনা বর্ণনা করে যাহাতে তাহারা মতবিরোধ করিয়া থাকে। নিশ্চয় উহা

لَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ○ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ

লাহোদাঙ্ অ রাহ্‌মাতোল্ লিল্ মো'মেনীন্। ইন্না রাব্বাকা ইয়্যাক্‌দ্বী বায়্‌নাহুম্

ধর্ম্মবিশ্বাসীদের জন্য পথপ্রদর্শক ও অনুগ্রহস্বরূপ। নিশ্চয় তোমার প্রতিপালক (কোরআন অবতীর্ণ করিয়া) স্বীয় আদেশে

بِحُكْمِهٖ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْعَلِيْمُ ۚ ○ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ۭ اِنَّكَ

বেহোক্‌মেহী-, অ হুঅল্ আযীযুল্ আলীমো, ফাতাঅক্‌কাল্ আলাল্লাহ্। ইন্নাকা

তাহাদের (মতবিরোধের) মীমাংসা করেন, তিনি পরাক্রমশালী জ্ঞাতা, অতএব তুমি আল্লাহ্‌র উপর নির্ভর কর। নিশ্চয় তুমি

عَلَى الْحَقِّ الْمُبِيْنِ ○ اِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى وَلَا تُسْمِعُ

আলাল্ হাক্‌কেল্ মোবীন্। ইন্নাকা লা- তোছ্‌মেওল্ মাওতা- অলা- তোছ্‌মেওছ্

স্পষ্ট সত্যের উপর আছ। নিশ্চয় তুমি মৃতদমূহকে শ্রবণ করাইতে অক্ষম এবং

الصُّمَّ الدُّعَآءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ○ وَمَآ اَنْتَ بِهٰدِ الْعُمْيِ

ছোম্মাদ্দোয়া— আ এজা- অল্লাও্ মোদ্‌বেরীন্। অমা—আন্তা বেহা-দেল্ ওম্‌য়্যে

বধিরকে আহ্বান শুনাইতে পার না (বিশেষতঃ) যখন তাহারা পৃষ্ঠপ্রদর্শন পূর্ব্বক পলায়ন করে। এবং তুমি অন্ধদিগকে তাহাদের

عَنْ ضَلٰلَتِهِمْ ۭ اِنْ تُسْمِعُ اِلَّا مَنْ يُّؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ

আন্ দ্বালা-লাতেহিম্। ইন্ তোছ্‌মেয়ো ইল্লা- মাঁই ইয়্যোমেনো বেআ-য়্যা-তেনা- ফাহুম্

ভ্রান্তিপথ হইতে সৎপথ প্রদর্শন করিতে পার না (২৭) তুমি তাহাদিগকে শ্রবণ করাইতে পার যাহারা আমার নিদর্শনসমূহের প্রতি দৃঢ়বিশ্বাসী যেহেতু তাহারা

مُّسْلِمُوْنَ ○ وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَآبَّةً

মোছ্‌লেমূন্। অএজা অক্বায়াল্ ক্বাওলো আলায়্‌হিম্ আখ্‌রাজ্‌না- লাহুম্ দা—ব্বাতাম্

মোছলমান। যখন তাহাদের প্রতি (কেয়ামতের) অঙ্গীকার পূর্ণ হইবে তখন আমি পৃথিবী হইতে বহির্গত করিব তাহাদের জন্য এক প্রাণী

(২৭) এস্থলে মৃত, বধির ও অন্ধ অর্থে ধর্ম্মদ্রোহী কাফেরগণকে বুঝাইতেছে। মৃত ও বধির ব্যক্তির যেরূপ শ্রবণশক্তি থাকেনা তাহাদের অবস্থাও তদ্রূপ। আরও তাহারা অন্ধের ন্যায় ছিল, অন্ধ যেরূপ কিছুই দেখিতে সক্ষম নহে তাহারাও তদ্রূপ সত্যপথ দেখিতে পাইত না। সুতরাং তাহারা সত্যপথে আসিবার পাত্র নয়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

ع ৬।২ রুকু

مِّنَ الْأَرْضِ تُكَلِّمُهُمْ ۙ أَنَّ النَّاسَ كَانُوا بِآيَاتِنَا لَا يُوقِنُونَ ۝ ع

মেনাল্‌ আর্‌দ্বে তোকাল্লেমোহুম্‌, আন্নান্না-ছা কা-নূ বেআ-য়্যা-তেনা- লা- ইউক্বেনূন্‌। ৫

সে বলিয়া দিবে---(অমুক অমুক) মানুষ আমার আয়াত সমূহের প্রতি বিশ্বাস স্থাপন করিত না। (২৮)

وَيَوْمَ نَحْشُرُ مِن كُلِّ أُمَّةٍ فَوْجًا مِّمَّن يُكَذِّبُ

অ য়্যাওমা নাহ্‌শোরো মেন্‌ কোল্লে ওম্মাতেন্‌ ফাওজ্বাম্‌ মেম্মাঁই ইয়্যোকাজ্‌জেবো

আর সেদিন আমি প্রত্যেক সম্প্রদায় হইতে দলে দলে একত্রিত করিব যাহারা আমার নিদর্শন সমূহকে

بِآيَاتِنَا فَهُمْ يُوزَعُونَ ۝ حَتَّىٰ إِذَا جَاءُوا قَالَ أَكَذَّبْتُم

বেআ-য়্যা-তেনা- ফাহুম্‌ ইউ্‌যাউন্‌। হাত্তা— এজা- জ্বা—উ ক্বা-লা আকাজ্‌জাব্‌তুম্‌

মিথ্যা জানিত অতঃপর তাহাদিগকে সারিবদ্ধভাবে দাঁড় করান হইবে (২৯)। এমন কি, যখন তাহারা (আল্লাহ্‌র সম্মুখে) উপস্থিত হইবে তখন তিনি বলিবেন--

بِآيَاتِي وَلَمْ تُحِيطُوا بِهَا عِلْمًا أَمَّاذَا كُنتُمْ تَعْمَلُونَ ۝

বে আ-য়্যা-তী অলাম্‌ তোহীত্‌ বেহা- এল্‌মান্‌ আম্মা- জা- কোন্‌তুম্‌ তা'মালূন্‌।

তোমরা অজ্ঞাতসারেই আমার নিদর্শনসমূহ মিথ্যা জানিয়াছিলে অথবা তোমরা কি করিতে?

وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِم بِمَا ظَلَمُوا فَهُمْ لَا يَنطِقُونَ ۝ أَلَمْ

অ অক্বায়াল্‌ ক্বাওলো আলায়্‌হিম্‌ বেমা- জালামূ ফাহুম্‌ লা- য়্যান্‌তেক্বূন্‌। আলাম্‌

আর তাহাদের কৃত পাপকার্য্যই তাহাদিগকে অপরাধী সব্যস্ত করিবে অতঃপর তাহারা কোন কথাই বলিতে পারিবে না।

يَرَوْا أَنَّا جَعَلْنَا اللَّيْلَ لِيَسْكُنُوا فِيهِ وَالنَّهَارَ مُبْصِرًا ۚ إِنَّ

য়্যারাও্‌ আন্না জ্বায়াল্‌নাল্‌ লায়্‌লা লেয়্যাছ্‌কোনূ ফীহে আন্না-হা-রা মোব্‌ছেরা-। ইন্না

তাহারা কি লক্ষ্য করে নাই যে, আমি রাত্রিকে বিশ্রামের জন্য এবং দিবাকে (উহার আলোকে) দেখিবার জন্য সৃজন করিয়াছি? নিশ্চয়

(২৮) কেয়ামতের নিদর্শনসমূহের অন্যতম নিদর্শন এই যে, মক্কাস্থিত 'ছাফা' পর্ব্বত হইতে 'দ্বাব্বাতুল্‌ আর্‌দ্ব'-নামীয় এক প্রাণীর উদ্ভব হইবে। উহার নিকট হজরত ছোলায়মান (আঃ-)-এর 'মোহর' ও হজরত মুছা (আঃ)-এর 'আছা' থাকিবে; এবং উহা এক বিশেষ চিহ্নদ্বারা মোছলমান ও কাফেরগণকে পৃথকরূপে চিহ্নিত করিয়া দিবে।

কেয়ামত সম্বন্ধে ইহা এরূপ ভবিষ্যদ্বাণী যে, উহা সংঘটিত হইবার পূর্ব্বে উহার সত্যতা রহস্যাবৃত। তথাপি একথা স্বীকার করিতে হইবে যে, সর্ব্বশক্তিমান আল্লাহ্‌ তায়ালার মহিমার নিকট কোনটাই বিচিত্র নয়। সুতরাং মোছলমানের কর্ত্তব্য সর্ব্বমহিমাময় আল্লাহ্‌র নির্দ্দেশকে অবনত মস্তকে মানিয়া লওয়া। কারণ---'আল্লার ভেদ আল্লাই জানেন'।

(২৯) উনবিংশ পারা, ছুরা নমলের দ্বিতীয় রুকু দ্রষ্টব্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ○ وَيَوْمَ يُنْفَخُ

ফী জা-লেকা লা-আ-য়্যা-তেল্ লেক্বাওমেঁই ইউ্মেনূন্। অ য়্যাওমা ইয়্যোন্ফাখো

ইহাতে (অবস্থার পরিবর্ত্তনে) ধর্ম্মবিশ্বাসীদের জন্য শিক্ষণীয় নিদর্শন আছে। এবং যেদিন সিঙ্গাতে ফুৎকার করা হইবে

فِي الصُّوْرِ فَفَزِعَ مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ اِلَّا مَنْ شَآءَ اللّٰهُ ط

ফিছ্ছূরে ফাফাযেয়া- মান্ ফিছ্ছামা-অ-তে অমান্ ফিল্ আর্দ্বে ইল্লা মান্ শা—আল্লাহ্।

সেদিন আকাশে (ফেরেশ্তা) ও পৃথিবীতে (মানব) যাহারা আছে সকলেই আতঙ্কিত হইবে কিন্তু আল্লাহ্ যাহাকে ইচ্ছা করিবেন (সে অবিচলিত থাকিবে)।

وَكُلٌّ اَتَوْهُ دَاخِرِيْنَ ○ وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً

অ কোল্লোন্ আতাওহো দা খেরীন্। অ তারাল্ জ্বেবা-লা তাহ্ছাবোহা- জা-মেদাতাঙ্

এবং সকলেই তাঁহার সমীপে নতভাবে উপস্থিত হইবে। আর (হে শ্রোতা!) তুমি পর্ব্বতসমূহ দেখিয়া মনে কর যে, উহারা (স্ব স্ব স্থানে) সুদৃঢ় স্থাপিত

وَّهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ط صُنْعَ اللّٰهِ الَّذِيْٓ اَتْقَنَ كُلَّ شَيْءٍ ط

অ হেয়্যা তামোর্রো-মর্রীছ্ ছাহা-ব্। ছোন্য়াল্লা-হেল্ লাজী— আৎক্বানা কোল্লা শায়্।

কিন্তু উহা (কেয়ামতের দিন) মেঘের মত উড়িতে থাকিবে। (ইহাও) আল্লাহ্রই শিল্পনৈপুণ্য যিনি প্রত্যেক বস্তুকে মজবুতরূপে সৃষ্টি করিয়াছেন

اِنَّهٗ خَبِيْرٌ بِمَا تَفْعَلُوْنَ ○ مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ

ইন্নাহু খাবীরোম্ বেমা- তাফ্আলূন্। মান্ জ্বা—আ বেল্ হাছানাতে ফালাহু

নিশ্চয় তিনি ভালরূপ অবগত আছেন যাহা তোমরা করিতেছ। (৩০) যে ব্যক্তি সৎকার্য্যসহ উপস্থিত হইবে তাহার

---

(৩০) আলোচ্য আয়তের وترى الجبال تحسبها جامدة অংশে যে, অনুবাদ করা হইয়াছে তাহাতে পর্ব্বতের পার্থিব অবস্থা এবং تمر مر السحاب অংশে কেয়ামতে উহার যে অবস্থা হইবে তাহার বর্ণনা করা হইয়াছে। পক্ষান্তরে অন্যান্য অনুবাদক পর্ব্বতসমূহের দ্বিবিধ অবস্থাই কেয়ামতের দিনে পরিদৃষ্ট হইবে তাঁহারা এই মর্ম্মই গ্রহণ করিয়াছেন। তাঁহাদের মতে আয়তের অনুবাদ এইরূপ হইবে—'(হে শ্রোতা!) তুমি (কেয়ামতের দিবস) পর্ব্বতসমূহকে দেখিয়া মনে করিবে যে, উহারা স্ব স্ব স্থানে সুপ্রতিষ্ঠিত কিন্তু (প্রকৃতপক্ষে) তাহারা মেঘের মত উড়িয়া যাইতেছে।' এস্থলে বিস্তারিত ব্যাখ্যার প্রয়োজন যে, একই সময়ে পর্ব্বতসমূহ মেঘের মত উড়িবে এবং স্ব স্ব স্থানে স্থির থাকিবে কিরূপে? ইহার উত্তরে তাঁহারা লিখিয়াছেন যে,, যখন কোন বিরাটাকার বস্তু স্থানান্তরিত হয় তখন উহার ক্ষুদ্র ক্ষুদ্র অংশ উহার গতি অনুভব করিতে পারে না। যেমন মেঘের অবস্থা। যখন আকাশ ব্যাপীয়া মেঘমালা গমনাগমন করে তখন দর্শকের মনে হয় যেন উহারা একস্থানে অচলাবস্থায় অবস্থান করিতেছে। এতদ্ভিন্ন তাঁহারা আরও বলেন যে, اتقن كل شيء ইহার সহিত تمر مر السحاب -এর অর্থের দিক দিয়া কোন নিকটসম্বন্ধ নাই অধিকন্তু উহারা পরস্পর বিরোধী।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

خَيْرٌ مِّنْهَا ۚ وَهُمْ مِّنْ فَزَعٍ يَّوْمَئِذٍ اٰمِنُوْنَ ○ وَمَنْ جَآءَ

খায়্‌রোম্‌ মেন্‌হা, অহুম্‌ মেন্‌ ফাযাএঁই য়্যাও্‌মায়েজেন্‌ আমেনূন্‌। অমান্‌ জ্বা—আ

জন্য তদপেক্ষা উৎকৃষ্ট প্রতিদান পাইবে এবং এরূপ লোকেরা—সেদিনের আতঙ্ক হইতে রক্ষা পাইবে আর যাহারা

بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوْهُهُمْ فِي النَّارِ ۭ هَلْ تُجْزَوْنَ اِلَّا

বেছ্‌ছাই্‌য়্যেয়াতে ফাকোব্বাৎ ওজ্‌হোহুম্‌ ফিন্‌ না-র্‌। হাল্‌ তোজ্‌যাও্‌না ইল্লা

অসৎ কার্য্যসহ উপস্থিত হইবে তাহাদিগকে অধোমুখে দোযখে নিক্ষেপ করা হইবে। (বলা হইবে—) তোমাদিগকে উহারই শাস্তি দেওয়া হইতেছে

مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ○ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ رَبَّ هٰذِهِ

মা- কোন্‌তুম্‌ তা'মালূন্‌। ইন্নামা- ওমের্‌তো আন্‌ আ'বোদা রাব্বা হা-জেহিল্‌

যাহা তোম্‌রা করিতে। (হে নবি! তুমি বল,) নিশ্চয় আমি আদিষ্ট হইয়াছি উপাসনা করিবার জন্য

الْبَلْدَةِ الَّذِيْ حَرَّمَهَا وَلَهٗ كُلُّ شَيْءٍ وَّاُمِرْتُ اَنْ اَكُوْنَ

বাল্‌দাতেল্‌লাজী হার্‌রামাহা- অ- লাহূ কোল্লো শাইয়্যেঙ, অ ওমের্‌তো আন্‌ আকূনা

এই সম্মানিত (পবিত্র) (৩১) শহরের (মক্কার) প্রতিপালকের তাঁহারই জন্য সমুহ বস্তু আরও আমি আদিষ্ট হইয়াছি

مِنَ الْمُسْلِمِيْنَ ۙ وَاَنْ اَتْلُوَا الْقُرْاٰنَ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا

মেনাল্‌ মোছ্‌লেমীনা, অ আন্‌ আৎলূঅল কোর্‌আন্‌। ফামানেহ্‌তাদা- ফাইন্নামা-

(তাঁহার) অনুগতদের মধ্যে হইবার জন্য ও কোরআন পাঠ করিয়া শুনাইবার জন্য। যে ব্যক্তি সৎপথ প্রাপ্ত

يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ اِنَّمَآ اَنَا مِنَ الْمُنْذِرِيْنَ ○

য়্যাহ্‌তাদী লেনাফ্‌ছেহী-, অমান্‌ দ্বাল্লা ফাকোল্‌ ইন্নামা— আনা- মেনাল্‌ মোন্‌জেরীন্‌।

হইল সে নিজের (কল্যাণের) জন্যই সৎপথে আসিল আর যে ব্যক্তি পথভ্রান্ত হইল (তাহার ব্যাপারে তুমি বল,) নিশ্চয় আমি ভয় প্রদর্শনকারীদের মধ্যে অন্যতম।

আমরা এই জন্য '(কেয়ামতের দিবস) পর্ব্বতসমূহ··· ' মর্ম্ম গ্রহণ করি নাই যে, পর্ব্বতসমুহের স্থজনের ত্রুটী আছে বলিয়াই উহারা কেয়ামতের দিবস মেঘমালার ন্যায় উড়িয়া বেড়াইবে ; বরং এ সকলই ত্রুটীহীন ও শক্তিশালী করিয়া আল্লাহ্‌ স্থজন করিয়াছেন। তথাপি আল্লাহ্‌ তায়ালা এমন স্থকৌশলী যে, পর্ব্বতাপেক্ষাও স্থদৃঢ়স্থাপিত বস্তুতে সামান্য ইঙ্গিতের 'কল' টীপিলেই উহা মেঘের মত উড়িতে থাকে।

(৩১) আলোচ্য আয়তে আল্লাহ্‌ তায়ালা মক্কা শহরকে 'সম্মানীত'রূপে উল্লেখ করিয়াছেন এই হেতু উহার মধ্যে হত্যা বা অশান্তি-উপদ্রোব করিতে দৃঢ়রূপে নিষিদ্ধ করা হইয়াছে। কোন ব্যক্তি উহার মধ্যে আশ্রয়প্রার্থী হইলে তাহার গ্রেপ্তার করিতে পারিবে না। আরও উক্ত মক্কাস্থিত কাবাগৃহের কেহ বিন্দুমাত্র ক্ষতিসাধন করিতে পারিবে না। যখন হইতে উহা নির্ম্মিত হইয়াছে নিখিল বিশ্বের কোটী কোটী লোক উহার সম্মান, ও পুণ্যসঞ্চয় উদ্দেশ্যে উহার সন্দর্শন করিয়া আসিতেছে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ سَيُرِيْكُمْ اٰيٰتِهٖ فَتَعْرِفُوْنَهَا ط

অ ক্বোলেল্ হাম্দো লিল্লা-হে ছাইয়্যোরীকুম্ আ-য়্যা-তেহী- ফাতা'রেফূনাহা-।

আর বল—সমূহ প্রশংসা আল্লাহ্ তায়ালার জন্যই, শীঘ্রই, তিনি তোমাদিগকে স্বীয় নিদর্শন সমূহ দেখাইলে তখন তোমরা উহা চিনিতে পারিবে। (৩২)

وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ۝

অমা- রাব্বোকা বেগ্বাফেলেন্ আম্মা- তা'মালূন্।

আর তোমার প্রতিপালক তোমাদের কৃতকার্য্য হইতে অসতর্ক নহেন)

৫ ৩ ৭ রুকু

২৮শ ছুরা—ক্বাছাছ্
মক্কায় অবতীর্ণ হয়

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিছ্মিল্লা-হির্রাহ্মা-নির্রাহীম্।

অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।

এই ছুরায় ৯ রুকু,
৮৮ আয়ত।

طٰسٓمٓ ۝ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ۝ نَتْلُوْا عَلَيْكَ

ত্বা—ছী—ম্- মী—ম্। তেল্কা আ-য়্যা-তোল্ কেতা-বেল্ মোবীন্। নাৎলূ আলায়্কা

ত্বা- ছী—ম্- মী—ম্। এগুলি স্পষ্ট কেতাবের আয়াত সমূহ (যাহার মর্ম্ম সুস্পষ্ট ও সাধারণের বোধগম্য)। (হে নবী!)

مِنْ نَّبَاِ مُوْسٰى وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ۝ اِنَّ

মেন্ নাবায়ে মূছা- অ ফের্আও্না বেল্ হাক্ক্বে লে ক্বাওমেঁই ইয়্যোমেনূন্। ইন্না

ধর্ম্মবিশ্বাসী সম্প্রদায়ের উপকারের জন্য মূছা ও ফেরাউনের কতক প্রকৃত অবস্থা তোমার নিকট বর্ণনা করিতেছি। নিশ্চয়

فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ اَهْلَهَا شِيَعًا يَّسْتَضْعِفُ

ফের্আও্না আলা- ফিল্ আর্দ্বে অ জ্বায়ালা আহ্লাহা শেয়্যাআঁই য়্যাছ্তাদ্ব্য়েফো

ফেরাউন (মিশর) দেশে গর্ব্বোন্নত হইল এবং দেশবাসীকে দলে দলে বিভক্ত করিয়া তাহাদের একদল (বানী ইছ্রায়ীল)কে এরূপ বলহীন করিয়া রাখিয়াছিল যে,

(৩২) হজরত নবী করীম (দঃ) ইছ্লামের শত্রুগণকে পার্থিব বিপদ সম্বন্ধেও ভীতি-প্রদর্শন করিতেন। তিনি বলিতেন যে, তোমরা মুছলমানদের কবলীত এবং যুদ্ধে তাহাদের নিকট পরাজিত হইবে, উহার পরিণাম ফলস্বরূপ দেশে দুর্ভিক্ষ দেখা দিবে। আলোচ্য আয়তে এরূপ পূর্ব্বভাষই ব্যক্ত হইতেছে। তজ্জন্য তিনি আরও বলিতেন যে, তোমরা আমার কথা মান্য করিতেছ না কিন্তু যখন তোমাদের উপর পার্থিব বিপদ আপতিত হইবে তখনই তোমাদের জ্ঞানচক্ষু ফুটিবে এবং বুঝিবে যে আমিই তোমাদিগকে পূর্ব্ব হইতে এই বিষয়ে সতর্ক করিতাম।

CC-O. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

طَآئِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْىٖ نِسَآءَهُمْ ط

ত্বা- এফাতাম্ মেন্হুম্ ইয়্যোজাব্বেহো আব্না—আহুম্ অ য়্যাছ্তাহ্-ই নেছা--আহুম্।

তাহাদের পুত্রসন্তানদিগকে মারিয়াফেলিত এবং তাহাদের কন্যাদিগকে জীবিত রাখিত।

اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِيْنَ ○ وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ

ইন্নাহু কা-না মেনাল্ মোফ্ছেদীন্। অ নোরীদো আন্ নামোন্না আলাল্লাজীনাছ্-

নিশ্চয় সে একজন উপদ্রবকারী ছিল। আমি ইচ্ছা করিতেছিলাম যে তাহাদিগের প্রতি অনুগ্রহ করিব যাহাদিগকে

اسْتُضْعِفُوْا فِى الْاَرْضِ وَنَجْعَلَهُمْ اَئِمَّةً وَّنَجْعَلَهُمُ

তোদ্বয়েফূ ফিল্ আর্দ্বে অ নাজ্য়ালাহুম্ আএম্মাতাঙ্ অ নাজ্য়ালাহুমোল্

দেশের মধ্যে দুর্ব্বল করিয়া রাখা হইয়াছিল এবং তাহাদিগকে গণনেতা ও (রাজত্বের)

الْوٰرِثِيْنَ ۝ وَنُمَكِّنَ لَهُمْ فِى الْاَرْضِ وَنُرِىَ فِرْعَوْنَ

ওয়ারেসীন্। অ নোমাক্কেনা লাহুম্ ফিল্ আর্দ্বে অ নোরেয়্যা ফেরআওনা

উত্তরাধিকারী করিব। এবং উহাদিগকে দেশে সুপ্রতিষ্ঠিত করিব

وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ○ وَاَوْحَيْنَآ

অ হা-মা-না অ জোনূদাহুমা- মেন্হুম্ মা- কা-নূ য়্যাহ্জারূন অ আওহায়্না—

আর ফেরাউন, হামান ও তাহাদের সৈন্যদিগকে দেখাইব (বানী ইছ্রায়ীল দ্বারা) তাহারা যাহার আশঙ্কা করিত (১)

اِلٰٓى اُمِّ مُوْسٰٓى اَنْ اَرْضِعِيْهِ ۚ فَاِذَا خِفْتِ عَلَيْهِ فَاَلْقِيْهِ

এলা— ওম্মে মূছা— আন্ আর্দেয়ীহে, ফাএজা খেফ্তে আলায়্হে ফাআল্কীহে

আর আমি মূছার জননীর প্রতি আদেশ দিলাম যে, তুমি উহাকে স্তন্যপান করাও, অতঃপর যখন তুমি তাহাকে লইয়া শঙ্কিতা হইয়া পড়িবে তখন তাহাকে

(১) তৎকালীন মিসররাজ ফেরাউনের এই আশঙ্কা ছিল যে, তাহার জ্যোতিষিগণ কলিয়াছিল—এছ্রায়ীল বংশীয় এমন এক ব্যক্তি জন্মগ্রহণ করিবে যে বানী এছ্রায়ীলকে আপনার অধীনতা হইতে মুক্ত করিব এবং আপনার রাজত্বকে চূর্ণ বিচূর্ণ করিয়া দিবে। তাহাদের এবম্বিধ কথা শ্রবণ করিয়া ফেরাউন বনী ইছ্রায়ীলদের সমূহ সদ্যজাত পুত্রসন্তানকে মারিয়া ফেলিত। কিন্তু আল্লাহ তায়ালার মহিমা অপার! তাঁহার ইচ্ছা কে প্রতিরোধ করিতে পারে? তিনি এইরূপ হত্যালীলার অন্তরালে হজরত মূছা (আঃ)কে পয়দা করিলেন। পরিণামে এই মূছা (আঃ)ই ফেরাউনের অমানুষিক অত্যাচার ও রাজত্বের মূলোৎপাটন করিয়া বনীএছ্রায়ীলগণকে তাহার নিকৃষ্ট দাসত্ব হইতে মুক্ত করিলেন।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فِي الْيَمِّ وَلَا تَخَافِي وَلَا تَحْزَنِي ۚ إِنَّا رَادُّوهُ إِلَيْكِ وَجَاعِلُوهُ

ফিল্ য়্যাম্মে অলা- তাখা- ফী অলা- তাহ্যানী, ইন্না- রা--দ্দূহো এলায়্কে অজ্জা-য়েলূহো

সমুদ্রে নিক্ষেপ করিবে আর (কোনরূপ) ভীত বা বিষণ্ণ হইও না, (যেহেতু) আমি তাহাকে পুনরায় তোমার নিকট আনিব এবং তাহাকে

مِنَ الْمُرْسَلِينَ ۝ فَالْتَقَطَهُ آلُ فِرْعَوْنَ لِيَكُونَ لَهُمْ

মেনাল্ মোর্ছালীন্। ফাল্তাক্বাতাহু— আ-লো ফের্আও্না লেয়্যাকূনা লাহুম্

একজন অন্যতম রছুল করিব। অতঃপর ফেরাউনের বংশীয় একজন তাঁহাকে (ভাসমান অবস্থায়) উঠাইয়া লইল (পরিণামে এই মুছাই)

عَدُوًّا وَحَزَنًا ۗ إِنَّ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا كَانُوا

আদূঅঙ্ অ হাযানা-। ইন্না ফের্আও্না অ হা-মা-না অ জ্বোনূদা হুমা কা-নূ

তাহাদের শত্রু ও বিপদের (কারণ) হইল। নিশ্চয় ফেরাউন, হামান ও তাহাদের সৈন্যসমূহ (নিজেদের কার্য্যে)

خَاطِئِينَ ۝ وَقَالَتِ امْرَأَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ لِّي وَلَكَ ۖ

খা-তেয়ীন্ অ ক্বা-লাতেম্ রাআতো ফের্আও্না কোর্রাতো আয়্নেল্ লী- অ লাক্।

ত্রুটী করিয়াছিল। (২) আর ফেরাউনের স্ত্রী বলিল—(এই শিশু) আমার ও আপনার নয়নতৃপ্তিদায়ক!

لَا تَقْتُلُوهُ ۖ عَسَىٰ أَن يَنفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا وَهُمْ

লা- আক্তোলূহো, আছা— আঁই য়্যান্ফায়ানা— আও্নাত্তাখেজাহু অলাদাঙ্ অ

আপনারা তাহাকে হত্যা করিবেন না, বিচিত্র নয় যে, সে আমাদের (কোন) উপকারে লাগিবে অথবা আমরা তাহাকে পুত্ররূপে গ্রহণ করিব; আর তাহারা (ইহার পরিণাম)

لَا يَشْعُرُونَ ۝ وَأَصْبَحَ فُؤَادُ أُمِّ مُوسَىٰ فَارِغًا ۖ إِن كَادَتْ

অহুম্ লা- য়্যাশ্উরূন্। অ আছ্বাহা ফোয়াদো উম্মে মূছা- ফা-রেগা-। ইন্ কা-দাৎ

বুঝিত না। আর (এদিকে) মুছার জননীর অন্তর বিচলিত হইল। সে অবিলম্বে

(২) অত্র আয়তের দুই প্রকার মর্ম্ম হইতে পারে। প্রথমতঃ যাহা অনুবাদে আভাষ প্রদত্ত হইয়াছে যে, আল্লাহ্ ফেরাউনের সম্প্রদায়কে জ্ঞানান্ধ করিয়া দিয়াছিলেন। তাহারা এমনই অজ্ঞ যে, শত্রুকে স্বীয় হস্তে লালন-পালন করিয়া নিজেদেরই হস্ত-পদে কুঠারাঘাত করিয়াছিল। দ্বিতীয়তঃ— ফেরাউন, হামান ও তাহাদের সহযোগীরা আদেশ অমান্যকারী ও পাপাসক্ত সম্প্রদায় ছিল। আল্লাহ্ তায়ালা তাহাদের অনুষ্ঠিত পাপকার্য্যসমূহকেই তাহাদের ধ্বংসের কারণ করিয়া দিলেন।

(৩) অর্থাৎ তাহারা জ্ঞাত ছিল না যে, যে বালক দ্বারা তাহারা উপকার পাইবার আকাঙ্ক্ষা করিতেছে সেই বালকই তাহাদের ধ্বংসের মূলীভূত কারণ হইবে।

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

لَتُبْدِيْ بِهٖ لَوْلَآ اَنْ رَّبَطْنَا عَلٰى قَلْبِهَا لِتَكُوْنَ مِنَ

লাতোব্দী বেহী- লাও্লা— আর্রবাৎনা- আলা- কাল্বেহা- লেতাকূনা মেনাল্

তাহার (মূছার) ভেদ প্রকাশ করিয়া ফেলিত যদি আমি তাহার অন্তর (ধৈর্য্য দিয়া) শান্ত না করিতাম এই জন্য যে, সে (আমার অঙ্গীকারের প্রতি)

الْمُؤْمِنِيْنَ ○ وَقَالَتْ لِاُخْتِهٖ قُصِّيْهِ ۚ فَبَصُرَتْ بِهٖ عَنْ

মো'মেনীন্। অ ক্বা-লাৎ লে ওখ্তেহী- ক্বোছ্ছীহে, ফাবাছোরাৎ বেহী- আন্

দৃঢ় বিশ্বাসী থাকে। আর সে (সমুদ্রে সিন্দুক ফেলিবার সময় মূছার মাতা) তাঁহার (মূছার) ভগ্নিকে বলিল—তুমি উহার অনুগমন কর, সে দূর হইতে নিরীক্ষণ করিতে লাগিল

جُنُبٍ وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ○ وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ

জোনোবেঙ্ অ হুম্ লা- য়্যাশ্উরূন্। অ হার্রাম্না- আলায়্হেল মারা-দ্বেয়া মেন্

অথচ তাহারা অবগত হইতে পারিল না। পূর্ব্ব হইতেই আমি তাহার জন্য ধাত্রীদের দুগ্ধ নিষিদ্ধ করিয়াছিলাম

قَبْلُ فَقَالَتْ هَلْ اَدُلُّكُمْ عَلٰٓى اَهْلِ بَيْتٍ يَّكْفُلُوْنَهٗ لَكُمْ

ক্বাব্লো ফাক্বালাৎ হাল্ আদোল্লোকুম্ আলা—আহ্লে বায়্তেই য়্যাক্ফোলূনাহূ লাকুম্

কাজেই সে (তাঁহার ভগ্নী) বলিল—আমি তোমাদিগকে এমন এক পরিবারের সন্ধান দিতে পারি যে, তাহারা তোমাদের জন্য উহাকে লালনপালন করিবে

وَهُمْ لَهٗ نَاصِحُوْنَ ○ فَرَدَدْنٰهُ اِلٰٓى اُمِّهٖ كَيْ تَقَرَّ عَيْنُهَا

অহুম্ লাহূ না-ছেহূন্। ফারাদাদ্নাহু এলা- ওম্মেহী- কায়্ তাক্বার্রা আয়্নোহা-

আরও তাহারা উহার প্রতি মঙ্গলাকাঙ্খী হইবে। তারপর আমি তাঁহাকে তাঁহার জননীর নিকট উপস্থিত করাইলাম এই জন্য যে, তাহার চক্ষু পরিতৃপ্ত হইবে

وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ اَنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّلٰكِنَّ اَكْثَرَهُمْ

অলা- তাহ্যানা অ লেতা'লামা আন্না অ'দাল্লাহে হাক্ক্বোঙ্ অলা- কেন্না আক্সারাহুম্

এবং সে বিষণ্ণ হইবে না আরও জানিবে যে নিশ্চয় আল্লার অঙ্গিকার সত্য কিন্তু তাহাদের অধিকাংশই

لَا يَعْلَمُوْنَ ۝ وَلَمَّا بَلَغَ اَشُدَّهٗ وَاسْتَوٰٓى اٰتَيْنٰهُ حُكْمًا

লা- য়্যা'লামূন্। ৫ অলাম্মা বালাগা আশোদ্দাহূ অ'ছ্তাঅ— আ-তায়্না-হো হোক্মাঙ

ইহা অবগত নহে। আর মূছা যখন যৌবনে পদার্পণ করিলেন এবং সুপ্রতিষ্ঠিত হইলেন তখন আমি তাহাকে বিজ্ঞতা

৫ ৪/১ রুকু

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَّعِلْمًا ط وَكَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ○ وَدَخَلَ الْمَدِيْنَةَ عَلٰى

অ এল্‌মা-। অ কাজা-লেকা নাজ্‌যিল্ মোহ্‌ছেনীন্। অ দাখালাল্ মাদীনাতা আলা-

ও ধর্ম্মজ্ঞান প্রদান করিলাম। আর সৎলোকদের আমি এইরূপেই প্রতিদান দিয়া থাকি। (ঘটনাক্রমে মূছা একদিন) এমন সময়ে সহরে প্রবেশ করিলেন যে,

حِيْنِ غَفْلَةٍ مِّنْ اَهْلِهَا فَوَجَدَ فِيْهَا رَجُلَيْنِ يَقْتَتِلٰنِ ز

হীনে গ্বাফ্‌লাতেম্ মেন্ আহ্‌লেহা- ফাঅজ্জাদা ফীহা রাজ্জোলায়্‌নে য়্যাক্‌তাতেলা-নে,

(দ্বিপ্রহরের তন্দ্রাভিভূত অবস্থায়) শহরবাসীরা কোন সংবাদ রাখিত না, অতঃপর তিনি তথায় দুই ব্যক্তিকে পরস্পর মারামারি করিতে দেখিলেন,

هٰذَا مِنْ شِيْعَتِهٖ وَهٰذَا مِنْ عَدُوِّهٖ ج فَاسْتَغَاثَهُ الَّذِىْ مِنْ شِيْعَتِهٖ

হা-জা মেন্ শীয়াতেহী- অহা-জা- মেন্ আদূবেহী-, ফাছ্‌তাগ্বাসাহুল্লাজী মেন্ শীয়াতেহী-

—একজন তাঁহার দলের (বানী ইছ্‌রায়ীল) অপর ব্যক্তি তাঁহার শত্রুদলের (কিব্‌তী) (৪); অতঃপর তাঁহার দলীয় ব্যক্তি

عَلَى الَّذِىْ مِنْ عَدُوِّهٖ لا فَوَكَزَهٗ مُوْسٰى فَقَضٰى عَلَيْهِ ز قَالَ هٰذَا

আলাল্ লাজী মেন্ আদূবেহী- ফাঅকাযাহু মূছা- ফাকাদ্বা- আলায়্‌হে, ক্বা-লা হা-জা

বিপক্ষের বিরুদ্ধে তাঁহার নিকট সাহায্য প্রার্থনা করিলে মূছা তাহাকে (কিব্‌তীকে) মুষ্টাঘাত করিলেন উহাতে সে মৃত্যুমুখে পতিত হইল; তিনি বলিলেন—

مِنْ عَمَلِ الشَّيْطٰنِ ط اِنَّهٗ عَدُوٌّ مُّضِلٌّ مُّبِيْنٌ ○ قَالَ رَبِّ اِنِّىْ

মেন্ আমালেশ্ শায়্‌তান্। ইন্নাহু আদূবোম্ মোদ্বেল্‌লোম্ মোবীন্। ক্বা-লা রাব্বে ইন্নী

ইহা শয়তানোচিত কার্য্য। নিশ্চয় সে (মানবের) শত্রু ও প্রকাশ্য পথভ্রষ্টকারী! (আরও) তিনি (অনুতপ্ত হইয়া) বলিলেন—হে আমার প্রতিপালক! নিশ্চয় আমি

ظَلَمْتُ نَفْسِىْ فَاغْفِرْ لِىْ فَغَفَرَ لَهٗ ط اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ○ قَالَ

জালাম্‌তো নাফ্‌ছী ফাগ্‌ফের্‌লী ফাগ্বাফারা লাহ্। ইন্নাহু হুঅল্ গ্বাফূরোর্‌রাহীম্। ক্বা-লা

নিজের প্রতি অন্যায় করিয়াছি অতএব আপনি আমাকে ক্ষমা করুন। তারপর তাঁহাকে তিনি ক্ষমা করিলেন। নিশ্চয় তিনি ক্ষমাকারী দয়ালু। তিনি বলিলেন

رَبِّ بِمَآ اَنْعَمْتَ عَلَىَّ فَلَنْ اَكُوْنَ ظَهِيْرًا لِّلْمُجْرِمِيْنَ ○

রাব্বে বেমা— আন্‌য়াম্‌তা আলায়্যা ফালান্ আকূনা জাহীরাল্ লেল্ মোজ্‌রেমীন্।

—হে আমার প্রতিপালক! আপনি আমার প্রতি যে অনুগ্রহ করিয়াছেন অতএব আমিও অসৎ লোকদের সাহায্য করিব না।

(৪) ফেরাউনের দলীয় লোকদিগকে 'কিব্‌তী' বলা হইত। মিসর দেশের প্রাচীন নাম কিব্‌ৎ কিব্‌তীগণ মিসরের আদিম অধিবাসী।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فَاَصْبَحَ فِى الْمَدِيْنَةِ خَآئِفًا يَّتَرَقَّبُ فَاِذَا الَّذِى اسْتَنْصَرَهٗ

ফা আছ্বাহা ফিল্ মাদীনাতে খা—এফাঁই য়্যাতারাক্কাবো ফাএজাল্ লাজীছ্ তান্ছারাহূ

(পর দিবস) প্রাতে শঙ্কিত অবস্থায় শহরে প্রবেশ করিয়া প্রতীক্ষা করিতে লাগিলেন (পুনরায় দেখিলেন যে,) যে ব্যক্তি গতকল্য তাঁহার নিকট সাহায্য প্রার্থনা করিয়াছিল

يَسْتَصْرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوْسٰٓى اِنَّكَ لَغَوِىٌّ مُّبِيْنٌ ۝

বেল্ আম্ছে য়াছ্তাছরেখোহ্। ক্বা-লা লাহূ মূছা— ইন্নাকা লাগ্বাবীওম্ মোবীন্।

(অদ্যও) সে তাঁহার নিকট সাহায্যের জন্য আহ্বান করিতেছে। মূছা তাহাকে বলিলেন—নিশ্চয় তুমি প্রকাশ্য কু-পথগামী!

فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِىْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ

ফালাম্মা—আন্ আরা-দা আঁই য়্যাব্তেশা বেল্লাজী হুওয়া আদূবোল্ লাহুমা ক্বালা

পুনরায় যখন তিনি (মূছা) তাঁহাদের উভয়ের শত্রুর দিকে হস্তক্ষেপ করিবার ইচ্ছা করিলেন তখন সে (দ্বিতীয় দিনের কিব্তী) বলিল—

يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِىْ كَمَا قَتَلْتَ نَفْسًۢا بِالْاَمْسِ ۖ

ইয়্যা- মূছা— আতোরীদো আন্ তাক্তোলানী কামা- ক্বাতাল্তা নাফ্ছাম্ বেল্ আম্ছে

হে মূছা! তুমি কি গতকল্য যেরূপ একজনকে হত্যা করিয়াছ আমাকেও তদ্রূপ হত্যা করিতে চাহ?

اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِى الْاَرْضِ وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ

ইন্ তোরীদো ইল্লা—আন্ আকূনা জ্বাব্বারান্ ফিল্ আরদ্বে অমা- তোরীদো আন্ তাকূনা

তুমি দেশে উৎপীড়নকারী হইতে চাহ—

مِنَ الْمُصْلِحِيْنَ ۝ وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۙ

মেনাল্ মোছ্লেহীন। অ জ্বা—আ রাজ্জোলোম্ মেন্ আক্ছাল্ মাদীনাতে য়্যাছ্আ-,

শান্তি স্থাপনকারী হইতে ইচ্ছা কর না! অতঃপর এক ব্যক্তি শহর-প্রান্ত:হইতে দ্রুতগতিতে আসিয়া

قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ

ক্বা-লা ইয়্যা- মূছা— ইন্নাল্ মালাআ য়্যাতামেরূনা বেকা লেয়্যাক্তোলূকা ফাখ্রোজ্

বলিল—হে মূছা! নিশ্চয় পরিষদবর্গ আপনাকে হত্যা করিতে পরামর্শ দিতেছে অতএব আপনি (শহর হইতে) বহির হইয়া পড়ুন

اِنِّىْ لَكَ مِنَ النّٰصِحِيْنَ ۝ فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۚ قَالَ

ইন্নী লাকা মেনাল্ না-ছেহীন্। ফাখারাজা মেন্হা খা—এফাঁই য়্যাতারাক্কাবো, ক্বা-লা

নিশ্চয় আমি আপনার মঙ্গলাকাঙ্ক্ষী। সুতরাং তিনি তথা হইতে শঙ্কিত অবস্থায় (কি ঘটিবে তাহার) প্রতীক্ষা করিতে করিতে বহির্গত হইয়া চলিলেন এবং বলিলেন—

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

رَبِّ نَجِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝ وَلَمَّا تَوَجَّهَ تِلْقَاءَ

রাব্বে নাজ্জেনী মেনাল্ কাওমেজ্ জা-লেমীন্। ع অ লাম্মা তাঅজ্জাহা তেল্কা—

হে আমার প্রতিপালক! অত্যাচারী সম্প্রদায় হইতে আমাকে রক্ষা করুন। আর যখন তিনি মাদ্য়ানাভীমুখী হইলেন

ع ৫ ২ রুকু

مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّيْٓ اَنْ يَّهْدِيَنِيْ سَوَآءَ السَّبِيْلِ ۝

আ মাদ্য়্যানা ক্বা-লা আছা- রাব্বী— আঁই য়্যাহ্দেয়্যানী ছাওয়া—আছ্ছাবীল্।

(পথ অজ্ঞাত থাকায়) বলিলেন—আমার প্রতিপালকের ভরসা রাখি যে, তিনি আমাকে সঠিক পথ দেখাইবেন।

وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ اُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ۝

অলাম্মা- অরাদা মা— আ মাদ্য়্যানা অজ্বাদা আলায়্হে উম্মাতাম্ মেনান্না-ছে য়্যাছ্কূনা,

আর যখন তিনি মাদ্ইয়ানের পানীয় (কূপের) নিকট উপস্থিত হইলেন—এক দল লোককে উহার উপর (পশুদিগকে) পানী পান করাইতে (দেখিতে) পাইলেন,

وَوَجَدَ مِنْ دُوْنِهِمُ امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ۚ قَالَ مَا خَطْبُكُمَا ۭ

অ অজ্বাদা মেন্ দূনেহেমোম্রায়াতায়্নে তাজুদা-নে; ক্বা-লা মা- খাৎবোকুমা-?

আরও তাহাদের ব্যতীত (দেখিতে) পাইলেন যে, দুইটী মহিলা (নিজেদের ছাগগুলি) থামাইয়া দাঁড়াইয়া আছে; তিনি বলিলেন—তোমাদের অভিপ্রায় কি? (৫)

قَالَتَا لَا نَسْقِيْ حَتّٰى يُصْدِرَ الرِّعَآءُ ۭ وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ۝

ক্বা-লাতা- লা- নাছ্কী হাত্তা ইয়্যোছ্দেরার্রে আ—ও, অ আবূনা শায়্খোন্ কাবীর্।

তাহারা উভয়ে বলিল—যতক্ষণ রাখালগণ (পশুদিগকে পান করাইয়া) সরিয়া না যায় ততক্ষণ আমরা পান করাইতে পারি না, আর আমাদের পিতা অতিশয় বৃদ্ধ?

فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰٓى اِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ اِنِّيْ لِمَآ

ফাছাক্বা- লাহুমা- ছুম্মা তাঅল্লা- এলা—জ্ জেল্লে ফাক্বা-লা রাব্বে ইন্নী লেমা—

তিনি তাহাদের (ছাগগুলিকে) পান করাইলেন পুনরায় তিনি ছায়ার দিকে সরিয়া গিয়া (ক্ষুধার্ত্ত থাকায়) বলিলেন—হে আমার প্রতিপালক!

(৫) তাহাদের এই কথা বলিবার অভিপ্রায় ছিল যে, আমাদের গৃহে এমন কেহ সক্ষম পুরুষ লোক নাই যে ব্যক্তি আশুক মত ছাগলগুলিকে পানী পান করাইতে পারে। এক মাত্র পিতা আছে, তিনি বৃদ্ধ ও গমনাগমন করিতে অক্ষম। সুতরাং বাধ্য হইয়াই আমাদিগকে আসিতে হয়।

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

اَنْزَلْتَ اِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ ۝ فَجَآءَتْهُ اِحْدٰىهُمَا تَمْشِيْ

আন্যাল্‌তা এলায়্যা মেন্ খায়্‌রেন্ ফাক্বীর্। ফাজ্বা—আৎহু এহ্‌দাহুমা- তাম্‌শী

আমি অভাবী আছি আমার নিকট যৎকিঞ্চিত খাদ্য প্রেরণ করিবেন। (৬) ইত্যবসরে উভয়ের মধ্যে একজন মহিলা

عَلَى اسْتِحْيَآءٍ ۝ قَالَتْ اِنَّ اَبِيْ يَدْعُوْكَ لِيَجْزِيَكَ اَجْرَ مَا

আলাছ্‌তেহ্‌য়্যা—এন্, ক্বা-লাৎ ইন্না আবী য়্যাদ্‌য়ূকা লেয়্যাজ্‌যেয়্যাকা আজ্‌রা মা-

সলজ্জ অবস্থায় চলিয়া আসিয়া বলিল—নিশ্চয় আমার পিতা আপনাকে ডাকিয়াছেন পরিশ্রমিক স্বরূপ আপনাকে প্রতিদান দিবার জন্য

سَقَيْتَ لَنَا ۭ فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ عَلَيْهِ الْقَصَصَ ۙ قَالَ

ছাক্বায়্‌তা লানা-। ফালাম্মা- জা—আহু অ ক্বাছ্‌ছা আলায়্‌হেল্ কাছাছা ক্বা-লা

যাহা আপনি আমাদের জন্য পান করাইয়াছেন। অতঃপর যখন তিনি তাঁহার (শোয়ায়েবের) নিকট আসিয়া ঘটনা বিবৃত করিলেন তখন

لَا تَخَفْ ۡ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝ قَالَتْ اِحْدٰىهُمَا يٰٓاَ

লা- তাখাফ্, নাজাওতা মেনাল্ ক্বাওমেজ্‌ জ্বা-লেমী-ন্। ক্বা-লাৎ এহ্‌দা-হুমা- ইয়্যা—

তিনি বলিলেন—তুমি ভীত হইও না, তুমি অত্যাচারী সম্প্রদায় হইতে পরিত্রাণ পাইয়াছ। তাহাদের একজন মহিলা বলিল—

اَبَتِ اسْتَاْجِرْهُ ۡ اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ الْقَوِيُّ الْاَمِيْنُ ۝ قَالَ

আবাতেহ্‌ তা'জ্জেরহু, ইন্না খায়্‌রা মানেহ্‌ তাজ্বার্‌তাল্ ক্বাবীয়্যোল্ আমীন্। ক্বা-লা

হে পিতা! আপনি তাঁহাকে শ্রমিকরূপে নিযুক্ত করুন, নিশ্চয় আপনি যাঁহাকে শ্রমিক নিযুক্ত করিবেন তিনি অতি বলীয়ান্ ও বিশ্বস্ত। (৭) তিনি বলিলেন—

اِنِّيْٓ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰٓى اَنْ تَاْجُرَنِيْ

ইন্নী—ওরীদো আন্ ওন্‌কেহাকা এহ্‌দাব্‌নাতায়্‌য়্যা হা-তায়্‌নে আলা—আন্ তাজ্বোরানী

আমি আমার এই দুই কন্যার এক জনের সহিত তোমার বিবাহ দিবার ইচ্ছা করি এই সর্ত্তে যে, তুমি আমার মযদুরী করিয়া দিবে

(৬) নিজে ক্ষুধার্ত্ত থাকিয়াও পরের উপকার করিলেন তথাপি তিনি কোন মানুষের সাহায্য বা অনুগ্রহপ্রার্থী হইলেন না, ইহা হইতেই হজরত মূছা (আঃ)-এর পয়গম্বরোচিত সদ্‌গুণের পরিচয় পাওয়া যায়। অবশ্য ইহা আল্লাহ্‌তায়ালারই প্রদত্ত।

(৭) কূপ হইতে অতি সহজে পানী উত্তোলনে হজরত মূছা (আঃ)-এর বলবত্তার এবং হজরত শোয়ায়েব-কন্যাদ্বয়ের সহিত শালীনতাসহ সদ্ব্যবহারে তাঁহার বিশ্বস্ততার পরিচয় পাওয়া যায়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ ۚ وَمَآ اُرِيْدُ

সামা-নেয়্যা হেজ্জাজেন্, ফাইন্ আৎমাম্তা আশ্রান্ ফামেন্ এন্দেকা, অমা—ওরীদো

আট বৎসর, আর যদি দশ বৎসর পূর্ণ কর তাহা তোমার দিক হইতে উপকার করা হইবে—আমি

اَنْ اَشُقَّ عَلَيْكَ ۭ سَتَجِدُنِيْٓ اِنْ شَاۗءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ ۝

আন্ আশোক্কা আলায়্ক্। ছাতাজ্জেদোনী— এন্শা-আল্লা-হো মেনাছ্ ছা-লেহীন্।

তোমাকে বেশী কষ্ট দিতে চাহি না। খোদা চাহেন ত তুমি আমাকে সৎলোক পাইবে।

قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَبَيْنَكَ ۭ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا

ক্বা-লা জা-লেকা বায়্নী অ বায়্নাক্। আই য়্যামাল্ আজ্বালায়্নে ক্বাদ্বায়্তো ফালা-

তিনি বলিলেন—ইহা (অঙ্গীকার) আমারও আপনার মধ্যে রহিল। দুইটী সময়ের মধ্যে

عُدْوَانَ عَلَيَّ ۭ وَاللّٰهُ عَلٰي مَا نَقُوْلُ وَكِيْلٌ ۝ فَلَمَّا قَضٰى

ওদ্অ-না আলাইয়্যা। অল্লা-হো- আলা- মা- নাক্বূলো অকীল্। ৯ ফালাম্মা ক্বাদা-

একটী পূর্ণ করিব, আমার উপর কোন গুরুভার দেওয়া হইবে না। আমাদের মধ্যে যে ওয়াদা-

অঙ্গীকার হইল আল্লাহ্ উহার সাক্ষ্য রহিলেন। আর যখন

৯ ৬ রুকু

مُوْسَى الْاَجَلَ وَسَارَ بِاَهْلِهٖٓ اٰنَسَ مِنْ جَانِبِ الطُّوْرِ نَارًا ۭ

মূছাল্ আজ্বালা অ ছা-রা বে আহ্লেহী— আ-নাছা মেন্ জা-নেবেৎ ত্বূরে না-রা-।

মূছা কার্য্যকাল পূর্ণ করিলেন এবং সস্ত্রীক রওয়ানা হইলেন তখন পর্ব্বত-পার্শ্বে অগ্নি (বৎ) দেখিতে পাইলেন।

قَالَ لِاَهْلِهِ امْكُثُوْٓا اِنِّيْٓ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْٓ اٰتِيْكُمْ

ক্বা-লা লেআহ্লেহিম্কোস্থু— ইন্নী আ-নাছতো না-রাল্ লাআল্লী— আ-তীকুম্

তিনি স্বীয় স্ত্রীকে বলিলেন—তোমরা এখানে অবস্থান কর আমি অগ্নি দেখিয়াছি সম্ভবতঃ তোমাদের জন্য

مِّنْهَا بِخَبَرٍ اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ۝ فَلَمَّآ

মেন্হা বেখাবারেন্ আও্ জাজ্অতেম্ মেনান্না-রে লাআল্লাকুম্ তাছ্ত্বালূন্। ফালাম্মা—

কোন (পথের) সংবাদ অথবা দগ্ধপ্রায় একটী কাষ্ঠ খণ্ড আনিব তাহাতে তোমরা উত্তাপিত হইতে পারিবে। (৮) তারপর যখন

اَتٰىهَا نُوْدِيَ مِنْ شَاطِئِ الْوَادِ الْاَيْمَنِ فِي الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ

আতা-হা- নূদেয়্যা মেন্ শা-ত্বেয়্যেল্ অ-দেল্ আয়্মানে ফিল্ বোক্আতেল্ মোবা-রাকাতে

তিনি উহার নিকট আসিলেন, তখন ধ্বনিত হইল ময়দানের দক্ষিণ পার্শ্বের

(৮) ষষ্ঠদশ পারা, ছুরা ত্বা—হা— প্রথম রুকু দ্রষ্টব্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مِنَ الشَّجَرَةِ اَنْ يٰمُوْسٰٓى اِنِّىْٓ اَنَا اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ۝

মেনাশ্ শাজ্বারাতে আঁই ইয়্যা- মূছা— ইন্নী— আনাল্লা-হো রাব্বোল্ আ-লামীনা,
বৃক্ষস্থিত পবিত্র স্থান হইতে যে, হে মূছা! নিশ্চয় বিশ্বজগতের প্রতিপালক—আমিই আল্লাহ,

وَاَنْ اَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا

অ আন্ আল্ক্বে আছা-ক্। ফালাম্মা- রাআ-হা- তাহ্তায্যো কাআন্না-হা-
—তোমার যষ্টি নিক্ষেপ কর। যখন তিনি উহাকে চলন্ত অবস্থায়

جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰٓى اَقْبِلْ

জ্বা—ন্নোঙ্ অল্লা- মোদ্বেরাঙ্ অ লাম্ ইয়্যোয়াক্কেব্। ইয়্যা- মূছা— আক্বেল্
একটী সর্পের ন্যায় দেখিলেন তখন তিনি পশ্চাদ্ধাবিত হইয়া পলায়ন করিলেন এবং পশ্চাতে ফিরিয়া তাকাইলেন না। (শব্দ হইল) হে মূছা! তুমি অগ্রসর হও

وَلَا تَخَفْ ۖ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ۝ اُسْلُكْ يَدَكَ فِىْ جَيْبِكَ

অলা- তাখাফ্, ইন্নাকা মেনাল্ আ-মেনীন্। ওছ্লোক্ য়্যাদাকা ফী জ্বায়্বেকা
এবং ভয় করিও না যেহেতু তুমি নির্ভয়প্রাপ্তদের অন্তর্গত। তুমি তোমার হস্ত স্বীয় 'আস্তিনে' প্রবেশ করাও

تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۖ وَّاضْمُمْ اِلَيْكَ جَنَاحَكَ

তাখ্রোজ্ বায়্দ্বা—আ মেন্ গ্বায়্রে ছূ—এঙ্, অদ্মোম্ এলায়্কা হানা-হাকা
উহা নিখুঁত শুভ্রোজ্জ্বলরূপে বহির্গত হইবে, এবং তোমার বাহুদ্বয় তোমার দিকে মিলিত কর (৯)

مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ مِنْ رَّبِّكَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ ؕ

মেনার্ রাহ্বে ফাজা-নেকা বের্হা-না-নে মের্রাব্বেকা এলা- ফের্আও্না অ মাল্-এহ্।
ভয়মুক্ত হইতে সুতরাং এই দুইটী দলিল (মো'জেযা) তোমার প্রতিপালকের তরফ হইতে ফেরাউন ও তাহার পরিষদের জন্য।

اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ۝ قَالَ رَبِّ اِنِّىْ قَتَلْتُ مِنْهُمْ

ইন্নাহুম্ কা-নূ ক্বাওমান্ ফা-ছেক্বীন্। ক্বা-লা রাব্বে ইন্নী ক্বাতাল্তো মেন্হুম্
নিশ্চয় তাহারা পাপী সম্প্রদায়। তিনি বলিলেন—হে আমার প্রতিপালক! আমি তাহাদের এক ব্যক্তিকে

(৯) তখন শীতের সময় ছিল, তদোপরি হজরত মূছা (আঃ) শঙ্কিত হইয়াছিলেন। সাধারণতঃ মানুষ ভীতি-বিহ্বল হইলে কম্পিত হইয়া উঠে, শরীরে তাপ সংগ্রহ মানসে বাহুদ্বয়কে একত্র মিলিত করিয়া থাকে; 'বাহুদ্বয় তোমার দিকে মিলিত কর' অর্থে ইহাই বুঝিতে হইবে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

نَفْسًا فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ۝ وَاَخِيْ هٰرُوْنُ هُوَ اَفْصَحُ مِنِّيْ

নাফ্‌ছান্ ফাআখাফো আঁই য়্যাক্‌তোলূন্। অ আখী হা-রূনো হুঅ আফ্‌ছাহো মেন্নী

হত্যা করিয়াছি (১০) কাজেই আমি আশঙ্কা করি যে, তাহারা আমাকে হত্যা করিতে পারে। আর আমার ভাই হারূন তিনি আমাপেক্ষা উত্তম বক্তা

لِسَانًا فَاَرْسِلْهُ مَعِيَ رِدْاً يُّصَدِّقُنِيْٓ ۡ اِنِّيْٓ اَخَافُ

লেছানান্ ফাআর্‌ছেল্‌হু মাএইয়্যা রেদ্‌আঁই ইয়্যোছাদ্‌দেক্‌নী—, ইন্নী— আখাফো

সুতরাং তাঁহাকে আমার সাহায্যার্থে প্রেরণ করুন তিনি আমার (কথার) সত্যতা প্রমাণ করিবেন— কেননা আমি আশঙ্কা করি যে,

اَنْ يُّكَذِّبُوْنِ ۝ قَالَ سَنَشُدُّ عَضُدَكَ بِاَخِيْكَ وَنَجْعَلُ

আঁই ইয়্যোকাজ্‌জেবূন্। ক্বা-লা ছানাশোদ্দো আদ্দোদাকা বেআখীকা অ নাজ্‌আলো

তাহারা (ফেরাউনের সম্প্রদায়) আমাকে মিথ্যাবাদী জ্ঞান করিতে পারে। তিনি বলিলেন— তোমার ভ্রাতার সাহায্যে তোমার বাহু সুদৃঢ় করিব এবং

لَكُمَا سُلْطٰنًا فَلَا يَصِلُوْنَ اِلَيْكُمَا ۚ بِاٰيٰتِنَآ ۚ اَنْتُمَا

লাকুমা- ছোল্‌ত্বা-নান্ ফালা- য়্যাছেলূনা এলায়্‌কুমা; বেআ-য়্যা-তেনা-, আন্‌তুমা

তোমাদের উভয়কে এমন শক্তির অধিকার করিব যাহাতে তাহারা তোমাদের নিকট পৌঁছিতে পারিবে না; আমার নিদর্শন মাহাত্ম্যে

وَمَنِ اتَّبَعَكُمَا الْغٰلِبُوْنَ ۝ فَلَمَّا جَآءَهُمْ مُّوْسٰى بِاٰيٰتِنَا

অমানেত্তাবাআকুমাল্ গ্বা-লেবুন্। ফালাম্মা- জ্বা—আহুম্ মূছা- বেআ-য়্যা-তেনা-

তোমরা ও তোমাদের অনুগামিগণ জয়যুক্ত হইবে। যখন মূছা আমার স্পষ্ট নিদর্শনসহ তাহাদের নিকট আসিলেন

بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَآ اِلَّا سِحْرٌ مُّفْتَرًى وَّمَا سَمِعْنَا

বাই্‌য়্যেনা-তেন্ ক্বা-লূ মা- হা-জা— ইল্লা- ছেহরোম্ মোফ্‌তারাঙ্ অমা- ছামে'না-

তখন তাহারা বলিল—ইহা ভিত্তিহীন যাদু ব্যতীত আর কিছুই নহে এবং আমরা

بِهٰذَا فِيْٓ اٰبَآئِنَا الْاَوَّلِيْنَ ۝ وَقَالَ مُوْسٰى رَبِّيْٓ اَعْلَمُ

বেহা-জা- ফী— আ-বা—এনাল্ আওঅলীন্। অ ক্বা-লা মূছা- রাব্বী— আ'লামো

পিতৃপিতামহ পূর্ব্ব পুরুষগণের নিকট এই সম্বন্ধে শ্রবণ করি নাই। আর মূছা বলিলেন—আমার প্রতিপালক খুব অবগত আছেন

(১০) মূছা (আ) [illegible]

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ؕ

বেমান্ জ্বা—আ বেল্ হোদা- মেন্ এন্দেহী- অ মান্ তাকূনো লাহূ আ-কেরাতোদ্দার্।

যে, কে তাঁহার নিকট হইতে হেদায়েত (সত্যধর্ম্ম) আনিয়াছে এবং কাহার জন্য পরকালে শুভ-পরিণতি।

اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ۝ وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا

ইন্নাহূ লা- ইয়্যোফ্লেহোজ্ জা-লেমূন্। অ ক্বা-লা ফেরআওনো ইয়্যা- আইয়্যোহাল্

নিশ্চয় অসত্যচারীদের কোন কল্যাণ হইবে না। অতঃপর ফেরাউন বলিল—ওহে

الْمَلَاُ مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِيْ ۚ فَاَوْقِدْ لِيْ

মালা-ও মা- আলেম্তো লাকুম্ মেন্ এলা-হেন্ গ্বায়্রী, ফাআও ক্বেদ্লী

পরিষদ্বর্গ! আমা ব্যতীত তোমাদের কোন উপাস্য আছে বলিয়া আমি জানি না, অতএব হে হামান! মৃত্তিকায় অগ্নি সংযোগ কর

يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّيْ صَرْحًا لَّعَلِّيْٓ اَطَّلِعُ اِلٰٓى

ইয়্যা- হা-মা-নো আলা—ত্বীনে ফাজ্আল্ লী ছার্হাল্ লাআল্লী— আত্তালেয়ো এলা—

(ইট প্রস্তুত করিতে) এবং আমার জন্য এক উচ্চ অট্টালিকা প্রস্তুত কর এই জন্য যে, (উহাতে উঠিয়া) আমি দৃষ্টি নিক্ষেপ করিব

اِلٰهِ مُوْسٰى ۙ وَاِنِّيْ لَاَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ۝ وَاسْتَكْبَرَ هُوَ

এলা-হে মূছা- অ ইন্নী লা- আজোন্নোহূ মেনাল্ কা-জেবীন্। অছতাক্বারা হুঅ

মূছার খোদার প্রতি—আমি ত তাহাকে মিথ্যাবাদী বলিয়া মনে করি। সে

وَجُنُوْدُهٗ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا

অ জোনূদোহূ ফিল্ আর্দ্বে বে গ্বায়্রেল্ হাক্ক্বে অজান্নু— আন্নাহুম্ এলায়্না-

ও তাহার সৈন্যগণ দেশে অন্যায়ভাবে মস্তকোত্তলন করিল এবং মনে ভাবিল আমার দিকে (মৃত্যুর পর)

لَا يُرْجَعُوْنَ ۝ فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي

লা- ইয়্যোর্জ্জায়ূন্। ফাআখাজ্না-হু অ জোনূদাহূ ফানাবাজ্না-হুম্ ফিল্

তাহারা ফিরিয়া আসিবে না। অতঃপর আমি তাহাকে ও তাহার সৈন্যগণকে ধৃত করিলাম এবং তাহাদিগকে সমুদ্রে নিক্ষেপ করিলাম,

الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ۝ وَجَعَلْنٰهُمْ

ইয়্যাম্মে, ফান্জোর্ কায়্ফা কা-না- আ-ক্বেবাতোজ্ জা-লেমীন্! অ জ্বাআল্না- হুম্

অতএব লক্ষ্য কর, অত্যাচারীদের কিরূপ (ভয়াবহ) পরিণতি ঘটিয়াছিল! আর আমি তাহাদিগকে

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

اَئِمَّةً يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ○

আয়েম্মাতাঁই য়্যাদ্‌য়ুনা এলান্না-রে, অ য়্যাওমাল্ কেয়্যা-মাতে লা- ইয়্যোন্‌ছারূন্।

(পাপকার্য্যে) অগ্রণী করিলাম (কিন্তু তাহারা এমন নিকৃষ্ট অগ্রণী যে, লোকদিগকে জীবদ্দশায়) তাহারা দোযখের পথে আহ্বান করে, এবং কেয়ামতের দিন তাহারা কোনই সাহায্য পাইবে না।

وَاَتْبَعْنٰهُمْ فِىْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ

অ আৎবা'না-হুম্ ফী হা-জ্বেহিদ্ দুন্‌য়্যা- লা'নাতাঙ্, অ য়্যাওমাল্ কেয়্যা-মাতে হুম্

এবং আমি অভিসম্পাৎকে এই জগতে তাহাদের অনুগামী করিয়াছি, ও কেয়ামতের দিনে তাহারা

مِّنَ الْمَقْبُوْحِيْنَ ۝ وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْۢ بَعْدِ مَآ ع ৭/৪ রুকু

মেনাল্ লাক্‌বূহীন্! ع অলাক্বাদ্ আ-তায়্‌না- মূছাল্ কেতা-বা মেম্ বা'দে মা—

শোচনীয় অবস্থায় পতিত হইবে! এবং আমি মুছাকে ধর্ম্মগ্রন্থ প্রদান করিলাম

اَهْلَكْنَا الْقُرُوْنَ الْاُوْلٰى بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً

আহ্‌লাক্‌নাল্ ক্বোরূনাল্ উলা- বাছা—এরা লেন্না-ছে অহোদাঙ্ অ রাহ্‌মাতাল্

পূর্ব্ববর্ত্তী সম্প্রদায়গুলিকে ধ্বংস করিবার পর যাহা মানবজাতির জন্য দর্শনীয়, সৎপথ প্রাপ্তি এবং অনুগ্রহ স্বরূপ

لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ○ وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِىِّ اِذْ قَضَيْنَآ

লা'আল্লাহুম্ য়্যাতাজাক্কারূন্। অমা- কোন্তা বেজ্বানেবেল্ গ্বার্‌বীয়্যে এজ্‌ক্বাদ্বায়্‌না—

এই জন্য যে, তাহারা উপদেশ গ্রহণ করিতে পারে। (হে নবী!) তুমি (সে সময় তুর পর্ব্বতের) পশ্চিম পার্শ্বে উপস্থিত ছিলে না যখন আমি

اِلٰى مُوْسَى الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ۝ وَلٰكِنَّآ اَنْشَاْنَا

এলা- মূছাল্ আম্‌রা অমা- কোন্‌তা মেনাশ্ শা-হেদীনা,—অলা-কেন্না— আন্‌শা'-না-

মূছার প্রতি কার্য্যভার (নবুয়ত) অর্পণ করিলাম এবং তুমি তাহা চাক্ষুষ দেখ নাই, কিন্তু আমি উদ্ভব করিলাম

قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا كُنْتَ ثَاوِيًا فِىْٓ

কোরূনান্ ফাতাত্বা- অলা আলায়্‌হেমোল্ ওমোরো, অমা- কোন্‌তা সা-বিয়্যান্ ফী—

বহু সম্প্রদায়কে অতঃপর তাহাদের উপর দিয়া বহুযুগ অতীত হইল, এবং তুমি অবস্থানকারী ছিলেনা (১১)

(১১) বর্ণনা অর্থপূর্ণ করিবার জন্য কোন কোন স্থানে উহ্য স্বীকার করিয়া লইতে হয় যাহা পূর্ব্ব প্রসঙ্গের সহিত সংযোগ স্থাপন করিতে পারে। আলোচ্য আয়তের পূর্ণ মর্ম্ম এইরূপ হইবে:— "হে নবী! তুমি মূছার নবুয়ত-প্রাপ্তী প্রত্যক্ষ কর নাই। আমি মূছার পরে বহু সম্প্রদায়কে উদ্ভব করিয়াছি। তাঁহারও নবী-যুগ দীর্ঘদিন স্থায়ী ছিল। তৎপরে লোকেরা সত্যপথ পাইবার আকাঙ্ক্ষায় একজন নবীর প্রতীক্ষা করিতেছিল। এই হেতু পর্য্যায়ক্রমে আমি তোমাকে নবীরূপে প্রেরণ করিলাম।

CC-0. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

اَهْلَ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ۝

আহ্‌লে মাদ্‌য়্যানা তাৎলূ আলায়্‌হিম্ আ-য়্যা-তেনা- অলা-কেন্না- কোন্না মোর্‌ছেলীন্।
মাদ্‌ইয়ানবাসীদের সহিত যে, তুমি তাহাদিগকে আমার আয়াতসমূহ শ্রবণ করাইতে কিন্তু আমি রছুলগণকে প্রেরণ করিতাম। (১২)

وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّوْرِ اِذْ نَادَيْنَا وَلٰكِنْ رَّحْمَةً مِّنْ رَّبِّكَ

অমা- কোন্‌তা বেজ্বা-নেবেত্ত্বূরে এজ্ না-দায়্‌না- অলা- কের্‌রাহ্‌মাতাম্ মের্‌রাব্বেকা
আর তুমি সে সময় তুর পর্ব্বতের নিকটে ছিলে না (১৩) (যে ঐ ঘটনা চাক্ষুষ দেখিয়াছ) যখন (মুছাকে) আহ্বান করিলাম বরং (ইহা) তোমার প্রতিপালকের অনুগ্রহ যে,

لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ

লেতোনজেরা ক্বাওমাম্ মা— আতা-হুম্ মেন্ নাজীরেম্ মেন্ ক্বাব্‌লেকা- লাআল্লাহুম্
তুমি ভয় প্রদর্শন করিবে এমন সম্প্রদায়কে যাহাদের নিকট তোমার পূর্ব্বে কোন ভয় প্রদর্শনকারী আসে নাই এই জন্য যে,

يَتَذَكَّرُوْنَ ۝ وَلَوْلَآ اَنْ تُصِيْبَهُمْ مُّصِيْبَةٌ ۢ بِمَا قَدَّمَتْ

য়্যাতাজাক্‌কারূন্। অ লাও্‌লা— আন্ তোছীবাহুম্ মোছীবাতোম্ বেমা- কাদ্দামাৎ
তাহারা উপদেশ গ্রহণ করিতে পারে। আর তাহারা যেন এই অনুযোগ করিতে না পারে যখন উহাদের কৃতকর্ম্মের শাস্তি আসিবে

اَيْدِيْهِمْ فَيَقُوْلُوْا رَبَّنَا لَوْلَآ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا

আয়্‌দীহিম্ ফায়্যাক্বূলূ রাব্বানা- লাও্‌লা— আর্‌ছাল্‌তা এলায়্‌না- রাছূলান্
তখন তাহারা বলিবে—হে আমাদের প্রতিপালক! আপনি কেন আমাদের নিকট রছুল প্রেরণ করেন নাই?

فَنَتَّبِعَ اٰيٰتِكَ وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ۝ فَلَمَّا جَآءَ

ফানাত্তাবেআ আ-য়্যা-তেকা অনাকুনা মেনাল্ মো'মেনীন্। ফালাম্মা- জ্বা—আ
—তাহা হইলে আমরা আপনার নির্দ্দেশ অনুসারে চলিতাম এবং ধর্ম্মবিশ্বাসী হইতাম। অতঃপর যখন

যে বিষয়ে তুমি অজ্ঞাত ছিলে আমি অহী দ্বারা তাহা তোমাকে অবগত করাইয়াছি। আরও তোমার নবী হওয়ার অন্যতম প্রমাণ যে, তুমি মুছাকে চাক্ষুষ দেখ নাই অথবা তাহার গ্রন্থ পাঠ কর নাই তথাপি তুমি তাহার সমসাময়িক ঘটনাবলী লোকসমক্ষে বর্ণনা করিতে পারিতেছ।"

(১২) এই নিমিত্ত আমি তোমাকে অহী দ্বারা পূর্ব্ববর্ত্তী অবস্থাসমূহ জ্ঞাত করাইয়াছি।

(১৩) অনুবাদে সঙ্কুলান না হওয়ার কারণ উহ্য বিষয় অনুবাদিত হয় নাই। নচেৎ এইরূপ অনুবাদ হইবে যে, "তুমি তুর পর্ব্বতের (কোন) পার্শ্বে ই উপস্থিত ছিলেনা (যে, স্বচক্ষে দেখিয়াছ) বরং (এ সমস্ত ব্যাপার তুমি অহী দ্বারা অবগত হইয়াছ এবং তোমার ও সমূহ লোকের উপর) তোমার প্রতিপালকের অনুগ্রহ (যে, তিনি তোমাকে নবীরূপে প্রেরণ করিয়াছেন) এই জন্য যে, তুমি ঐ সকল (আরবের) লোকদিগকে (আল্লা'র শাস্তি হইতে) ভয় প্রদর্শন কর,—যাহাদের নিকট তোমার পূর্ব্বে কোন ভয় প্রদর্শনকারী আসে নাই।"

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

هُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْا لَوْلَآ اُوْتِيَ مِثْلَ مَآ اُوْتِيَ مُوْسٰى ط

হুমোল্ হাক্কু মেন্ এন্দেনা ক্বা-লূ লাও্লা—উতেয়্যা মেস্লা মা—উতেয়্যা মূছা- ?
আমার তরফ হইতে তাহাদের নিকট সত্যধর্ম্ম আসিল, তখন তাহারা বলিতে লাগিল—ইহা (নবী)কে মূছার ন্যায় (মো'জেযা) প্রদান করা হয় নাই কেন ?

اَوَلَمْ يَكْفُرُوْا بِمَآ اُوْتِيَ مُوْسٰى مِنْ قَبْلُ ج قَالُوْا سِحْرٰنِ

আ অলাম্ য়্যাক্ফোরু বেমা—উতেয়্যা মূছা- মেন্ ক্বাব্লো, ক্বা-লূ ছেহ্রা-নে
ইতিপূর্ব্বে মূছাকে যাহা প্রদান করা হইয়াছিল তৎপ্রতি তাহারা কি ধর্ম্মদ্রোহীতা করে নাই ?—তাহারা বলিল—ইহারা উভয়ে (মূছা ও এই নবী) যাদুকর,

تَظٰهَرَا ق وَقَالُوْٓا اِنَّا بِكُلٍّ كٰفِرُوْنَ ○ قُلْ فَاْتُوْا بِكِتٰبٍ

তাজা-হারা ; অ ক্বা-লূ— ইন্না- বেকোল্লেন্ কা-ফেরূন্। ক্বোল্ ফাতু বেকেতা-বেম্
পরস্পর সাহায্যকারী (১৪) আরও তাহারা বলিল—আমরা উভয়কেই মানি না। (হে নবী!) তুমি বল—(কোরআন ও তওরাৎ যদি অমান্য কর) তবে আল্লার তরফ হইতে এরূপ কেতাব

مِّنْ عِنْدِ اللّٰهِ هُوَ اَهْدٰى مِنْهُمَآ اَتَّبِعْهُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ○

মেন্ এন্দেল্লা-হে হুঅ আহ্দা- মেন্হুমা— আত্তাবে'হু ইন্ কোন্তুম্ ছা-দেকীন্।
আনয়ন কর যাহা উক্ত উভয় কেতাব অপেক্ষা উৎকৃষ্ট সুপথ প্রদর্শনকারী হয় তবে আমি উহার অনুসরণ করিব, যদি তোমরা সত্যবাদী হও।

فَاِنْ لَّمْ يَسْتَجِيْبُوْا لَكَ فَاعْلَمْ اَنَّمَا يَتَّبِعُوْنَ اَهْوَآءَهُمْ ط

ফাইল্লাম্ য়্যাছ্তাজীবূ লাকা ফা'লাম্ আন্নামা- য়্যাত্তাবেয়ূনা আহ্অ—আহুম্।
অতঃপর তাহারা যদি তোমার কথা অনুযায়ী না চলে তবে তুমি অবগত হও যে, তাহারা নিজ নিজ কু-প্রবৃত্তিরই (নফ্ছের) অনুসরণ করে।

وَمَنْ اَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوٰىهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ ط اِنَّ اللّٰهَ

অ মান্ আদ্বাল্লো মেম্মানেত্তাবাআ হাঅ-হু বেগায়্রে হোদাম্ মেনাল্লাহ্ ? ইন্নাল্লা-হা
যে ব্যক্তি আল্লার হেদায়েত ছাড়িয়া কু-প্রবৃত্তির অনুসরণ করে তাহার অপেক্ষা নিকৃষ্ট পথভ্রান্ত আর কে আছে ? নিশ্চয় আল্লাহ্

لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ۝ وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ ع ৮—৫ রুকু

লা- য়্যাহ্দিল্ ক্বাওমাজ্ জা-লেমীন্। অ লাক্বাদ্ অছ্ছাল্না- লাহুমোল্ ক্বাওলা
ধর্ম্মদ্রোহী সম্প্রদায়কে সৎপথ দেখান না। আমি তাহাদের নিকট নির্দ্দেশ (কোরআন) প্রেরণ করিয়া আসিতেছি

(১৪) 'সাহায্যকারী' বলার তাহাদের উদ্দেশ্য এই ছিল যে, উভয়ের শিক্ষা—একজনের অপরের সহিত মিলিত এবং তাঁহাদের কার্য্যকলাপও একই পর্য্যায়ভুক্ত ছিল। কাজেই তাহারা উভয় নবীকে একে অপরের সমর্থক বলিয়া মনে করিত।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

لَعَلَّهُمْ يَتَذَكَّرُونَ ۝ الَّذِينَ آتَيْنَاهُمُ الْكِتَابَ مِنْ

লাআল্লাহুম্ য়্যাতাজাক্কারূন্। আল্লাজীনা আ-তায়্না- হুমোল্ কেতা-বা মেন্

এই জন্য যে, তাহারা উপদেশ গ্রহণ করিতে পারে। যাহাদের নিকট ইতি (কোরানের) পূর্ব্বে ধর্ম্মগ্রন্থ প্রদান করিয়াছি

قَبْلِهِ هُمْ بِهِ يُؤْمِنُونَ ۝ وَإِذَا يُتْلَىٰ عَلَيْهِمْ قَالُوا

ক্বাব্লেহী- হুম্ বেহী- ইয়্যো'মেনূন্। অ এজা- ইয়্যোৎলা আলায়্হিম্ ক্বা-লূ—

তাহারা ইহার প্রতি বিশ্বাস করে। (১৫) এবং যখন তাহাদিগকে উহা শ্রবণ করান হয় তাহারা (বিবেকসম্পন্ন সত্যদর্শীরা) বলে—

آمَنَّا بِهِ إِنَّهُ الْحَقُّ مِنْ رَبِّنَا إِنَّا كُنَّا مِنْ قَبْلِهِ

আ-মান্না বেহী—ইন্নাহুল্ হাক্ক্বো মের্রাব্বেনা— ইন্না কোন্না- মেন্ ক্বাব্লেহী-

আমরা উহার প্রতি বিশ্বাস স্থাপন করিয়াছি, নিশ্চয় উহা আমাদের প্রতিপালকের তরফ হইতে সত্য—আমরা তো পূর্ব্ব হইতেই উহাকে

مُسْلِمِينَ ۝ أُولَٰئِكَ يُؤْتَوْنَ أَجْرَهُمْ مَرَّتَيْنِ بِمَا صَبَرُوا

মোছ্লেমীন্। উলা—একা ইউ্তাও্না আজ্রাহুম্ মার্রাতায়্নে বেমা- ছাবারূ

মান্য করি। তাহাদিগকেই দ্বিগুণ পুরস্কারে পুরস্কৃত করা হইবে যেমন তাহারা (অত্যাচারের) ধৈর্য্য অবলম্বন করিয়াছিল

وَيَدْرَءُونَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنَاهُمْ يُنْفِقُونَ ۝

অ য়্যাদ্রাউনা বেল্ হাছানাতেছ ছাইয়্যেয়াতা অ মেম্মা- রাযাক্না-হুম্ ইয়্যোন্ফেক্বূন।

এবং সৎকার্য্য দ্বারা অসৎকার্য্য প্রতিরোধ করে ও আমার প্রদত্ত হইতে তাহারা (আল্লার পথে) ব্যয় করে।

وَإِذَا سَمِعُوا اللَّغْوَ أَعْرَضُوا عَنْهُ وَقَالُوا لَنَا أَعْمَالُنَا وَلَكُمْ

অ এজা- ছামেউল্ লাগ্ব্অ আ'রাদ্বূ আন্হু অ ক্বা-লূ লানা— আ'মালোনা- অলাকুম্

এবং তাহারা যখন (কাহারও নিকট হইতে) অপ্রীতিকর শ্রবণ করে তখন উহা হইতে তাহারা সরিয়া পড়ে এবং বলে—আমাদের কার্য্যসমূহ আমাদের জন্য এবং তোমাদের কার্য্যগুলি

(১৫) বিবেকসম্পন্ন সত্যানুরাগীর যে শর্ত্ত নির্দ্দেশ করা হইয়াছে তাহা ষষ্ঠ পারা ছুরা নেছার :—

الراسخون فى العلم منهم والمؤمنون يؤمنون بما انزل اليك

আয়ত হইতে গৃহীত হইয়াছে। কারণ কোরআনের অন্যতম বর্ণনা-পদ্ধতি হইতেছে একই বিষয় আবশ্যকবোধে বিভিন্ন স্থানে বিভিন্ন প্রকারে বর্ণিত হয়। এই হেতু স্থিরীকৃত হইয়াছে যে, القرآن يفسر بعضه بعضا অর্থাৎ কোরআন শরীফের একস্থানের বর্ণনা অন্য স্থানের বিশদ ব্যাখ্যা।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

اَعْمَالُكُمْ ز سَلٰمٌ عَلَيْكُمْ ز لَا نَبْتَغِى الْجٰهِلِيْنَ ۝ اِنَّكَ لَا

আ'মা-লোকুম্, ছালা-মোন্ আলায়্কুম্, লা- নাব্তাগিল্ জা-হেলীন্। ইন্নাকা লা-

তোমাদের জন্য, (দূর হইতে) তোমাদিগকে 'ছালাম' যেহেতু আমরা অজ্ঞদের (সঙ্গলাভ) চাহি না। (হে নবী !) তুমি

تَهْدِىْ مَنْ اَحْبَبْتَ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِىْ مَنْ يَّشَآءُ ۚ وَهُوَ اَعْلَمُ

তাহ্দী মান্ আহ্বাব্তা অলা-কেন্নাল্লা-হা ইয়্যাহ্দী মাঁই য়্যাশা—ও্ অ হুঅ আ'লামো

যাহাকে ইচ্ছা কর তাহাকে সৎপথে আনিতে পার না কিন্তু আল্লাই তাঁহার ইচ্ছামত ব্যক্তিকে সৎপথে আনিতে পারেন, এবং তিনি

بِالْمُهْتَدِيْنَ ۝ وَقَالُوْٓا اِنْ نَّتَّبِعِ الْهُدٰى مَعَكَ نُتَخَطَّفْ مِنْ

বেল্ মোহ্তাদীন্। অ ক্বা-লূ— ইন্ নাত্তাবেয়েল্ হোদা- মাআকা নোতাখাত্ত্বাফ্ মেন্

সৎপথ প্রার্থীদিগকে ভালরূপ জানেন। আর (কোন কোন মক্কাবাসী) তাহারা বলে—যদি আমরা তোমার সহিত সত্যধর্ম্মের অনুসরণ করি তাহা হইলে আমাদিগকে আমাদের দেশ হইতে

اَرْضِنَا ط اَوَلَمْ نُمَكِّنْ لَّهُمْ حَرَمًا اٰمِنًا يُّجْبٰٓى

আর্দ্বেনা-। আ অ লাম্ নোমাক্কেল্ লাহুম্ হারা-মান্ আ-মেনাই ইয়্যোজ্বা—

বহিষ্কৃত করা হইবে। (১৬) আর আমি কি তাহাদের জন্য 'হরম' (মক্কা)কে নিরাপদ বাসস্থান করি নাই

اِلَيْهِ ثَمَرٰتُ كُلِّ شَىْءٍ رِّزْقًا مِّنْ لَّدُنَّا وَلٰكِنَّ اَكْثَرَ

এলায়্হে সামারা-তো কুল্লে শাইয়্যের্ রেয্কাম্ মেল্লাদোন্না- অলা- কেন্না- আক্সারা

যেখানে (অনুর্ব্বর সত্ত্বেও) প্রত্যেক প্রকারের ফল খাদ্যরূপে আমার তরফ হইতে (সংগৃহীত) টানিয়া আনা হয় ? (১৭) কিন্তু তাহাদের অধিকাংশই

(১৬) বহু সংসারাশক্ত মানুষ সত্য ধর্ম্মের সত্যতা ও প্রয়োজনীয়তা অনুভব করা সত্ত্বেও পার্থিব কারণবশতঃ ইসলামের অনুশাসন কার্য্যে পরিণত করে না। অনুরূপ পার্থিব কারণবশতঃ তখনকার মক্কাবাসী মোশ্রেকগণ সত্য ধর্ম্ম ইসলাম অবলম্বন করিত না। হাদীছ শরীফে বর্ণিত আছে যে, "একদা হারেশ নামক জনৈক ব্যক্তি হজরত নবী করীম (দঃ)-এর নিকট আসিয়া জ্ঞাপন করিল যে, আপনি যাহা বলিতেছেন তাহা সম্পূর্ণ ন্যায় ও সত্য কিন্তু আমরা এই আশঙ্কা করি যে, আমরা ইসলাম অবলম্বন করিলে আরববাসীরা আমাদিগকে অতি সত্বর বহিষ্কৃত করিয়া দিবে, একে একে সকলে যুদ্ধে অগ্রসর হইবে এবং মক্কা হইতে আমাদিগকে বিতাড়িত করিবে।" অর্থাৎ যাহারা মুছলমানের বিপক্ষ দল আমরা ইসলাম গ্রহণ করিলে তাহারা আমাদিগকে ধৃত করিয়া অন্যত্র কোথাও লইয়া গিয়া খোদা জানেন, তাহারা আমাদিগকে হত্যা করিবে কি ক্রীত দাসরূপে রাখিবে কাহারও নিকট বিক্রয় করিতে পারে।

(১৭) আরববাসীরা ইসলামের আবির্ভাবের পূর্ব্ব হইতেই কা'বাগৃহের যথেষ্ট সম্মান করিত। তাহারা কোরায়েশ বংশীয় লোককে উহার রক্ষণাবেক্ষণকারী মনে করিত। এই হেতু তাহারা তাহাদের উপর কখনও আক্রমণমূলক ব্যবহার করিত না; দেশে তাহাদের অবাধশক্তি ছিল। মক্কা 'নিরাপদ' হওয়ার কারণ তথায় কোন অপরাধী আশ্রয়প্রার্থী হইলে তাহার বিরুদ্ধে কেহ কোন অনুযোগ করিতে পারিত না! পক্ষান্তরে মক্কা ও উহার পার্শ্ববর্ত্তী স্থানসমূহ পর্ব্বতাকীর্ণ ও মরুময় হওয়ায় তথাকার মৃত্তিকা অনুর্ব্বর;

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

هُمْ لَا يَعْلَمُوْنَ ○ وَكَمْ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ بَطِرَتْ مَعِيْشَتَهَا ۚ

হুম্ লা- য়্যা'লামূন্। অ কাম্ আহ্লাক্না- মেন্ ক্বারয়্যাতেম্ বাতেরাৎ মায়ীশাতাহা,

জ্ঞান রাখেনা। আর আমি এরূপ বহু লোকালয় বিনষ্ট করিয়াছি যাহা খাদ্য-সম্ভারে অত্যধিক পূর্ণ ছিল,

فَتِلْكَ مَسٰكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِّنْ بَعْدِهِمْ اِلَّا قَلِيْلًا ۭ وَكُنَّا

ফাতেল্কা মাছা-কেনোহুম্ লাম্ তোছ্কাম্ মেম্ বা'দেহিম্ ইল্লা- ক্বালীলা-। অ কোন্না-

অতএব (লক্ষ্য কর) ইহা তাহাদেরই বাসস্থান যাহাতে (বিধ্বস্ত হওয়ার পর) অতি অল্প লোকই বসবাস করে। এবং (পরিণামে)

نَحْنُ الْوٰرِثِيْنَ ○ وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ

নাহ্নোল্ অ-রেসীন্। অমা- কা-না রাব্বোকা মোহ্লেকাল্ ক্বোরা- হাত্তা য়্যাব্আসা

আমিই উহার একমাত্র উত্তরাধিকারী। আর তোমার প্রতিপালক কোন লোকালয় ধ্বংস করেন না যতক্ষণ না প্রেরণ করেন

فِيْٓ اُمِّهَا رَسُوْلًا يَّتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۚ وَمَا كُنَّا مُهْلِكِي

ফী— উম্মেহা রাছূলাঁই য়্যাৎলূ আলায়্হিম্ আ-য়্যা-তেনা-, অমা কোন্না- মোহ্লেকিল্

উহার কেন্দ্রস্থলে (১৮) একজন রছুল যিনি তাহাদের নিকট আমার আয়তসমূহ পাঠ করিয়া শ্রবণ করান, আরও আমি ধ্বংস করি না

الْقُرٰٓى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ○ وَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَيْءٍ

ক্বোরা— ইল্লা- অ আহলোহা- জা-লেমূন্। অমা— উতীতুম্ মেন্ শাইয়্যোন্

কোন লোকালয়কে যতক্ষণ উহার অধিবাসীরা আমার আদেশ অমান্য না করে। আর যাহা তোমাদিগকে প্রদত্ত হইয়াছে

কোন শস্যাদি জন্মায় না। এতৎসত্ত্বেও অধিবাসীদের প্রয়োজনানুরূপ খাদ্যসমূহ অন্যান্য স্থান হইতে আমদানী হইয়া থাকে এবং সর্ব্বদা পাওয়া যায়। এই জন্য আল্লাহ্ তায়ালা বলিয়াছেন যে, প্রত্যেক প্রকারের ফল টানিয়া আনা হয়'।

(১৮) اصل আর্থাৎ ام القرى ইহার শব্দার্থ—গ্রামসমূহের জননী। এস্থলে ইহার মর্ম্ম কেন্দ্রস্থানীয় গণ্ডগ্রাম বা নগরী যেখানে বহু লোক বসবাস করিয়া থাকে। কারণ নবীগণ ক্ষুদ্র পল্লীতে প্রেরিত হয়েন নাই; বহু সংখ্যক লোক যেস্থানে থাকে সেখানে আল্লাহ্ তায়ালা তাঁহাদিগকে ধর্ম্ম প্রচারের জন্য প্রেরণ করিতেন। তথা হইতে তাঁহার শিক্ষাসমূহ পল্লিতে পল্লিতে প্রচারিত হইত। যেমন হজরত নবী করীম (দঃ) আল্লাহ্ তায়ালার অনুগ্রহে আরবের মক্কা শহরে আবির্ভাব হইয়াছিলেন। তৎপরে তাঁহার ত্রুটীহীন শিক্ষাসমূহ সমগ্র আরব কেন সমগ্র বিশ্বে প্রচারিত হইয়াছে।

এস্থলে 'উম্মুল্ ক্বোরা' শব্দকে ভিন্নার্থে ব্যবহার করা হইয়াছে। নগরী যে মাতৃস্থানীয়া এবং ক্ষুদ্র গ্রামগুলি উহার সন্তান স্থানীয়। সাধারনতঃ দেখা যায় যে, নগরীতে স্থান সঙ্কুলান না হইলে লোকেরা পার্শ্ববর্ত্তী ক্ষুদ্র গ্রাম বা পল্লীতে বসবাস করিয়া থাকে। এই হিসাবে নগরীকে 'উম্মুল্ ক্বোরা' বলা হয়। যেমন, যে ভাষা হইতে অন্য ভাষা উৎপত্তি হয় তাহাকে ام اللسنة বা ভাষাসমূহের মাতা বলে। যেমন আরবী ভাষা, উহা হইতে ফারসী, উর্দ্দূ ইত্যাদি ভাষার উদ্ভব হইয়াছে। আরও যেমন কাশরোগকে ইউনানী মতে ام الامراض বা রোগনিচয়ের মাতা বলা হয়। এই হেতু যে, উহা হইতে বিবিধ রোগের উৎপত্তি হয়।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ

ফামাতা-ওল্ হায়্যা-তেদ্ দুন্য়্যা- অ যীনাতোহা-, অমা- এন্দাল্লা-হে খায়্রোঙ্

উহা পার্থিব (নশ্বর) সম্পদ ও জাগতিক মনোরম এবং যাহা আল্লাহ্ তায়ালার নিকট (প্রতিদান ও পূণ্য) আছে তাহাই শ্রেষ্ঠ

وَّاَبْقٰى ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ۝ اَفَمَنْ وَّعَدْنٰهُ وَعْدًا حَسَنًا

অ আব্কা-। আফালা- তা'কেলূন্? ع আফামাঙ্ অআদ্না-হু অ'দান্ হাছানান্

ও অবিনশ্বর! তোমরা কি (এতটুকু) বুঝিতেও অক্ষম? ঐ ব্যক্তি কি তদ্রূপ আমি যাহাকে উৎকৃষ্ট (বেহেশ্তের) প্রতিশ্রুতি দিয়াছি

ع ৯ — ৬ রুকু

فَهُوَ لَاقِيْهِ كَمَنْ مَّتَّعْنٰهُ مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ثُمَّ هُوَ

ফাহুঅ লা- ফীহে কামাম্ মাত্তা'না-হু মাতা-আল্ হায়্যা-তেদ্ দুন্য়্যা- সুম্মা হুঅ

অতএব সে পাইবেই, যদ্রূপ ঐ ব্যক্তি যাহাকে আমি পার্থিব সম্পদে সম্পদশালী করিয়াছি, পুনরায় সে

يَوْمَ الْقِيٰمَةِ مِنَ الْمُحْضَرِيْنَ ۝ وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ

য়্যাওমাল্ ক্বেয়া-মাতে মেনাল্ মোহ্দ্বারীন্। অ য়্যাওমা ইয়্যোনা-দীহিম্ ফায়্যাক্ূলো

কেয়ামতের দিবস ধৃত অবস্থায় উপস্থাপিত হইবে? (১৯) আর সেদিন তিনি তাহাদিগকে ডাকিয়া বলিলেন—

اَيْنَ شُرَكَآءِيَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ۝ قَالَ الَّذِيْنَ

আয়্না শোরাকা—য়ে ইয়্যাল্লাজীনা কোন্তুম্ তায্ওমূন্। ক্বা-লাল্ লাজীনা

তাহারা কোথায় যাহাদিগকে তোমরা আমার সমকক্ষ (শরীক) জ্ঞান করিতে? যখন তাহাদের

حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَغْوَيْنَا ۚ

হাক্ক্বা আলায়্হিমোল্ ক্বাওলো রাব্বানা হা—উলা—য়েল্ লাজীনা আগ্অয়্না-,

উপর অভিযোগ প্রমাণিত হইবে (২০) তাহারা (শরীকগণ) বলিবে—হে আমাদের প্রতিপালক! আমরাই উহাদিগকে পথভ্রষ্ট করিয়াছি,

اَغْوَيْنٰهُمْ كَمَا غَوَيْنَا ۚ تَبَرَّاْنَآ اِلَيْكَ ۖ مَا كَانُوْٓا اِيَّانَا

আগ্অয়্না-হুম্ কামা- গ্বাঅয়্না, তাবার্রানা— এলায়্কা, মা- কা-নূ— ইয়্যা-না-

যেমন আমরা তাহাদিগকে পথভ্রষ্ট করিয়াছি তেমন আমরাও পথভ্রষ্ট হইয়াছি; আমরা (তাহাদের পথভ্রান্তির ব্যাপারে) আপনার দরবারে নির্দোষ,—তাহারা আমাদিগকে

(১৯) প্রতিশ্রুত বেহেশ্তী সম্পদ যেন 'ধারে কারবার' এবং পার্থিব সম্পদ 'নগদ কারবার' স্বরূপ; তথাপি উহা উৎকৃষ্ট কারণ পার্থিব সম্পদ নশ্বর এবং বেহেশ্তী সম্পদ অবিনশ্বর।

(২০) 'যখন তাহাদের উপর অভিযোগ প্রমাণিত' অর্থে আল্লাহ্ তায়ালার অঙ্গীকার অনুযায়ী যখন পাপাচারীগণ দোযখে শাস্তি ভোগ করিবে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَعْبُدُوْنَ ○ وَقِيْلَ ادْعُوْا شُرَكَآءَكُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ ۚ

য়্যা'বোদূন্। অ ক্বীলাদ্‌য়ূ শোরাকা—আকুম্ ফাদাআও্ হুঅ ফালাম্ য়্যাছ্‌তাজ্বীবূ লাহুম্,

পূজা করিত না। (২১) আর (অংশীবাদীগণকে) বলা হইবে—তোমাদের (কল্পিত) উপাস্যগণকে (সাহায্যার্থে) আহ্বান কর অতঃপর তাহারা আহ্বান করিবে তখন তাহারা তাহাদের কোন উত্তর দিবে না'

وَرَاَوُا الْعَذَابَ ۚ لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ○ وَيَوْمَ يُنَادِيْهِمْ

অ রাআবোল্ আজা-বা, লাও্ আন্নাহুম্ কা-নূ য়্যাহ্‌তাদূন্। অ য়্যাওমা ইয়্যোনা-দীহিম্

এবং প্রত্যক্ষ করিবে শাস্তি, আর আকাঙ্খা করিবে যে তাহারা যদি সৎপথ পাইত। এবং সেদিন (আল্লাহ) তাহাদিগকে ডাকিয়া বলিলেন—

فَيَقُوْلُ مَاذَآ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ○ فَعَمِيَتْ عَلَيْهِمُ

ফাইয়্যাক্বূলো মা-জা—আজ্বাব্ তুমোল্ মোর্‌ছালীন্? ফাআ'মেয়্যাৎ আলায়্‌হিমোল্

তোমরা রছূলগণের (ধর্ম্মের আহ্বানে) কি উত্তর দিয়াছিলে? অতঃপর যেদিন তাহারা

الْاَنْۢبَآءُ يَوْمَئِذٍ فَهُمْ لَا يَتَسَآءَلُوْنَ ○ فَاَمَّا مَنْ تَابَ

আমবা—ও য়্যামাএজেন ফাহুম্ লা- য়্যাতাছা—আলূন। ফাআম্মা- মান্ তা-বা

কোন কথা তুলিবার পথ পাইবে না—অতএব তাহারা পরস্পর কথোপকথন করিতেও পারিবে না। কিন্তু যে ব্যক্তি তওবা করিল

وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَسٰٓى اَنْ يَّكُوْنَ مِنَ الْمُفْلِحِيْنَ ○

অ আ-মানা অ আমেলা ছা-লেহান ফাআছা—আঁই য়্যাকূনা মেনাল্ মোফ্‌লেহীন্।

ও ধর্ম্মবিশ্বাসী হইয়া সৎকার্য্য করিল আসা করা যায়, সে সুফল পাইবে

وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَآءُ وَيَخْتَارُ ؕ مَا كَانَ لَهُمُ

অ রাব্বাকা য়্যাখলোক্বো মা- য়্যাশা—য়ো অ য়্যাখ্‌তার্। মা- কা-না লাহুমোল্

এবং (হে নবী!) তোমার প্রতিপালক যাহা ইচ্ছা সৃষ্টি করেন ও নির্ব্বাচন করেন। তাহাদের

(২১) شركاء অর্থাৎ 'কল্পিত উপাস্যগণ' অর্থে কখনও মূর্ত্তি, ফেরেশ্‌তা, নবী, সমাজ-নেতা ও দুর্ব্বৃত্ত শয়তান বুঝা যায়। কারণ আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও আল্লার বিশিষ্টগুণে গুণান্বিত জানিলে ইসলামের পরিভাষায় তাহাকে নিকৃষ্ট শের্ক বা অংশীবাদীতা বলে। এইরূপে কাহারও আদেশকে আল্লাহ্ তায়ালার নির্দ্দেশের উপরে স্থান দিলেও উহা শের্কের পর্য্যায়ভুক্ত হয়। এস্থলে 'শোরাকা' অর্থ দুর্ব্বৃত্ত শয়তানদিগকে বুঝাইতেছে। এসম্বন্ধে ত্রয়োদশ পারা ছুরা ইব্‌রাহিমে অংশী ও অংশীবাদীদের মধ্যে বাদানুবাদের বিষয় উল্লিখিত হইয়াছে। ফলকথা, পরকালে শয়তানগণ পরিষ্কার ভাষায় বলিবে—'যাহারা স্বেচ্ছায় আমাদের অনুগামী হইয়াছে। আমাদের পথভ্রান্তির ফলেই উহারা আমাদের অনুযায়ী হয় নাই বরং নিজেদের কু-প্রবৃত্তির বশবর্ত্তী হইয়াই আমাদের পথানুসরণ করিয়াছে। প্রকৃতপক্ষে উহারা নিজেদের প্রবৃত্তিসহ পূজা করিয়াছে—আমাদের পূজা করে নাই।' ماكانوا ايانا يعبدون আয়তের অন্য অর্থ এই হইতে পারে—ইহারা তো আমাদের মোটেই আজ্ঞাবাহী ছিল না!'

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

الْخِيَرَةُ ط سُبْحٰنَ اللّٰهِ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ○ وَرَبُّكَ

খেয়্যারাহ্। ছোবহা-নাল্লা-হে অ তাআ-লা- আম্মা- ইয়্যোশ্‌রেকূন্। অ রাব্বোকা

(ইহাতে) কোন নির্ব্বাচনাধিকার ন'ই। তাহারা যে বিষয় আল্লার শের্ক করিতেছে আল্লাহ্ তাহা হইতে পবিত্র ও বহু উচ্চে! (২২) আর তোমার প্রতিপালক

يَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ○ وَهُوَ اللّٰهُ لَآ

য়্যা'লামো মা- তোকেন্নো ছোদূরোহুম্ অমা- ইয়্যো'লেনূন্। অহুওঅল্লা-হো লা—

জানেন যাহা তাহাদের অন্তরসমূহ গোপনে করে এবং যাহা তাহারা প্রকাশ্য করে। আর তিনিই আল্লাহ্

اِلٰهَ اِلَّا هُوَ ط لَهُ الْحَمْدُ فِى الْاُوْلٰى وَالْاٰخِرَةِ ز وَلَهُ الْحُكْمُ

এলা-হা ইল্লা-হু। লাহুল্ হাম্‌দো ফিল্ উলা- অল্ আ-খেরা-তে, অলাহুল্ হোক্‌মো

তিনি ব্যতীত আর কেহই উপাস্য নাই? তাঁহারই জন্য ইহকালে ও পরকালে ও প্রশংসা এবং তাঁহারই জন্য রাজাধিপত্য

وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ○ قُلْ اَرَءَيْتُمْ اِنْ جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ

অ এলায়্‌হে তোর্‌জ্বায়ূন্। ক্বোল্ আরাআয়্‌তুম্ ইন্ জ্বায়াল্লা-হো আলায়কুমোল্

এবং তাঁহারই দিকে তোমাদিগকে প্রত্যবর্ত্তন করিতে হইবে। তুমি বল—তোমরা কি লক্ষ্য করিয়াছ যদি আল্লাহ্ তায়ালা তোমাদের জন্য

الَّيْلَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ اِلٰهٌ غَيْرُ اللّٰهِ

লায়্‌লা ছার্‌মাদান্ এলা- য়্যাওমেল্ ক্বেয়্যা-মাতে মান্ এলা-হোন্ গায়্‌রোল্লা-হে

রাত্রিকে কেয়ামত পর্য্যন্ত দীর্ঘস্থায়ী করেন তবে আল্লাহ্ ব্যতীত এমন উপাস্য কে আছে যে সে

يَأْتِيْكُمْ بِضِيَآءٍ ط اَفَلَا تَسْمَعُوْنَ ○ قُلْ اَرَءَيْتُمْ اِنْ

য়্যাতীকুম্ বেদ্বীয়া—এ? আফালা তাছমায়ূন্? ক্বোল্ আরায়্‌তুম্ ইন্

দিবালোক আনয়ন করিতে পারে? (এমন শিক্ষাপ্রদ কথাও) তোমরা শ্রবণ করিতেছ না কেন? তুমি বল তোমরা কি লক্ষ্য করিয়াছ,

جَعَلَ اللّٰهُ عَلَيْكُمُ النَّهَارَ سَرْمَدًا اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ مَنْ

জ্বাআলাল্লা-হো আলায়কুমোন্নাহা-রা ছার্‌মাদান্ এলা- য়্যাওমেল্ ক্বেয়া-মাতে মান্

যদি আল্লাহ্ তোমাদের জন্য দিবসকে কেয়ামত পর্য্যন্ত দীর্ঘস্থায়ী করেন তবে

(২২) হজরত নবী করীম (দঃ)-এর নিকট মক্কার অধিবাসীরা 'রেছালত' ব্যাপারে এই বলিয়া তর্ক উত্থাপন করিত যে, ধনৈশ্বর্য্য ও বংশমর্য্যাদার দিক দিয়া অন্য লোক নবী হইবার সমধিক অধিকারী। তাহাদের উত্তরে আল্লাহ্ তায়ালা বলিয়াছে—ইহার নির্ব্বাচনাধিকার একমাত্র আমারই ইচ্ছাধীন'। পার্থিব ধনপ্রাচুর্য্য পদমর্য্যাদায় নবী হওয়া যায় না বরং ইহার জন্য প্রয়োজন বিশুদ্ধ ও নির্ম্মল অন্তর। অধিকন্তু উক্ত ব্যাপারে অনধিকার হস্ত ক্ষেপের সোজা অর্থ এক প্রকার শের্ক।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

إِلٰهٌ غَيْرُ اللّٰهِ يَأْتِيكُمْ بِلَيْلٍ تَسْكُنُونَ فِيهِ ط أَفَلَا

এলা-হোন্ গায়্রোল্লা-হে য়্যা-তীকুম্ বেলায়্লেন্ তাছ্কোনূনা ফীহ্? আফালা-

আল্লাহ্ ব্যতীত এমন উপাস্য কে আছে যে, তোমাদের জন্য রাত্রি আনয়ন করিতে পারে যাহাতে তোমরা বিশ্রাম গ্রহণ করিতে পার? তোমরা কি

تُبْصِرُونَ ○ وَمِنْ رَحْمَتِهِ جَعَلَ لَكُمُ اللَّيْلَ وَالنَّهَارَ لِتَسْكُنُوا

তোব্ছেরূন্? অ মের্রাহ্মাতেহী- জ্বাআলা লাকুমোল্ লায়্লা- অন্নাহা-রা লেতাছ্কোন্

দেখিতেছ না? তিনি স্বীয় করুণায় তোমাদের জন্য দিবারাত্র সৃজন করিয়াছেন, উহাতে (রাত্রিতে) বিশ্রামের জন্য

فِيهِ وَلِتَبْتَغُوا مِنْ فَضْلِهِ وَلَعَلَّكُمْ تَشْكُرُونَ ○ وَيَوْمَ

ফী-হে অলেতাব্তাগূ মেন্ ফাদ্বলেহী- অ লাআল্লাকুম্ তাশ্কোরূন্। অ য়্যাওমা

এবং (দিবাভাগে) তাঁহার অনুগহ (আহার্য্য) অনুসন্ধান কর এই জন্য যে, তোমরা তাঁহার কৃতজ্ঞতা প্রকাশ কর। এবং সেদিন

يُنَادِيهِمْ فَيَقُولُ أَيْنَ شُرَكَائِيَ الَّذِينَ كُنْتُمْ تَزْعُمُونَ ○

ইয়্যোনা-দীহিম্ ফায়্যাক্ূলো আয়্না শোরাকা—য়ে য়্যাল্লাজীনা কোন্তুম্ তায্ওমূন্?

তিনি আহ্বান করিয়া বলিলেন—তাহারা কোথায় যাহাদিগকে তোমরা আমার সমকক্ষ মনে করিতে?

وَنَزَعْنَا مِنْ كُلِّ أُمَّةٍ شَهِيدًا فَقُلْنَا هَاتُوا بُرْهَانَكُمْ فَعَلِمُوا

অ নাযা'না- মেন্ কুল্লে উম্মাতেন্ শাহীদান্ ফাক্বোল্না- হা-তূ বোর্হা-নাকুম্ ফাআলেমূ—

এবং আমি প্রত্যেক সম্প্রদায় হইতে একজন সাক্ষ্য (নবী)কে পৃথক করিয়া লইয়া বলিব—তোমাদের (নির্দ্দোষীতার) প্রমাণ আনয়ন কর, তখন তাহারা অবগত হইবে যে

ع ১০—৭ রুকু

أَنَّ الْحَقَّ لِلّٰهِ وَضَلَّ عَنْهُمْ مَا كَانُوا يَفْتَرُونَ ۞ إِنَّ قَارُونَ

আন্নাল্ হাক্ক্বা লিল্লা-হে অ দ্বাল্লা আন্হুম্ মা- কা-নূ ইয়্যাফ্তারূন্। ع ইন্না কা-রূনা

নিশ্চয় সত্য আল্লারই জন্য এবং তাহাদের সমূহ মিথ্যা দোষারোপ দূরীভূত হইবে। নিশ্চয় কারূন

كَانَ مِنْ قَوْمِ مُوسَىٰ فَبَغَىٰ عَلَيْهِمْ ص وَآتَيْنَاهُ مِنَ الْكُنُوزِ مَا

কা-না মেন্ ক্বাওমে মূছা- ফাবাগ্বা আলায়্হিম্, অ আতায়্না-হু মেনাল্ কোনূযে মা—

মূছার সম্প্রদায়ের অন্তর্গত ছিল তৎপর সে তাহাদের (বানী ইছ্রায়ীলের) প্রতি অত্যাচার করিতে লাগিল; এবং আমি তাহাদের এত ধনভাণ্ডার প্রদান করিয়াছিলাম যে,

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

إِنَّ مَفَاتِحَهُ لَتَنُوءُ بِالْعُصْبَةِ أُولِي الْقُوَّةِ إِذْ قَالَ لَهُ

ইন্না মাফা-তেহাহূ লাতানূ—য়ো বেল্ ওছ্বাতে উলিল্ ক্বূ-অতে, এজ্ ক্বা-লা লাহূ

কয়েকজন বলশালী পুরুষ উহার চাবী সকল অতিকষ্টে বহন করিত! যখন তাহাকে তাহার

قَوْمُهُ لَا تَفْرَحْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْفَرِحِينَ ۝ وَابْتَغِ

ক্বাওমোহূ লা- তাফ্‌রাহ্ ইন্নাল্লা-হা লা- ইয়্যোহেব্বোল্ ফারেহীন্। অব্‌তাগে

সম্প্রদায় বলিল—তুমি (ধনাধিক্যবশতঃ) উল্লাসিত হইও না, নিশ্চয় আল্লাহ্ উল্লাসকারীদের পছন্দ করেন না। আর তুমি

فِيمَا آتَاكَ اللَّهُ الدَّارَ الْآخِرَةَ وَلَا تَنْسَ نَصِيبَكَ مِنَ الدُّنْيَا

ফীমা— আ-তাকাল্লা-হোদ্ দা-রাল্ আ-খেরাতা অলা- তান্‌ছা নাছীবাকা মেনাদ্ দুন্‌য়্যা

আল্লাহ্ প্রদত্ত (পার্থিব সম্পদে) পরকালের আবাস অনুসন্ধান কর এবং জগতে তোমার অংশ ভুলিও না (২৩)

وَأَحْسِنْ كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْأَرْضِ

অ আহ্‌ছেন্ কামা— আহ্‌ছানাল্লা-হো এলায়্‌কা অলা- তাব্‌গেল্‌ফাছা-দা ফিল্ আর্‌দ্‌।

আর তুমি পরোপকার কর যেমন আল্লাহ্ তোমার প্রতি উপকার করিয়াছেন এবং দেশে শান্তিভঙ্গ করিয়া বেড়াইও না।

إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ ۝ قَالَ إِنَّمَا أُوتِيتُهُ عَلَىٰ

ইন্নাল্লা-হা লা- ইয়্যোহেব্বোল্ মোফ্‌ছেদীন্। ক্বা-লা ইন্নামা— উতীতোহূ আলা-

নিশ্চয় আল্লাহ্ শান্তিভঙ্গ কারীগণকে পছন্দ করেন না। সে বলিল—আমার লব্ধজ্ঞান-বলে আমি উহা

عِلْمٍ عِنْدِي ۚ أَوَلَمْ يَعْلَمْ أَنَّ اللَّهَ قَدْ أَهْلَكَ مِنْ قَبْلِهِ

এল্‌মেন্ এন্‌দী। আঅলাম্ য়্যা'লাম্ আন্নাল্লা-হা ক্বাদ্ আহ্‌লাকা মেন্ কাব্‌লেহী-

প্রাপ্ত হইয়াছি। সে কি জানিত না যে, নিশ্চয় আল্লাহ্ তাহার পূর্ব্বে বিনষ্ট করিয়াছেন

مِنَ الْقُرُونِ مَنْ هُوَ أَشَدُّ مِنْهُ قُوَّةً وَأَكْثَرُ جَمْعًا ۚ

মেনাল্ কোরূনে মান্ হুঅ আশাদ্দো মেন্‌হু ক্বূঅতাঙ্ অ আক্‌সারো জাম্‌আ

এমন বহু গোত্রকে যাহারা তদপেক্ষা অধিক শক্তিশালী ও (ধন) সঞ্চয়কারী ছিল?

(২৩) 'জগতে তোমার অংশ ভুলিও না' অর্থে দুই প্রকার মর্ম্ম হইতে পারে। প্রথমতঃ পার্থিব সম্পদ পরিত্যাগ করিয়া সকলকেই যখন যাইতে হইবে, তখন প্রকৃত সম্পদশালী ব্যক্তি তিনি যিনি খোদা প্রদত্ত স্বীয় ধনের সদ্ব্যয় করিয়া পরকালের জন্য সঞ্চয় করেন। অতএব তুমি পরকালের পাথেয় সঞ্চয় কর।

দ্বিতীয় অর্থে, খোদা প্রদত্ত ধনসম্পদ তুমি স্বয়ং ন্যায়সঙ্গত উপভোগ কর অন্যকেও দান কর। অপরের ধন যদি তুমি পাইবার আশা রাখিতে পার। অপরে কেন তোমার ধন পাইবে না সুতরাং তুমি দীন-দুঃখীকে তাহাদের প্রয়োজন মত দান কর। কারূন যেরূপ ব্যয় কুণ্ঠ ছিল, এস্থলে প্রথম মর্ম্মই তাহার জন্য সমধিক প্রযোজ্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَلَا يُسْـَٔلُ عَنْ ذُنُوْبِهِمُ الْمُجْرِمُوْنَ ○ فَخَرَجَ عَلٰى

অলা- ইয়্যোছ্আলো- আন্ জোনূবেহিমোল্ মোজ্রেমূন্। ফাখারাজা আলা-

আর পাপীদের অপরাধ সম্বন্ধে কোন জিজ্ঞাসাবাদও করা হইবে না। (২৪) অতঃপর সে (একদিন)

قَوْمِهٖ فِىْ زِيْنَتِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يُرِيْدُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا

ক্বাওমেহী- ফী যীনাতেহ্। ক্বা-লাল্ লাজীনা ইয়্যোরীদূনাল্ হায়্যা-তাদ্ দুন্য়্যা-

আড়ম্বরের সহিত স্বীয় সম্প্রদায়ের দিকে বহির্গত হইল। পার্থিব জীবনাকাঙ্ক্ষীরা বলিতে লাগিল—

يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِىَ قَارُوْنُ ۙ اِنَّهٗ لَذُوْ حَظٍّ عَظِيْمٍ ○

ইয়্যা- লায়্তা লানা--মেস্লা মা—উতেয়্যা ক্বা-রূনো ইন্নাহূ লাজূ হাজ্জেন্ আজীম্।

পরিতাপ! কারূণের মত যদি আমাদিগকে প্রদত্ত হইত! নিশ্চয় সে খুব সৌভাগ্যশালী!

وَقَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اللّٰهِ خَيْرٌ لِّمَنْ اٰمَنَ

অ ক্বা-লাল্ লাজীনা উতুল্ এল্মা অয়্লাকুম্ সাওয়া-বোল্লা-হে খায়্রোল্ লেমান্ আ-মানা

আর যাহারা জ্ঞানসম্পদে (২৫) সম্পদশালী তাহারা বলিতে লাগিল—রে হতভাগাগণ! আল্লা'র

পুণ্য (প্রতিদান) (কারূণের সম্পদ অপেক্ষা) তাহাদের জন্য শ্রেষ্ঠ যাহারা ধর্ম্মবিশ্বাস করিয়া

وَعَمِلَ صَالِحًا ۚ وَلَا يُلَقّٰىهَآ اِلَّا الصّٰبِرُوْنَ ○ فَخَسَفْنَا

অ আমেলা ছা-লেহান্, অলা- ইয়্যোলাক্কা-হা— ইল্লাছ্ ছাবেরূন্। ফাখাছাফ্না-

সৎকার্য্য করিয়াছে, এবং ইহা ধৈর্য্যশীলগণই পাইয়া থাকে। অতঃপর আমি

بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۙ فَمَا كَانَ لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ مِنْ

বেহী- অ বেদারেহীল্ আর্দ্বা, ফামা- কানো লাহূ মেন্ ফেয়াতেঁই য়্যান্ছোরূনাহূ মেন্

তাহাকে ও তাহার অট্টালিকাকে মৃত্তিকাভ্যন্তরে প্রোথিত করিলাম, তারপর আল্লাহ্ ব্যতীত তাহার

এমন কোন দল ছিল না যে,

دُوْنِ اللّٰهِ ۖ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ○ وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا

দূনেল্লা-হে, অমা- কা-না মেনাল্ মোন্তাছেরীন্। অ আছ্বাহাল্ লাজীনা তামান্নাও্

তাহাকে সাহায্য করে, এবং কোন প্রতিরোধকারীও ছিল না। যাহারা গতকল্য (সন্ধায়) তাহার

স্থান (পাওয়ার) আকাঙ্ক্ষা করিয়াছিল

(২৪) নিজের বুদ্ধিবলে সে বিপুল ধনৈশ্বর্য্যের অধিকারী হইয়াছিল কারূণের এই ধারণা ছিল। এই হেতু সে আল্লাহ্ তায়ালার অনুগ্রহ স্বীকার করিত না; সুতরাং তাহাকে তাঁহার কৃতজ্ঞতা জ্ঞাপন করিতে বলিলে সে ভিত্তিহীন কুটতর্কের অবতারণা করিত। এরূপ তর্কের প্রত্যুত্তরে আল্লাহ্ তায়ালার নির্দ্দেশ যে, 'পাপীদের অপরাধ সম্বন্ধে জিজ্ঞাসাবাদও করা হইবে না'। অর্থাৎ পরকালে আল্লাহ তায়ালার সমীপে এরূপ কুটতর্ক চলিবে না। সুতরাং পাপীদের পাপ সম্বন্ধে কিছুই জিজ্ঞাসা করা হইবে না।

(২৫) অনুবাদে উৎকর্ষতার জন্য 'এলম' অর্থে 'জ্ঞানসম্পদ' গৃহীত হইয়াছে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مَكَانَهٗ بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ

মাকা-নাহূ বেল্ আম্ছে য়্যাক্ূলূনা অয়্কাআন্নাল্লা-হা য়্যাব্ছোতোর্রেয্ক্বা লেমাঁই

তাহারা প্রভাতে বলিতে লাগিল—হায়! আলাহ স্বীয় বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা তাহাকে প্রচুর আহার্য্য দেন

يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ لَوْلَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا

য়্যাশা—য়ো মেন্ এবাদেহী- অ য়্যাক্দেরো, লাও্লা— আম্ মান্নাল্লা-হো আলায়্না

অথবা অপ্রচুর (পরিমিত) দেন। (২৬) যদি আল্লাহ আমাদের প্রতি স্বীয় অনুগ্রহ না করিতেন

لَخَسَفَ بِنَا ۭ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ۞ تِلْكَ

লাখাছাফা বেনা-। অয়্কাআন্নাহূ লা- ইয়্যোফ্লেহুল্ কা-ফেরূন্! ৫ তেল্কাদ্

তবে আমরাও (কারূণের মত) মৃত্তিকায় প্রোথিত হইতাম! হায়! ধর্ম্মদ্রোহিগণ সুফলপ্রাপ্ত হইবে না!

ع ১১/৮ রুকু

الدَّارُ الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِى الْاَرْضِ

দারোল্ আখেরাতো নাজ্আলোহা- লেল্লাজীনা লা- ইয়্যোরীদূনা আলূঅন্ ফিল্ আর্দ্বে

(পার্থিব সম্পদ তো সহজলোভ্য, কিন্তু) ইহা পরকালের আবাসস্থল, আমি উহা তাহাদিগকে দিব যাহারা পৃথিবীতে গর্ব্বাহঙ্কার

وَلَا فَسَادًا ۭ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ۝ مَنْ جَآءَ بِالْحَسَنَةِ

অলা- ফাছা-দা-। অল্ আ-ক্বেবাতো লেল্ মোত্তাক্বীন্। মান্ জ্বা—আ বেল্ হাছানাতে

ও অশান্তি উপদ্রব করিতে চাহে না। আর খোদাভীরুগণের জন্যই সুফল-পরিণতি। যে ব্যক্তি সৎক্রিয়াসহ (কেয়ামতে) উপস্থিত হইবে

فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى الَّذِيْنَ

ফালাহূ খায়্রোম্ মেন্হা-, অমান্ জ্বা—আ বেছ্ছাইয়্যেয়া-তে ফালা- ইয়্যোজ্যাল্ লাজীনা

তাহার জন্য তদপেক্ষা শ্রেষ্ঠ (প্রতিদান) রহিয়াছে, আর যে ব্যক্তি অসৎক্রিয়াসহ উপস্থিত হইবে অনন্তর তাহারা ঠিক

(২৬) খাদ্যাভাব বা খাদ্যপ্রাচুর্য্য মানুষের করণীয়ের উপর নির্ভর করে না—ইহা আল্লাহ তায়ালার আয়ত্বাধীন। মানুষ হয়তো কারুণের মত বলিতে পারে যে, স্বীয় শক্তিবলে সে তাহার প্রচুর খাদ্য সংগ্রহ করিতে পারে, কিন্তু ইহা ভুল ধারণা! তাহাই যদি হইত তবে কারূণ স্বীয় শক্তিবলে ধ্বংসের পথ হইতে রক্ষা পাইত।

কারূণের বাহ্যিক কৃতকার্য্যতা অবশ্য মানুষকে বিস্ময়-বিমূঢ়াপন্ন করিয়াছিল, কিন্তু যখন তাহারা কারূণের শোচনীয় পরিণাম দেখিল, তখন নিজেদের ত্রুটী বুঝিতে পারিয়া পরিতাপ করিল।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

عَمِلُوا السَّيِّاٰتِ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ۝ اِنَّ الَّذِىْ فَرَضَ

আমেলূছ্ ছাইয়্যেয়া-তে ইল্লা- মা- কা-নূ য়্যা'মালূন্। ইন্নাল্ লাজী ফারাদ্বা

তদ্রূই প্রতিফল পাইবে যেমন অসৎকার্য্য তাহারা করিত। (হে নবী!) নিশ্চয় যিনি তোমার প্রতি কোরআনের (নির্দ্দেশ)

عَلَيْكَ الْقُرْاٰنَ لَرَآدُّكَ اِلٰى مَعَادٍ ؕ قُلْ رَّبِّىْٓ اَعْلَمُ مَنْ

আলায়্কাল্ ক্বোর্-আনা লারা—দ্দোকা এলা- মাআদ্। ক্বোর্রাব্বী আ'লামো মান্

ফরজ করিয়াছেন অবশ্য তিনি তোমাকে গন্তব্যস্থলে প্রত্যাবর্ত্তিত করিবেন। (২৭) তুমি বল— আমার প্রতিপালক ভালরূপ অবগত আছেন—

جَآءَ بِالْهُدٰى وَمَنْ هُوَ فِىْ ضَلٰلٍ مُّبِيْنٍ ۝ وَمَا كُنْتَ تَرْجُوْٓا

জা—আ বেল্ হোদা- অমান্ হুঅ ফী- দ্বালা-লেম্ মোবীন্। অমা- কোন্তা তার্জ্জূ—

কে সত্যধর্ম্মে সমাসীত ও কে স্পষ্ট পথভ্রান্তিতে পতিত। তোমার এ আশাও ছিল না যে,

اَنْ يُّلْقٰٓى اِلَيْكَ الْكِتٰبُ اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ

আঁই ইয়্যোল্ক্বা— এলায়্কাল্ কেতা-বো ইল্লা- রাহ্মাতাম মের্রাব্বেকা ফালা- তাকূনান্না

তোমার প্রতি ধর্ম্মগ্রন্থ অবতীর্ণ করা হইবে, কিন্তু তোমার প্রতিপালকের অনুগ্রহে (কোরআন অবতারিত হইয়াছে) অতঃপর তুমি অবশ্য

ظَهِيْرًا لِّلْكٰفِرِيْنَ ۝ وَلَا يَصُدُّنَّكَ عَنْ اٰيٰتِ اللّٰهِ بَعْدَ

জাহীরাল্ লেল্ ক্বা-ফেরীন্। অলা- য়্যাছোদ্দোন্নাকা আন্ আ-য়্যা-তেল্লা-হে বা'দা

ধর্ম্মদ্রোহীদের পক্ষপাতী হইও না। আর তোমার নিকট তোমার প্রতিপালকের নিদর্শনসমূহ অবতীর্ণ হওয়ার পর

اِذْ اُنْزِلَتْ اِلَيْكَ وَادْعُ اِلٰى رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ۝

এজ্ ওন্যেলাৎ এলায়্কা অ'দ্য়ো এলা- রাব্বেকা অলা তাকূনান্না মেনাল্ মোশ্রেকীন্।

তাহারা যেন তোমাকে (কর্ত্তব্য সম্পাদনে) বিরত না রাখিতে পারে এবং তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর আর তুমি অবশ্য অংশীবাদীদের অন্তর্গত হইও না।

(২৭) আলোচ্য আয়তের ব্যাখ্যায় তফসীরকারগণের মতভেদ পরিদৃষ্ট হয়। কেহ কেহ বলেন, ইহা মক্কা বিজয়ের ভবিষ্যদ্বানী। তাহা হইলে এইরূপ ব্যাখ্যা হয়,—'বিধর্ম্মীদের অত্যাচার ও নিঃপীড়ণে তোমাকে এখান হইতে প্রস্থান করিতে হইতেছে বটে। কিন্তু তোমার একদিন এরূপ সুযোগ আসিবে যে, তুমি বিশ্বমানবের সম্মানীয় এই মক্কা শহরে বিজয়ী বেশে প্রবেশ করিবে'। আর কেহ কেহ معاد শব্দে পরকাল মর্ম্ম গ্রহণ করিয়াছেন; যেখানে হজরত নবী করীম (দঃ) 'মকামে মাহ্মুদ' মর্য্যাদা প্রাপ্ত হইবেন। এস্থলে উক্ত শব্দের এরূপ বোধগম্য অনুবাদ গৃহীত হইয়াছে, যাহাতে উভয়বিধ মর্ম্ম প্রকাশ পায়

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

وَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۘ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ؕ كُلُّ

অলা- তাদ্‌য়ো মাআল্লা-হে এলা-হান্ আখার্। লা— এলা-হা ইল্লা-হু। কুল্লো

এবং তুমি আল্লা'র সহিত আর কোন উপাস্যকে আহ্বান করিও না। (কেননা) তিনি ব্যতীত অন্য কেহই উপাস্য নাই

وقف لازم ٩ ١٢ ٧١ ٩ রুকু

شَيْءٍ هَالِكٌ اِلَّا وَجْهَهٗ ؕ لَهُ الْحُكْمُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ۝

শাইয়েন্ হালেকোন্ ইল্লা- অজ্‌হাহ্। লাহুল্ হোক্‌মো অ এলায়্‌হে তোর্‌জ্বায়ূন্। ৯

তাঁহার অস্তিত্ব ব্যতীত সমুহ বস্তুই ধ্বংসপ্রাপ্ত হইবে। তাঁহারই জন্য বিচারাধিপত্য এবং তাঁহারই দিকে তোমাদিগকে প্রত্যাবর্ত্তিত হইতে হইবে।

২৯শ ছুরা--আনকাবূৎ

মক্কায় অবতীর্ণ হয়।

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ۝

বিছ্‌মিল্লা-হির্‌রাহ্‌মা-নির্‌রাহীম্।

অতি দয়াবান পরম কৃপালু আল্লা'র নামে।

এই ছুরায় ৭ রুকু,

ও ৬৯ আয়ত।

الٓمّٓ ۝ اَحَسِبَ النَّاسُ اَنْ يُّتْرَكُوْٓا اَنْ يَّقُوْلُوْٓا

আলিফ্ লা—ম্- মী—ম্। আহাছেবান্না-ছো আঁই ইয়্যোৎরাকূ— আঁই য়্যাকূলূ—

আলিফ- লা—ম- মী—ম। মানুষেরা ইহাই কি মনে করিয়াছে যে, 'আমরা ঈমান আনিলাম' (মৌখিক) এই কথা বলিলেই তাহাদিগকে ছাড়িয়া দেওয়া হইবে—

اٰمَنَّا وَهُمْ لَا يُفْتَنُوْنَ ۝ وَلَقَدْ فَتَنَّا الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ

আ-মান্না- অহুম্ লা- ইয়্যোফ্‌তানূন্? অলাকাদ্ ফাতান্নাল্ লাজীনা মেন্ কাব্‌লেহিম্

তাহাদিগকে পরীক্ষা করা হইবে না? নিশ্চয় আমি তাহাদিগকে পরীক্ষা করিয়াছি যাহারা

فَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ صَدَقُوْا وَلَيَعْلَمَنَّ الْكٰذِبِيْنَ ۝ اَمْ

ফালায়্যা'লামান্নাল্লা-হোল্ লাজীনা ছাদাকূ আলায়্যা'লামান্নাল্ কা-জেবীন্। আম্

তাহাদের পূর্ব্ববর্ত্তী ছিল সুতরাং (ধর্ম্মবিশ্বাসে) কাহারা সত্যবাদী তাহাদিগকে নিশ্চয় আল্লাহ্ জানিয়া রাখিবেন এবং যাহারা মিথ্যাবাদী তাহাদিগকেও তিনি খুব অবগত হইতেন। (১)

حَسِبَ الَّذِيْنَ يَعْمَلُوْنَ السَّيِّاٰتِ اَنْ يَّسْبِقُوْنَا ؕ سَآءَ مَا

হাছেবাল্ লাজীনা য়্যা'মালূনাছ্ ছাইয়্যেয়া-তে আঁই য়্যাছ্‌বেকূনা-। ছা—আ মা-

যাহারা অসৎকার্য্য করে তাহারা কি ভাবিয়া রাখিয়াছে যে তাহারা আমার আয়ত্তের বহিরে যাইবে? (এরূপ ভাবিলে) তাহারা অতি মন্দ

(১) সর্ব্বজ্ঞাতা আল্লাহ্ প্রত্যেকের সম্পর্কে দ্বিবিধ জ্ঞান রাখেন;—উহার উৎপত্তির পূর্ব্ব ও পরে। এখানে দ্বিতীয় প্রকার জ্ঞানের উল্লেখ করা হইয়াছে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَحْكُمُوْنَ ○ مَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ؕ

য়্যাহ্‌কোমূন্। মান্ কা-না য়্যার্‌জ্বূ লেক্বা—আল্লা-হে ফাইন্না আজ্বালাল্লা-হে লাআ-ৎ।

বিবেচনা করিতেছে! যে ব্যক্তি (পরকালে) আল্লা'র সাক্ষাতের আশা পোষণ করে (সুতরাং সে প্রস্তুতি করে, কেননা) আল্লা'র নিরূপিত সময় নিশ্চয় আসিবে।

وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ○ وَمَنْ جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ؕ

অহুঅছ্ ছামীউল্ আলীম্। অমান্ জ্বা-হাদা ফাইন্নামা ইয়্যোজ্বা-হেদো লেনাফ্‌ছেহ্-

আর তিনি সর্ব্বশ্রোতা। আর যে ব্যক্তি প্রচেষ্টা করে নিশ্চয় সে নিজ (মঙ্গলের) জন্যই প্রচেষ্টা করে।

اِنَّ اللّٰهَ لَغَنِىٌّ عَنِ الْعٰلَمِيْنَ ○ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا

ইন্নাল্লা-হা লাগ্বীনীয়্যোন্ আনেল্ আ-লামীন। অল্‌লাজীনা আ-মানূ অ আমেলুছ্

নিশ্চয় আল্লাহ বিশ্বজগতের মুখাপেক্ষী নহেন। আর যাহারা ধর্ম্ম-বিশ্বাস করিয়া সৎকার্য্য করিল

الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ

ছা-লেহা-তে লানোকাফ্‌ফেরান্না আন্‌হুম্ ছাই্য়্যোয়া-তেহিম্ অলানাজ্‌যে ইয়্যান্নাহুম্

নিশ্চয় আমি তাহাদের অপরাধসমূহ বিদূরিত করিয়া দিব এবং তদপেক্ষা শ্রেষ্ঠ প্রতিদান দিব

اَحْسَنَ الَّذِىْ كَانُوْا يَعْمَلُوْنَ ○ وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ

আহ্‌ছানাল্‌লাজী কা-নূ য়্যা'মালূন্। অ অছ্ছায়্‌নাল্ এন্‌ছা-না বেঅ—লে দায়্‌হে

তাহারা যাহা (সৎকার্য্য) করিত। আর আমি পিতা-মাতার সহিত সদ্ব্যবহার করিবার জন্য মনুষ্যকে আদেশ দিয়াছি।

حُسْنًا ؕ وَاِنْ جَاهَدٰكَ لِتُشْرِكَ بِىْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ

হোছ্‌না-। অ ইন্ জ্বা-হাদা-কা লেতোশ্‌রেকা বী- মা- লায়্‌ছা লাকা বেহী- এল্‌মোন্

কিন্তু যদি তাহারা উভয়ে তোমাকে এমন বস্তুর সহিত আমার অংশী স্থাপন করিতে বদ্ধপরিকর হয় যাহার সম্বন্ধে তোমার জ্ঞান নাই

فَلَا تُطِعْهُمَا ؕ اِلَىَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ

ফালা- তোতে'হুমা-। এলাইয়্যা মার্‌জ্বেয়োকুম্ ফাওনাব্বেয়োকুম্ বেমা- কোন্‌তুম্

তাহা হইলে (এই ব্যাপারে) তুমি তাহাদের কথা মান্য করিও না। আমারই নিকট তোমাদের সকলকে প্রত্যাবর্ত্তন করিতে হইবে অতঃপর আমি তোমাদের কৃতকার্য্যসমূহ বলিয়া দিব।

تَعْمَلُوْنَ ○ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُدْخِلَنَّهُمْ

তা'মালূন্। অল্ লাজীনা আ-মানূ অ আমেলুছ্ ছা-লেহা-তে লানোদ্‌খেলান্নাহুম্

আর যাহারা ধর্ম্মবিশ্বাস করিয়া সৎকার্য্য করিল আমি নিশ্চয় তাহাদিগকে সদাচারীদের মধ্যে পরিগণিত করিব।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فِى الصّٰلِحِيْنَ ○ وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ فَاِذَآ اُوْذِىَ

ফিছ্ছা-লেহীন্। অ মেনান্না-ছে মাঁই য়্যাক্বুলো আ-মান্না বিল্লা-হে ফাএজা— উজেয়্যা

লোকদের মধ্যে কেহ কেহ (মৌখিক) বলে—আমরা আল্লা'র প্রতি বিশ্বাসস্থাপন করিয়াছি অতঃপর যখন সে আল্লা'র পথে কষ্টে পতিত হয়

فِى اللّٰهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللّٰهِ ط وَلَئِنْ جَآءَ نَصْرٌ

ফিল্লা-হে জ্বাআলা ফেৎনাতান্না-ছে কাআজা-বেল্লা-হ্। অ লাএন্ জ্বা—আ নাছ্রোম্

তখন মানবপ্রদত্ত কষ্টকে আল্লা'র শাস্তির সমতুল্য মনে করে। (হে নবী!) আর যদি তোমার প্রতিপালকের তরফ হইতে সাহায্য

مِّنْ رَّبِّكَ لَيَقُوْلُنَّ اِنَّا كُنَّا مَعَكُمْ ط اَوَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ

মের্রাব্বেকা লায়্যাক্বূলোন্না ইন্না- কোন্না- মাআকুম্। আঅ লায়্ছাল্লা-হো বেআ'লামা

ও মুসলমানদের বিজয়) উপনীত হয় অবশ্য তাহারা বলিবে—আমরা ত তোমাদেরই সঙ্গে ছিলাম। আল্লাহ্ কি

بِمَا فِىْ صُدُوْرِ الْعٰلَمِيْنَ ○ وَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا

বেমা- ফী ছোদূরেল্ আলামীন্? অলা য়্যা'লামান্নাল্লা-হোল্ লাজীনা আ-মানূ

বিশ্বজগতের অন্তরের কথা খুবই পরিজ্ঞাত নহেন? এবং নিশ্চয় আল্লাহ জ্ঞাত আছেন (২) কাহারা ধর্ম্মবিশ্বাসী

وَلَيَعْلَمَنَّ الْمُنٰفِقِيْنَ ○ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ

অ লায়্যা'লামান্নাল্ মোনা-ফেকীন্। অক্বা-লাল্ লাজীনা কাফারূ লেল্ লাজীনা

আরও তিনি জ্ঞাত আছেন কাহারা কপটাচারী। আর যাহারা ধর্ম্মদ্রোহী তাহারা ধর্ম্মবিশ্বাসীদের বলিল

اٰمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطٰيٰكُمْ ط وَمَا هُمْ بِحٰمِلِيْنَ مِنْ

আ-মানুত্তাবেয়ূ ছাবীলানা অল্নাহ্মেল্ খাতা-য়্যা-কুম্। অমা-হুম্ বেহা-মেলীনা মেন্

—তোমরা আমাদের (ধর্ম্ম) পথ অনুসরণ কর এবং আমরা (কেয়ামতের দিবস) গোনাহ সমূহের (তার) বহন করিব। (৩) বস্তুতঃ নিশ্চয় তাহারা তাহাদের কিছুমাত্র গোনাহ

(২) 'আল্লাহ জ্ঞাত আছেন' ইহার মর্ম্ম উপরোক্ত প্রথম টীকায় দ্রষ্টব্য।

(৩) 'আমরা তোমাদের গোনাহ সমূহ বহন করিব' মর্ম্মে কাফেরগণের দাবী ছিল যে, তাহারা মুসলমানদের বলিত—আমরা তোমাদিগকে ধর্ম্মের সত্যপথ প্রদর্শন করিতেছি; এতৎসত্ত্বেও তোমরা যদি আমাদের কথায় সন্দিহান হও তবে আমরা আল্লা'র নিকট গিয়া তোমাদের জন্য জবাবদিহী করিব। আর খোদা না করেন, যদি তোমাদের প্রতি শাস্তি বিধান হয় তাহা হইলে আমরা তোমাদের শাস্তির অংশ গ্রহণ করিব।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

خَطٰيٰهُمْ مِّنْ شَيْءٍ ط اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ○ وَلَيَحْمِلُنَّ اَثْقَالَهُمْ

খাতা-য়্যা-হুম্ মেন্ শাইয়্যে। ইন্নাহুম্ লাকা-জেবূন্। অলায়্যাহ্‌মেলোন্না আস্‌কা-লাহুম্

বহনকারী নহে। নিশ্চয় তাহারা অতিশয় মিথ্যাবাদী। আর অবশ্য তাহারা স্ব স্ব (গোনার)

বোঝা বহন করিবে

وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمْ ز وَلَيُسْـَٔلُنَّ يَوْمَ الْقِيٰمَةِ

অ আস্‌কা-লাম্ মাআ- আস্‌কা-লেহিম্, অলাইয়্যোছ্‌আলোন্না য়্যাওমাল্ কেয়্যা-মাতে

অপিচ তাহাদের বোঝার সহিত আরও বোঝা (বহন করিবে), এবং কেয়ামতের দিবস নিশ্চয়

তাহাদিগকে প্রশ্ন করা হইবে

ع ২৩ ১ রুকু

عَمَّا كَانُوْا يَفْتَرُوْنَ ع وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَلَبِثَ

আম্মা কা-নূ য়্যাফ্‌তারূন্। ع অলাক্বাদ্ আর্‌ছাল্‌না- নূহান্ এলা- ক্বাওমেহী- ফালাবেসা

যাহা তাহারা মিথ্যা দোষারোপ করিত। আর নিশ্চয় আমি নূহকে (নবীরূপে) তাঁহার সম্প্রদায়ের

জন্য প্রেরণ করিলাম, অতঃপর

فِيْهِمْ اَلْفَ سَنَةٍ اِلَّا خَمْسِيْنَ عَامًا ط فَاَخَذَهُمُ الطُّوْفَانُ

ফীহিম্ আল্‌ফা ছানাতেন্ ইল্লা- খাম্‌ছীনা আ-মা-। ফা আখাজাহুমোৎ তূফা-নো-

তিনি তাহাদের সহিত সাড়ে নয় শত বৎসর অবস্থান করিলেন। তারপর তাহাদের উপর প্লাবন

আপতিত হইল

وَهُمْ ظٰلِمُوْنَ ○ فَاَنْجَيْنٰهُ وَاَصْحٰبَ السَّفِيْنَةِ وَجَعَلْنٰهَا

অহুম্ যা-লেমূন্। ফাআন্‌জায়্‌না-হু অ আছ্‌হা-বাছ্ ছাফীনাতে অজ্জাআল্‌না-হা

এমন অবস্থায় যে, তাহারা অসৎকার্য্যে লিপ্ত ছিল। অতঃপর আমি তাঁহাকে ও জাহাজরোহিগণকে

রক্ষা করিলাম; আর আমি

اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ○ وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللّٰهَ

আ-য়্যাতাল্ লেল্ আ-লামীন্। অ এব্‌রা-হীমা এজ্ ক্বা-লা লেক্বাওমেহেবো'দুল্লা-হা

উহা (ঘটনা) বিশ্বজগতের জন্য শিক্ষাপ্রদ করিলাম। আর (হে নবী! ইবরাহীমের ঘটনা বিবৃত

কর) যখন ইবরাহীম স্বীয় সম্প্রদায়কে বলিলেন—তোমরা আল্লার উপাসনা কর

وَاتَّقُوْهُ ط ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ○ اِنَّمَا تَعْبُدُوْنَ

অত্তাকুহ্। জা-লেকুম্ খায়্‌রোল্ লাকুম্ ইন্ কোন্‌তুম্ তা'লামূন্। ইন্নামা তা'বোদূনা

এবং তাঁহাকে ভয় কর। ইহাতে তোমাদের জন্য কল্যাণ নিহিত আছে যদি তোমরা জ্ঞানী হও।

ইহাই সুনিশ্চিত যে, তোমরা

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

مِنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا وَّتَخْلُقُوْنَ اِفْكًا ط اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ

মেন্ দূনেল্লা-হে আওসানাঙ্ অ তাখ্লোক্না এফ্কা। ইন্নাল্ লাজীনা তা'বোদূনা মেন্

আল্লাকে ছাড়িয়া মূর্ত্তিসমূহের উপাসনা করিতেছ আর মিথ্যা কল্পনার সৃষ্টি করিতেছ! নিশ্চয় তোমরা

دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ رِزْقًا فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ

দূনেল্লা-হে লা- য়্যাম্লেকূনা লাকুম্ রেয্কান্ ফাব্তাগূ এন্দাল্লা-হের্ রিয্কা অ'বোদূহো

আল্লাকে ছাড়িয়া যাহাদের উপাসনা করিতেছ তাহারা তোমাদের আহার্য্য দিতে সক্ষম নহে অতএব তোমরা আল্লার নিকট আহার্য্য প্রার্থনা কর এবং তোমরা তাঁহারই উপাসনা কর

وَاشْكُرُوْا لَهٗ ط اِلَيْهِ تُرْجَعُوْنَ ○ وَاِنْ تُكَذِّبُوْا فَقَدْ كَذَّبَ

অশ্কোরূ লাহ্। এলায়্হে তোর্জ্জায়ূন্। অইন্ তোকাজ্জেবূ ফাক্বাদ্ কাজ্জাবা

ও তাঁহার কৃতজ্ঞতা প্রকাশ কর। তাঁহারই দিকে তোমাদিগকে প্রত্যাবর্ত্তন করিতে হইবে। আর যদি তোমরা (আমাকে) মিথ্যাবাদী মনে কর (তবে ইহা নূতন নয়) নিশ্চয়

اُمَمٌ مِّنْ قَبْلِكُمْ ط وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ○

উমামোম্ মেন্ ক্বাব্লেকুম্। অমা- আলার্রাছূলে ইল্লাল্ বালা-গোল্ মোবীন্।

তোমাদের পূর্ব্ববর্ত্তী বহু সম্প্রদায় (স্ব স্ব নবীকে) মিথ্যাবাদী মনে করিয়াছিল। রছুলগণের কার্য্য হইতেছে স্পষ্টরূপে (আল্লা'র নির্দ্দেশ) উপস্থাপিত করা।

اَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللّٰهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ط اِنَّ

আ অলাম্ য়্যারাও্ কায়্ফা ইয়্যোব্দেয়োল্লা-হোল্ খাল্কা সুম্মা ইয়্যোয়ীদোহ্। ইন্না

তাহারা কি লক্ষ্য করে নাই যে, আল্লাহ্ কিরূপে সৃষ্টিকে প্রথমে সৃজন করিয়া আবার পুনঃ সৃষ্টি করেন?

ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ○ قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ بَدَا

জা-লেকা আলাল্লা-হে য়্যাছীর্। ক্বোল্ ছীরূ ফিল্ আর্দ্বে ফান্জোরূ কায়্ফা বাদাআল্

নিশ্চয় ইহা আল্লা'র জন্য অতি সহজ। (৪) (আমি ইব্রাহীমকে নির্দ্দেশ দিলাম যে,) বল— তোমরা পৃথিবীতে ভ্রমণ করিয়া লক্ষ্য কর যে, কিরূপে তিনি

اَلْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ الْاٰخِرَةَ ط اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ

খাল্কা সুম্মাল্লা-হো ইয়্যোন্শিয়্যোন্ নাশ্আতাল্ আখেরাহ্। ইন্নাল্লা-হা আলা- কুল্লে

প্রথমে সৃষ্টির গঠনারম্ভ করিলেন পুনরায় আল্লাহ শেষবার পরকালে জীবন্ত উঠাইবেন। নিঃসন্দেহ আল্লাহ

شَىْءٍ قَدِيْرٌ ○ يُعَذِّبُ مَنْ يَّشَاءُ وَيَرْحَمُ مَنْ

শাইয়্যেন্ ক্বাদীর্। ইয়্যায়াজ্জেবো মাঁই য়্যাশা—য়ো অ য়্যার্হামো মাঁই

সর্ব্বশক্তিমান। তিনি যাহাকে ইচ্ছা তাহাকে শাস্তি দিবেন যাহাকে ইচ্ছা তাহার প্রতি অনুগ্রহ

(৪) অনুরূপ আয়ত ছুরা—'নমলের' পঞ্চম রুকুতে আছে। উহার টীকা দ্রষ্টব্য।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

يَّشَآءُ ۚ وَاِلَيْهِ تُقْلَبُوْنَ ○ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ فِى الْاَرْضِ

য়্যাশা—য়ো ; অ এলায়্হে তোক্লাবূন্। অমা— আন্তুম্ বেমো'জ্বেযীনা ফিল্ আর্দ্বে

করিবেন ; আর তাঁহারই দিকে তোমরা প্রত্যাবর্ত্তিত হইবে। আর নিশ্চয় তোমরা (আল্লাহকে)

وَلَا فِى السَّمَآءِ ۫ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ع

অলা- ফিছ্ ছামা—এ, অমা- লাকুম্ মেন্ দূনেল্লা-হে মেঙ্ অলীএঙ্ অলা- নাছীর্। ৪

পৃথিবীতে (আত্মগোপন করিয়া) অথবা আকাশে (উর্দ্ধে উঠিয়া) পরাজিত করিতে পার না, যেহেতু আল্লাহ ব্যতীত তোমাদের রক্ষক ও সাহায্যকারী আর কেহ নাই।

৪ ১৪ ২ রুকু

وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ اللّٰهِ وَلِقَآئِهٖٓ اُولٰٓئِكَ يَئِسُوْا

অল্লাজীনা কাফারূ বে আ-য়্যা-তেল্লা-হে অ লেক্বা—এহী—উলা—য়েকা য়্যায়েছূ

এবং যাহারা আল্লা'র নিদর্শনসমূহ ও তাঁহার সমীপে (পরকালে) উপস্থিত হইবার বিষয় অমান্য করে তাহারাই

مِنْ رَّحْمَتِىْ وَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ○ فَمَا كَانَ جَوَابَ

মের্রাহ্মাতী অ উলা—য়েকা লাহুম্ আজাবোন্ আলীম্। ফামা- কা-না জ্বাঅ-বা

আমার অনুগ্রহ হইতে নিরাশ হইয়াছে এবং তাহাদেরই জন্য যন্ত্রণাদায়ক শাস্তি রহিয়াছে। অতঃপর তাঁহার (ইবরাহীমের) সম্প্রদায়ের ইহা ব্যতীত আর কোন উত্তর ছিল না

قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوا اقْتُلُوْهُ اَوْ حَرِّقُوْهُ فَاَنْجٰىهُ اللّٰهُ

ক্বাওমেহী— ইল্লা— আন্ ক্বা-লুক্তোলূহো আও হার্রেক্বূহো ফাআন্জ্বা-হুল্লা-হো

যে, তাহারা (পরস্পর) বলিতে লাগিল—'উহাকে হত্যা কর অথবা অগ্নিদগ্ধ কর' অতঃপর আল্লাহ তাঁহাকে

مِنَ النَّارِ ۭ اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ○

মেনান্না-র্। ইন্না ফী জালেকা লাআ-য়্যা-তেল্ লেক্বাওমেঁই ইয়্যো'মেনূন্।

অগ্নি হইতে উদ্ধার করিলেন। নিশ্চয় ইহাতে ধর্ম্মবিশ্বাসী সম্প্রদায়ের জন্য শিক্ষণীয় নিদর্শনসমূহ রহিয়াছে

وَقَالَ اِنَّمَا اتَّخَذْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا ۙ مَّوَدَّةَ بَيْنِكُمْ فِى

অ ক্বা-লা ইন্নামাত্তাখাজ্তুম্ মেম্ দূনেল্লা-হে আওসানাম্ মাঅদ্দাতা বায়্নেকুম্ ফীল্

আরও তিনি বলিলেন—তোমরা শুধু পার্থিব জীবনে পরস্পরের সখ্যতার জন্যই আল্লাকে ছাড়িয়া মূর্ত্তিসমূহের পূজা করিতেছ, (৫)

৮৫

(৫) আলোচ্য আয়তের মর্ম্ম—তোমরা বয়োজ্যেষ্ঠদের ভ্রান্তপথে পাইয়াও তাহাদের পদাঙ্কানুসরণ করিয়া থাক। অথবা এই মর্ম্ম হইতে পারে যে, মানুষ স্বগোত্রের আকর্ষণে জ্ঞাতসারে ভ্রান্তপথের অনুসরণ করে।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

الْحَيٰوةِ الدُّنْيَا ۚ ثُمَّ يَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُ بَعْضُكُمْ بِبَعْضٍ

হায়্যা-তেদ্ দুন্‌য়্যা-, সুম্মা য়্যাওমাল্ কেয়্যা-মাতে য়্যাক্‌ফোরো বা'দ্বোকুম্ বেবা'দ্বেঙ্

পুনরায় কেয়ামতের দিবস তোমাদের একে অপরকে অস্বীকার করিবে

وَّيَلْعَنُ بَعْضُكُمْ بَعْضًا ۖ وَّمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ۝

অ য়্যাল্‌আনো বা'দ্বোকুম্ বা'দ্বাঙ্, অমা-অ-কুমোন্না-রো অমা- লাকুম্ মেন্ না-ছেরীন্।

ও তোমাদের একে অপরকে অভিসম্পাৎ দিবে, এবং (পরিণামে) দোযখ তোমাদের আবাস হইবে ও তোমাদের কেহ সাহায্যকারী হইবে না।

فَاٰمَنَ لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّيْ مُهَاجِرٌ اِلٰى رَبِّيْ ۭ اِنَّهٗ هُوَ

ফাআ-মানা লাহূ লূৎ ॥ অক্বা-লা ইন্নী মোহাজ্বেরোন্ এলা- রাব্বী। ইন্নাহূ হুঅল্

লূৎ তাঁহার (ইব্‌রাহীমের) প্রতি বিশ্বাসস্থাপন করিয়াছিলেন। আর তিনি (ইব্‌রাহীম) বলিলেন, আমি দেশত্যাগ করিয়া আমার প্রভুর (ইচ্ছামত স্থানে) দিকে প্রস্থান করিব। নিশ্চয় তিনি

الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝ وَوَهَبْنَا لَهٗٓ اِسْحٰقَ وَيَعْقُوْبَ وَجَعَلْنَا فِيْ

আযীযোল্ হাক্বীম্। অ অহাব্‌না লা—হূ এছ্‌হা-ক্বা অ য়্যা'ক্‌ূবা অ জ্বাআল্‌না ফী

পরাক্রমশালী ও জ্ঞানবান। আর আমি তাঁহাকে (ইব্‌রাহীমকে পুত্ররূপে) এছ্‌হাক ও (পৌত্ররূপে) ইয়াকুবকে প্রদান করিলাম

ذُرِّيَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَيْنٰهُ اَجْرَهٗ فِي الدُّنْيَا ۚ

জোর্রীয়্যাতেহিন্ নুবূঅতা অল্ কেতা-বা অ আ-তায়্‌না-হু আজ্‌রাহূ ফিদ্‌দুন্‌য়্যা-,

এবং আমি তাঁহার বংশের নবুঅৎ ও ধর্ম্মগ্রন্থ প্রচলিত রাখিয়াছি এবং তাঁহাকে ইহজগতেই প্রতিদান দিয়াছি,

وَاِنَّهٗ فِي الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِيْنَ ۝ وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ

অ ইন্নাহূ ফিল্ আ-খেরাতে লামেনাছ্ ছা-লেহীন্। অ লূতান্ এজ্ ক্বা-লা লেক্বাওমেহী—

এবং পরকালে নিশ্চয় তিনি সদাচারীদের মধ্যে পরিগণিত হইবেন। আর (হে নবী! তুমি বর্ণনা কর) লূতের ঘটনা, যখন তিনি তাঁহার সম্প্রদায়কে বলিলেন—

اِنَّكُمْ لَتَاْتُوْنَ الْفَاحِشَةَ ۡ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ

ইন্নাকুম্ লাতা'তূনাল্ ফা-হেশাতা, মা- ছাবাক্বাকুম্ বেহা- মেন্ আহাদেম্ মেনাল্

তোমরা যেরূপ চরম নির্লজ্জ কার্য্যে লিপ্ত রহিয়াছ, তোমাদের পূর্ব্বে বিশ্বজগতের কেহই এরূপ

الْعٰلَمِيْنَ ۝ اَىِٕنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ وَتَقْطَعُوْنَ السَّبِيْلَ ۙ وَتَاْتُوْنَ

আ-লামীন্। আএন্নাকুম্ লাতা'তূনার্ রেজ্বালা অ তাক্‌ত্বাউনাছ্ ছাবীলা, অ তা'তূনা

করে নাই। তোমরা কি (স্ত্রীলোককে ছাড়িয়া) বালকদের উপর (পুংসঙ্গমে) আপতিত হইতেছ এবং তোমরা 'রাহাযানী' (৬) কর ও

(৬) কোন কোন তফসীরকার تقطعون শব্দের অর্থ করিয়াছেন—প্রজনন বা বংশবৃদ্ধির পথ রুদ্ধ করা। ইহাতে—

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

فِىْ نَادِيْكُمُ الْمُنْكَرَ ط فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ

ফী না-দীকুমোল্ মোন্কার্? ফামা- কা-না জ্বাঅ-বা ক্বাওমেহী— ইল্লা— আন্

তোমাদের বৈঠকে বসিয়াও তোমরা ঐরূপ জঘন্য কার্য্য কর? অতঃপর ইহা ব্যতীত তাঁহার সম্প্রদায়ের আর কোন উত্তর ছিল না যে,

قَالُوا ائْتِنَا بِعَذَابِ اللّٰهِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ○ قَالَ رَبِّ انْصُرْنِىْ

ক্বা-লূ'তেনা- বেআ'জা-বেল্লা-হে ইন্ কোন্তা মেনাছ্ ছা-দেক্বীন্। ক্বা-লা রাব্বেন্ছোরনী

তাহারা বলিতে লাগিল—তুমি যদি সত্যবাদী হও তবে আমাদের নিকট আল্লা'র শাস্তি লইয়া আইস। (এবম্বিধ কথায়) লুৎ প্রার্থনা করিলেন, হে আমার প্রভু

ع ১৫ ৩ রুকু

عَلَى الْقَوْمِ الْمُفْسِدِيْنَ ع وَلَمَّا جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ

আলাল্ ক্বাওমেল্ মোফ্ছেদীন্। ع অ লাম্মা- জ্বা—আৎ রোছোলোনা— এব্রা-হীমা

এই পাপাচারী সম্প্রদায়ের সম্মুখীন হইতে আমাকে সাহায্য (বিজয়ী) করুন। আর যখন আমার ফেরেশতামণ্ডলী ইব রাহীমের নিকট

بِالْبُشْرٰى ۙ قَالُوْٓا اِنَّا مُهْلِكُوْٓا اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ ۚ

বেল্ বোশ্রা- ক্বা-লূ— ইন্না- মোহ্লেকূ— আহ্লে হা-জেহিল্ ক্বার্য়্যাতে,

(বার্দ্ধক্যে পুত্রসন্তান লাভের) শুভ-সংবাদ আসিয়া বলিল—আমরা এই নগরীর অধিবাসীগণকে বিধ্বস্ত করিয়া দিব,

اِنَّ اَهْلَهَا كَانُوْا ظٰلِمِيْنَ ۚ قَالَ اِنَّ فِيْهَا لُوْطًا ط قَالُوْا نَحْنُ

ইন্না আহ্লাহা কা-নূ জা-লেমীন্। ক্বা-লা ইন্না ফীহা- লূতা-। ক্বা-লূ নাহ্নো

যেহেতু উহার অধিবাসীরা হইতেছে মহাপাপী। তিনি (ইবরাহীম) বলিলেন, উহাতে লুৎও আছেন। তাহারা বলিল—

اَعْلَمُ بِمَنْ فِيْهَا ز لَنُنَجِّيَنَّهٗ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ز

আ'লামো বেমান্ ফীহা, লানোনাজ্জেয়্যান্নাহূ অ আহ্লাহূ— ইল্লাম্রাআতাহূ,

কে উহাতে আছে তাহা আমরা ভালরূপ অবগত আছি, আমরা তাঁহাকে তাঁহার ও পরিবারবর্গকে নিশ্চয় উদ্ধার করিয়া লইব

تقطعون السبيل ○ لتاتون الرجال

দুই স্থানের মর্ম্ম একই অপরাধ হয়। কিন্তু অনুবাদে প্রথম 'তাক্বত্বায়ূনা' শব্দের অর্থ 'রাহাজানী' গ্রহণ করা হইয়াছে। কারণ বিভিন্ন প্রামাণ্য তফসীর কর্ত্তৃক প্রমাণিত হইয়াছে যে, লুৎ (আঃ)-এর সম্প্রদায় বর্ণিত ঘৃণ্য পাপকার্য্য ব্যতীত পথিমধ্যে লোকদের ধন-প্রাণ লুণ্ঠন করিত।

CC-O. In Public Domain. Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ○ وَلَمَّآ اَنْ جَآءَتْ رُسُلُنَا لُوْطًا

কা-নাৎ মেনাল্ গ্বা-বেরীন্। অ লাম্মা— আন্ জ্বা—আৎ রোছোলোনা- লূতান্

তাঁহার পশ্চাদ্গামিনী (পাপীদের) স্ত্রী ব্যতীত। আর যখন আমার প্রেরিত ফেরেশ্তামণ্ডলী লূতের নিকট আসিল

سِيْٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالُوْا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ق

ছী—আ বেহিম্ অ দ্বা-ক্বা বেহিম্ জার্আঙ্ অ ক্বা-লূ লা তাখাফ্ অলা- তাহ্যান্,

তখন তিনি তাহাদের (আগমন) কারণ ব্যথিত হইলেন ও তাহাদের কারণ তিনি মনোক্ষুণ্ণ হইলেন অতঃপর তাহারা বলিল—আপনি ভীত অথবা

اِنَّا مُنَجُّوْكَ وَاَهْلَكَ اِلَّا امْرَاَتَكَ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ○

ইন্না- মোনাজ্জূকা অ আহ্লাকা ইল্লাম্রাআতাকা কা-নাৎ মেনাল্ গ্বা-বেরীন্।

ব্যথিত হইবেন না, তাহাদের (পাপীদের) পশ্চাদ্গামিনী আপনার স্ত্রী ব্যতীত নিশ্চয় আমরা আপনাকে ও আপনার পরিবারবর্গকে উদ্ধার করিব

اِنَّا مُنْزِلُوْنَ عَلٰٓى اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّمَآءِ

ইন্না- মোন্যেলূনা আলা— আহ্লে হা-জেহিল্ ক্বার্য়্যাতে রেজ্যাম্ মেনাছ্ ছামা—যে

নিশ্চয় আমরা এই নগরীর অধিবাসীদের উপর আকাশ হইতে শাস্তি অবতরণকারী

بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ○ وَلَقَدْ تَّرَكْنَا مِنْهَآ اٰيَةًۢ بَيِّنَةً

বেমা কা-নূ য়্যাফ্ছেক্বূন্। অলাক্বাৎ তারাক্না- মেন্হা— আ-য়্যাতাম্ বাইয়্যেনাতাল্

যেমন তাহারা জঘন্য পাপকার্য্য করিয়া থাকে (সুতরাং ফেরেশতাগণ উক্ত লোকালয়ে উৎখাৎ করিয়া দিল)। এবং আমি উহা হইতে এক স্পষ্ট শিক্ষণীয় নিদর্শন স্থায়ী রাখিলাম

لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ○ وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ

লেক্বাওমেঁই য়্যা'কেলূন্। অএলা- মাদ্য়্যানা আখা-হুম্ শোআয়্বান্ ফাক্বা-লা

জ্ঞানী সম্প্রদায়ের জন্য। আর (আমি নবীরূপে) মাদ্ইয়ান অভিমুখে তাহাদের (অধিবাসীদের) ভাই শোয়ায়েবকে (পাঠাইলাম) অতঃপর তিনি বলিলেন—

يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ وَارْجُوا الْيَوْمَ الْاٰخِرَ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ

ইয়্যা- ক্বাওমে'বো-দুল্লা-হা অর্জূল্ য়্যাওমাল্ আ-খেরা অলা- তাসাও ফিল্ আর্দ্বে

হে আমার সম্প্রদায়! তোমরা আল্লার উপাসনা কর ও পরকালের (বিপদের) ভয় রাখ এবং দেশে অশান্তি উপদ্রব করিয়া

مُفْسِدِيْنَ ○ فَكَذَّبُوْهُ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ

মোফ্ছেদীন্। ফাকাজ্জাবূহো ফাআখাজাৎহুমোর্ রাজ্ফাতো ফাআছ্বাহূ ফী

বেড়াইও না। অতঃপর তাহারা তাঁহাকে মিথ্যাবাদী জ্ঞান করিল সুতরাং তাহাদের উপর ভীষণ ভূমিকম্প আপতিত হইল, অতঃপর তাহারা

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

دَارِهِمْ جٰثِمِيْنَ ۝ وَعَادًا وَّثَمُوْدَا وَقَدْ تَّبَيَّنَ لَكُمْ

দা-রেহিম্ জ্বা-সেমীন্। অ আ-দাঙ্ অ সামুদা- অক্কাত্ তাবাইয়্যানা লাকুম্

তাহাদের আবাসে স্ব স্ব অবস্থায় মৃত্যুমুখে পতিত হইয়া রহিল। (৭) আর (আমি) 'আদ' ও 'সামুদ' সম্প্রদায়কেও বিনষ্ট করিয়াছি), এবং নিশ্চয় (হে মক্কাবাসী!) তোমাদের জন্য

مِّنْ مَّسٰكِنِهِمْ ۖ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ

মেম্ মাছা-কেনেহিম্, অ যাইয়্যানা লাহুমোশ্ শায়ত্বা-নো আ'মা-লাহুম্ ফাছাদ্দাহুম্

তাহাদের (উৎসন্ন) গৃহগুলি 'দর্শনীয়' হইয়া রহিয়াছে; আর শয়তান তাহাদের কার্য্যকলাপকে তাহাদের নিকট মনোরম করিয়া দেখাইয়াছিল, সুতরাং (এই কারণে) সে তাহাদিগকে সৎপথ হইতে বিরত রাখিয়াছিল

عَنِ السَّبِيْلِ وَكَانُوْا مُسْتَبْصِرِيْنَ ۝ وَقَارُوْنَ وَفِرْعَوْنَ وَهَامٰنَ ۖ

আনেছ্ ছাবীলে অ কা-নূ মোছ্তাব্ছেরীনা, অ ক্বা-রূনা অ-ফের্আওনা অ হা-মা-না,

অথচ তাহারা চক্ষুষ্মান ছিল। আর কারূন, ফেরাউন ও হামান (উহাদিগকেও আমি বিনষ্ট করিয়াছি;

وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ فَاسْتَكْبَرُوْا فِى الْاَرْضِ

অলাক্বাদ্ জ্বা—আহুম্ মূছা- বেল্ বাইয়্যেনা-তে ফাছ্তাক্বারূ ফিল্ আর্দ্বে

যদিও তাহাদের নিকট প্রকাশ্য নিদর্শনসহ (মোজেযা) মূছা আসিয়াছিলেন তথাপি তাহারা দেশে অহঙ্কারী হইয়া উঠিল।

وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ۝ فَكُلًّا اَخَذْنَا بِذَنْۢبِهٖ ۚ فَمِنْهُمْ مَّنْ

অমা- কা-নূ ছা-বেক্বীন্। ফাকোল্লান্ আখাজ্না-, বেজাম্বেহী- ফামেন্হুম্ মান্

অথচ তাহারা (আমা হইতে কোথাও) পলাইতে সক্ষম হয় নাই। সুতরাং আমি তাহাদের প্রত্যেককে নিজ নিজ গোনার কারণে ধৃত করিলাম, তন্মধ্যে কাহারও উপর (যেমন আদ সম্প্রদায়)

اَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ مَّنْ اَخَذَتْهُ الصَّيْحَةُ ۚ

আর্ছাল্না- আলায়্হে হা-ছেবা-; অ মেন্হুম্ মান্ আখাজাৎহুছ্ ছায়্হাতো,

ঘূর্ণিবাত্যাসহ প্রস্তর বর্ষণ করিলাম, এবং তন্মধ্যে কাহারও (সামুদ) উপর আকাশগর্জ্জনসহ বিদ্যুৎপাত হইল এবং তন্মধ্যে

وَمِنْهُمْ مَّنْ خَسَفْنَا بِهِ الْاَرْضَ ۚ وَمِنْهُمْ مَّنْ اَغْرَقْنَا ۚ وَمَا

অ মেন্হুম্ মান্ খাছাফ্না- বেহিল্ আর্দ্বা, অ মেন্হুম্ মান্ আগ্রাক্না-, অমা-

কাহাকেও (কারূন) মৃত্তিকায় প্রোথিত করিলাম ও তন্মধ্যে কাহাকেও (নূহের সম্প্রদায় ও ফেরাউনকে) নিমজ্জিত করিলাম এবং আল্লাহ্

(৭) অনুরূপ 'এবাদত' পবিত্র কোরআনে কতিপয় স্থানে পরিদৃষ্ট হয়। 'স্ব স্ব অবস্থায় মৃত্যুমুখে পতিত হইয়া রহিল' অর্থে আল্লাহ তায়ালার নির্দ্ধারিত শাস্তি তাহাদিগকে এরূপ অবসর দেয় নাই যে, তাহারা সেই অবসরে অন্যত্র সরিয়া পড়ে। বরং তাহারা যে যে অবস্থায় ছিল সেই অবস্থাতেই মৃত্যুমুখে পতিত হইল।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ۝

কা-নাল্লা-হো লেয়্যাজ্‌লেমাহুম্ অলা-কেন্ কা-নূ— আন্‌ফোছাহুম্ য়্যাজ্‌লেমূন্। তাহাদের প্রতি অত্যাচার করে নাই বরং তাহারা নিজেদের আত্মার প্রতি নিজেরাই অত্যাচার করিয়াছিল।

مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ

মাসালোল্ লাজ্বীনাত্তাখাজূ মেন্ দূনেল্লা-হে আওলেয়্যা—আ কামাসালেল্ আন্‌কাবূতে যাহারা আল্লা'কে ছাড়িয়া অন্যকে রক্ষাকারীরূপে গ্রহণ করিয়াছে তাহাদের দৃষ্টান্ত ঐরূপ যেরূপ দৃষ্টান্ত মাকড়সার যে,

اِتَّخَذَتْ بَيْتًا ۭ وَاِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ

এত্তাখাজাৎ বায়্‌তা-। অ ইন্না আও্‌হানাল্ বোইউ্‌তে লাবায়্‌তোল্ আন্‌কাবূৎ॥

সে গৃহ নির্ম্মাণ করিল। নিশ্চয় সকল গৃহাপেক্ষা মাকড়সার গৃহ অভিক্ষণভঙ্গুর!

وقف لازم

لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ۝ اِنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مِنْ

লাও্ কা-নূ য়্যা'লামূন্। ইন্নাল্লা-হা য়্যালামো মা- য়্যাদ্‌য়ূনা মেন্ দূনেহী- মেন্

পরিতাপ! তাহারা যদি (এতটুকুও) জ্ঞান রাখিত! আল্লা'কে ছাড়িয়া তাহারা যাহাদিগকে আহ্বান করে নিশ্চয় আল্লা'হ্ তাহা জ্ঞাত আছেন।

شَيْءٍ ۭ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝ وَتِلْكَ الْاَمْثَالُ نَضْرِبُهَا

শাইয়্যে। অ হুঅল্ আযীযোল্ হাকীম্। অ তেল্‌কাল্ আম্‌সা-লো নাদ্‌রেবোহা-

আর তিনি পরাক্রমশালী ও জ্ঞানবান। আর আমি এই সমস্ত দৃষ্টান্ত লোকেদের (বুঝিবার) জন্যই বর্ণনা করিতেছি,

لِلنَّاسِ ۚ وَمَا يَعْقِلُهَآ اِلَّا الْعٰلِمُوْنَ ۝ خَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ

লেন্না-ছে, অমা- য়্যাকেলোহা— ইল্লাল্ আ-লেমূন্। খালাকা-ল্লা-হোছ্ ছামা-অ-তে

এবং উহা জ্ঞানিগণ ব্যতীত কেহ বুঝিতে পারে না আল্লাহ্ আকাশ ও পৃথিবীকে যথাযথ সত্যসহ

وَالْاَرْضَ بِالْحَقِّ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّلْمُؤْمِنِيْنَ ۝

অল্ আর্‌দ্বা বেল্ হাক্। ইন্না ফী জা-লেকা লা- আ-য়্যা-তাল্ লেল্ মো'মেনীন্।

সৃজন করিয়াছেন। ধর্ম্মবিশ্বাসীদের জন্য ইহাতে শিক্ষণীয় নিদর্শন (বিদ্যমান) রহিয়াছে।

ع ১৬ — ৪ রুকু

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

২০শ পারা—আম্মান্ খালাকা

সূচী-পত্র

	বিষয়—			পৃষ্ঠা
১।	একত্বের প্রমাণ—			
	ছুরা—আন্ নমল্, ৫ম রুকু, ১ম হইতে ৫ম আয়ত	...		১০৮৯
	আম্মান্ খালাকা হইতে ছা-দেক্কীন্ পর্য্যন্ত।			
২।	পবিত্র কোরআনের ঐতিহাসিক বৈশিষ্ট্য—			
	ঐ ছুরা, ৬ষ্ঠ রুকু, ১০ম হইতে ১১শ আয়ত	...	...	১০৯৩
	ইন্না হা-জাল্ হইতে মোবীন্ পর্য্যন্ত।			
৩।	কেয়ামতের পূর্ব্বলক্ষণ—			
	ঐ ছুরা, ঐ রুকু, ১৬শ আয়ত,	...	...	১০৯৪
	অ এজা- হইতে লা ইউ্কেনূন্ পর্য্যন্ত।			
৪।	সৎ ও অসৎকার্য্যের পরিনাম—			
	ঐ ছুরা, ৭ম রুকু, ৭ম হইতে ৮ম আয়ত,	...	...	১০৯৬
	মান্ জা—আ:হইতে তা'মালূন্ পর্য্যন্ত।			
৫।	হজরত মুছা (আঃ)-এর জন্মবৃত্তান্ত ও মাতৃস্নেহ—			
	ছুরা—কাছাছ, ১ম রুকু, ৩য় হইতে ১৩শ আয়ত,	...		১০৯৮
	নাৎলূ আলায়্কা হইতে লা- য়্যালামূন্ পর্য্যন্ত।			
৬।	হজরত মুছা (আঃ)-জাতীয়তা প্রীতি—			
	ঐ ছুরা, ২য় রুকু, ২য় আয়ত,	...	...	১১০২
	অদাখাল্ মাদীনাতা হইতে মোবীন্ পর্য্যন্ত।			
৭।	হজরত মুছা (আঃ)-এর হত্যার পরামর্শ—			
	ঐ ছুরা ঐ রুকু, ৭ম হইতে ৮ম আয়ত,	..	...	১১০৩
	অ জা—আ রাজ্জোলোম্ হইতে জা-লেমীন্ পর্য্যন্ত।			
৮।	হজরত মুছা (আঃ)-এর সংযমসাধনা ও বিবাহ—			
	ঐ ছুরা ৩য় রুকু, ৫ম হইতে ১০ম আয়ত,	...	...	১১০৫
	ফাজ্জা—আৎহু হইতে অকীল্ পর্য্যন্ত।			

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

বিষয়			পৃষ্ঠা
৯।	ফেরাউনের রাজ-প্রাসাদ— ঐ ছুরা, ৪র্থ রুকু, ১০ম আয়ত,	... ...	১০০৯
	অ ক্বা-লা হইতে মেনাল্ কা-জেবীন্ পর্য্যন্ত।		
১০।	কেয়ামতের সংবাদ— ঐ ছুরা ৭ম রুকু, ১ম হইতে ৬ষ্ঠ আয়ত,	... ...	১০১৬
	অ য়্যাওমা হইতে য়্যাতাছা—আলূন্ পর্য্যন্ত		
১১।	কারূনের বিবরণ ও রসায়ন-বিদ্যা— ঐ ছুরা, ৮ম রুকু, ১ম হইতে ২য় আয়ত,	... ...	১০১৯
	ইন্না কারূনা হইতে মোফ্ছেদীন্ পর্য্যন্ত।		
১২।	পিতামাতার আদেশপালন— ছুরা—আন্কাবূৎ ১ম রুকু, ৮ম আয়ত,	... ...	১০২৫
	অ অছ্ছায়্নাল্ তা'মালূন্ পর্য্যন্ত		
১৩।	মোনাফেকের প্রবঞ্চনা— ঐ ছুরা, ঐ রুকু, ১০ম হইতে ১৩শ আয়ত,	... ...	১০২৬
	অ মেনান্না-ছে হইতে য়্যাফ্তারূন্ পর্য্যন্ত।		
১৪।	মৃত্যুর পরে পুনরুত্থান— ঐ ছুরা, ২য় রুকু, ৬ষ্ঠ হইতে ৮ম আয়ত,	...	১০২৮
	আ অলাম্ য়্যারাও্ হইতে তোক্লাবূন্ পর্য্যন্ত।		
১৫।	হজরত ইব্রাহীম (আঃ)-এর দৃঢ়তা— ঐ ছুরা ৩য় রুকু, ২য় হইতে ৩য় আয়ত,	... ...	১০২৯
	ফামা কা-না জ্বাঅ-বা হইতে না-ছেরীন্ পর্য্যন্ত।		
১৬।	হজরত লুৎ (আঃ)-এর সম্প্রদায়ের দুর্নীতি পরায়ণতা— ঐ ছুরা ঐ রুকু, ৬ষ্ঠ হইতে ৮ম আয়ত,	... ...	১০৩০
	অ লূত্বান্ হইতে ছা-দেকীন্ পর্য্যন্ত		
১৭।	ধ্বংস প্রাপ্ত সম্প্রদায়— ঐ ছুরা, ৪র্থ রুকু, ৭ম হইতে ১১শ আয়ত,	... ...	১০৩২
	ফাকাজ্জাবূহো হইতে য়্যাজ্লেমূন্ পর্য্যন্ত।		

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ ছাহেবের—

বঙ্গানুবাদ খোতবায় এলমী

মূল আরবী ও বাংলায় উচ্চারণ সহ জুমা, ঈদ ও নেকাহের বৃহৎ খোতবা

ইহাতে আধুনিক ও সহজ পদ্ধতিতে উচ্চারণ সম্বলিত এবং প্রয়োজনীয় ব্যাখ্যাসহ নিখুঁতভাবে অনুদিত ৩০টি খোতবা আছে। সর্ব্বপ্রিয় ও বহুপ্রচলিত খোতবায় এলমীর খোতবাসমূহ ছাড়াও হজরত মওলানা ইসমাঈল শহীদ সাহেব ও বিশ্ববিশ্রুত মওলানা ইবনে নাবাতারও ২টি করিয়া খোতবা ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মূল্য ২৲ টাকা মাত্র।

— মাদ্রাসা স্কুলের —

* পঞ্চভাষা ওয়ার্ড বুক *

একত্রে ইংরাজি, বাঙ্গলা, আরবি, ফারসি ও উর্দু এই পাঁচ ভাষার ওয়ার্ডবুক। এই ওয়ার্ডবুক ছাপা হওয়ায় বঙ্গীয় মুছলমান ছাত্র-ছাত্রীদিগের একটি অতি দরকারী অভাব পূরণ হইল।

মূল্য ৸৹ আনা মাত্র।

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ ছাহেবের—

বঙ্গানুবাদ দোয়া গঞ্জল আর্‌শ ও দরুদ আকবর

প্রথমে এক লাইন আরবি ও আরবির নিম্নে আরবির বাংলা উচ্চারণ ও তাহার নিম্নে বাংলা অনুবাদ দেওয়া হইয়াছে। মূল্য ১।০ আনা।

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ ছাহেবের—

— বঙ্গানুবাদ পাঞ্জেছুরা —

পাঞ্জেছুরার কোন্ ছুরার কি মাহাত্ম্য এবং প্রত্যেক ছুরার মূল আরবি ও আরবির সম্পূর্ণ বাংলা উচ্চারণ সহ বঙ্গানুবাদ করা হইয়াছে। ইহাতে তেলাওয়াতের সঙ্গে সঙ্গেই অর্থবোধ হইয়া যাইবে।

মূল্য ১।০ আনা মাত্র

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ ছাহেবের—

কোরআনের দোয়া ও আমালিয়ত

কোরআন শরীফ এক অমূল্য রত্ন। ইহার কোন্ আয়েত আমল করিলে কি ফল পাওয়া যায়, সে সমস্ত বিষয় সরল ভাষায় লিখিত হইয়াছে। সাধারণ মোছলমান ভ্রাতা-ভগ্নিগণের উপকারার্থে মূল আরবী আয়াতের সঙ্গে সঙ্গে বাংলা অক্ষরে তাহার উচ্চারণ লিখিয়া দেওয়া হইয়াছে। ইহা দ্বারা সহজে কামালিয়াত হাছেল করা যায়। সমস্ত দোয়া আয়ত পরীক্ষিত—১ম খণ্ড ।৶০, ২য় খণ্ড ।৶০, ৩য় খণ্ড ।৶০, ৪র্থ খণ্ড ।৶০ আনা।

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ

— —

৫নং, হাজী লেন, কলিকাতা।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha

বঙ্গের শ্রেষ্ঠ পীর হাদিয়ে জামা'ন

জনাব মওলানা শাহ সুফী হাজি মোহাম্মদ আবুবকর সাহেব মরহুম মগফুর ও বিশিষ্ট ওলামা এবং শিক্ষিত ধার্ম্মিক সমাজ কর্ত্তৃক অনুমোদিত ও প্রশংসিত।

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ সাহেবের—

বঙ্গানুবাদ কোরআন শরীফ

মূল আরবী এবং বাংলা উচ্চারণ ও তফছীরসহ প্রকাশিত হইয়াছে।

প্রত্যেক পারা পৃথক পৃথক সম্পূর্ণ কোরআন শরীফ (৩০ পারা) ত্রিশ খণ্ডে সমাপ্ত।

ইহাতে প্রথমে মূল আরবী, আরবীর নিম্নে বাংলায় উচ্চারণ ও উহার নিম্নে ব্যাখ্যাসহ অনুবাদ এবং পৃষ্ঠার নিম্নে টীকা প্রদত্ত হইয়াছে। ইহাতে আরবী না জানিলেও বাংলার সাহায্যে সকলে সহজে আল্লার বাণী কোরআন শরীফ তেলায়ৎ ও উহার মর্ম্ম অবগত হইতে সক্ষম হইবেন। সাধারণের সুবিধার জন্য প্রত্যেক পারা পৃথক পৃথক ভাবে প্রকাশ করা হইয়াছে।—

হাদিয়া প্রত্যেক পারা ৸০ বার আনা, সম্পূর্ণ ৩০ পারা ২২৷৷০ টাকা ও পাকা বাঁধাইসহ ২৬৲ টাকা মাত্র।

— কয়েকখানি ভালভাল পুস্তক —

কোর্‌আনের দোয়া ও আমালিয়াত ৪ খণ্ডে সমাপ্ত, প্রতি খণ্ড	।৶০	বঙ্গানুবাদ খোতবায় এলমী —	২৲
আল্লার নাম-মাহাত্ম্য ...	।০	বঙ্গানুবাদ দোয়া গঞ্জল আর্‌শ ও দরুদ আকবর ...	১।০
হজরত বড়পীর সাহেব বর্ণিত বেহেশ্‌ত ও দোজখ ...	১৵০	বঙ্গানুবাদ পাঞ্জেছুরা ...	১।০
		পঞ্চভাষা ওয়ার্ডবুক ...	৸৵০

মওলবী মোহাম্মদ নকীবউদ্দীন খাঁ

৫নং, হাজী লেন, কলিকাতা।

CC-O. In Public Domain.Digitized By Siddhanta eGangotri Gyaan Kosha